# আজকাল



সেঁজুতি হাসপাতাল
NABH স্বীকৃত
কম খরচে সঠিক চিকিৎসা পরিষেবা
৯৭৩২৫ ৯৭৬৫৩, ৯০৭৩৮ ৮১৮৭৪,
৯৩৩৯৭ ৫৪৪৩০, ৯৭৩৩০ ২৫০৫২
মৌলালী, তালতলা, কলকাতা–১৩




কাল ছিল হেমন্ত মুখোপাধ্যায়ের ১০৭তম জন্মদিন। নানা অনুষ্ঠানে স্মরণ করা হল



জিআই ট্যাগ পেল ত্রিপুরার সারিন্দা



‘নান্দীকার’-এর নতুন নাটক। সংস্কৃতি পাতায়



জুনের প্রথমে প্যারিস উৎসবে হয়ে ওঠে স্বপ্নপুরী


www.aajkaal.in | কলকাতা ২ আষাঢ় ১৪৩৩ বুধবার ১৭ জুন ২০২৬ শহর সংস্করণ* ৫.০০ টাকা ১৪ পাতা | পশ্চিমবঙ্গের বাইরে অতিরিক্ত বিমান মাশুল ১ টাকা




অনুশীলনে খোশমেজাজে ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। ছবি: এএফপি

## অধরা কাপ অভিযানে রোনাল্ডো

আজকালের প্রতিবেদন

দু’দশক আগের কথা। সালটা ২০০৬। তারিখ ১১ জুন। রেইন এনার্জি স্টেডিয়ামে অ্যাঙ্গোলার বিরুদ্ধে বিশ্বকাপে অভিষেক হয়েছিল মাদেইরার ২১ বছরের তরুণের। এক ঘণ্টা মাঠে ছিলেন। পর্তুগালের ১–০ ফলে জয়ে স্কোরবোর্ডে নাম তুলতে পারেননি। কিন্তু সেই গতিশীল প্রাণবন্ত ফরোয়ার্ড মোহিত করেছিলেন। পরের ম্যাচেই ইরানের বিরুদ্ধে পেনাল্টি থেকে গোল। বিশ্বকাপে প্রথম। ২০ বছর পরেও দেশের জার্সিতে ছুটছেন, লড়ছেন সেদিনের তরুণ। কাঠিন্যের মোড়কে নিজেকে এমন ভাবে গড়েছেন, যে তাঁকে উপেক্ষা করার স্পর্ধা দেখাতে পারেনি কেউ। দীর্ঘ সময়েও মেটেনি তাঁর সাফল্যের খিদে। মিটবে কীভাবে? ব্যক্তিগত নজিরের ছড়াছড়ি। কিন্তু ফুটবলগ্রহের সর্বশ্রেষ্ঠ পুরস্কার তাঁর অধরা। তাই কেরিয়ারের সায়াহ্নে এসেও একই রকম লড়াকু ক্রিশ্চিয়ানো রোনাল্ডো।

রেকর্ড ষষ্ঠ বিশ্বকাপে নামবেন। এই কি শেষ? ৪১–এও যে থামার লক্ষণ নেই। তাঁকে নিয়ে যতবার শেষ লেখার কথা ঘোষণা হয়েছে, প্রতিবার ফিরে এসেছেন সব জল্পনা ভুল প্রমাণ করে। তাঁর অদম্য জেদ, তিনি দলে থাকলে সতীর্থদের মধ্যে সংক্রমিত হয়। আর তাই শুধু মানসিক শক্তিতে নয়, এই বিশ্বকাপে পর্তুগিজ দল ধারে–ভারে কোনও অংশে কম নয়। তবু চিন্তা থাকছে। প্রতিযোগিতার শুরু থেকে একের পর এক অঘটন দেখে ফুটবলপ্রেমীরা বলতে শুরু করেছেন, এটা আন্ডারডগদের বিশ্বকাপ। বুধবার রাতে হিউস্টন স্টেডিয়ামে পর্তুগালের সামনে আন্ডারডগ হিসেবেই নামছে ডিআর কঙ্গো। ফিফা ক্রমতালিকায় ৫ বনাম ৩৫–এর লড়াই। আফ্রিকা থেকে কাপযুদ্ধে সুযোগ পাওয়া দুর্বল কেপ ভার্দে স্পেনকে রুখে চমক দিয়েছে। একই মহাদেশের ডিআর কঙ্গো নিশ্চয়ই সেই ম্যাচ থেকে প্রেরণা নেবে।

দীর্ঘ ফুটবল যাত্রায় সমালোচনা তাঁর সহযাত্রী। বিশ্বকাপ শুরুর আগেও কম সমালোচিত হননি। প্রস্তুতি ম্যাচগুলিতে রোনাল্ডো বেশ কিছু সহজ গোলের সুযোগ নষ্ট করেন। সেই নিয়ে বিশেষজ্ঞ মহলের একাংশের ব্যাখ্যা, বয়সের সঙ্গে তাঁর গতি কমেছে। ক্ষীপ্রতায় মরচে ধরেছে। তাই ফিনিশিংয়েও সমস্যা হচ্ছে। সিদ্ধান্তহীনতাতেও ভুগছেন বলে অনেকের দাবি। অনেকের আবার অভিযোগ, গোলের সামনে সতীর্থরা সুবিধেজনক জায়গায় থাকা সত্ত্বেও পাস বাড়াচ্ছেন না। কয়েক দিন আগে সমালোচনার পাল্টা দিয়ে রোনাল্ডো বলেছেন, ‘আমার ফিটনেসে সমস্যা! প্রস্তুতি ম্যাচগুলি কি কেউ দেখেনি?’ বিশ্বকাপে ৮ গোল করেছেন। নামের প্রতি এই পরিসংখ্যান সুবিচার করে না। পারফরমেন্সের জন্যেই শেষ বিশ্বকাপে নকআউট পর্বে প্রথম একাদশ থেকে বাদ পড়েছিলেন। সেই নিয়ে কোচ ফার্নান্ডো স্যান্টোসের সঙ্গে রোনাল্ডোর মতবিরোধ নিয়ে জোর চর্চা হয়েছিল।

আপাতত কেরিয়ারে ৯৭৩ গোলের মালিক। ১০০০ গোলের মাইলফলকের দিকে এগোচ্ছেন। কিন্তু গত বছর ১৫ অক্টোবর হাঙ্গেরির বিরুদ্ধে বিশ্বকাপের যোগ্যতা অর্জন পর্বে জাতীয় দলের জার্সিতে শেষ গোল করেছিলেন রোনাল্ডো। বুধবার গোল পেলে ছ’টি আলাদা বিশ্বকাপে গোল করা একমাত্র ফুটবলার হবেন তিনি। এবার শুধু রোনাল্ডোর দিকে তাকিয়ে থাকলে বাকিদের প্রতি অন্যায় হবে। ব্রুনো ফার্নান্ডেজ, বার্নার্ডো সিলভা, ভিটিনহা, জোয়াও নেভেস, জোয়াও ক্যানসেলো, নুনো মেন্ডেস...পর্তুগিজ দলে তারকাদের সম্ভার। সাম্প্রতিক কালে পর্তুগালের সেরা স্কোয়াড। চ্যাম্পিয়ন হওয়ার যাবতীয় মশলা মজুত রয়েছে। কোচ রবার্তো মার্টিনেজ দলের গভীরতা কীভাবে কাজে লাগান, সেটাই দেখার।

রক্ষণ গুছিয়ে প্রতি–আক্রমণে ঝাঁকুনি দেওয়া, বিশ্বকাপে এই ফর্মুলায় সাফল্য পাচ্ছে দুর্বল দলগুলি। ডিআর কঙ্গোর থেকেও এমনই ফুটবল আশা করা যায়। শুরুতে গোল খাওয়া চলবে না। পর্তুগালের ধৈর্যের পরীক্ষা নিতে হবে। সহজে গোল না পেলে পর্তুগাল ভুল করতে পারে। সেটার সুযোগ নিতে হবে সেবাস্টিয়েন ডেসাব্রের ছেলেদের।

### আজ বিশ্বকাপে

অস্ট্রিয়া : জর্ডন (সকাল ৯–৩০)
পর্তুগাল : কঙ্গো (রাত ১০–৩০)
ইংল্যান্ড : ক্রোয়েশিয়া (রাত ১–৩০)

**কাল** ঘানা : পানামা (ভোর ৪–৩০)

ইউনাইট ৮ স্পোর্টস। লাইভ স্ট্রিমিং জি৫








মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর হাতে কাঞ্চনজঙ্ঘার ছবি তুলে দিচ্ছেন সাংসদ রাজু বিস্তা। মঞ্চে আছেন মন্ত্রী নিশীথ প্রামাণিক, সিপিআরএম নেতা জেবি রাই। কার্শিয়াঙে, মঙ্গলবার। ছবি: পিটিআই

## পাহাড়ের উন্নয়নের পাশে সরকার: মুখ্যমন্ত্রী

অলক সরকার

কার্শিয়াং, ১৬ জুন

‘পাহাড়ের উন্নয়নে আগের সরকার ১৮০ কোটি টাকা বরাদ্দ করলেও কাজ কিছুই হয়নি। এখন ডাবল ইঞ্জিনের সরকার, বরাদ্দও দ্বিগুণের বেশি হবে। এই প্রতিশ্রুতি দিচ্ছি।’ প্রথম বার পাহাড়ে এসে একথা স্পষ্ট জানিয়ে দিলেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। একই সঙ্গে একথাও বলে দিলেন, ‘পাহাড়ে আমি ঘুরতে আসব না, উন্নয়ন করতে আসব।’ সেইসঙ্গে জিটিএর টাকা কোথায় গেল, তার পূর্ণাঙ্গ তদন্ত হবে বলেও এদিন কার্শিয়াঙে পরিষ্কার জানিয়ে দিয়ে গেলেন।

মঙ্গলবার কার্শিয়াঙের মন্টেভিডিউ ময়দানে নতুন মুখ্যমন্ত্রীকে উষ্ণ অভ্যর্থনা জানাতে বাঁধা হয়েছিল মঞ্চ। সেখানে হাজির ছিলেন পাহাড়ের বিভিন্ন আঞ্চলিক দলের নেতারাও। ছিলেন উত্তরবঙ্গ উন্নয়ন মন্ত্রী নিশীথ প্রামাণিক, স্বরাষ্ট্র দপ্তরের রাষ্ট্রমন্ত্রী বিশাল লামা, অর্থ দপ্তরের রাষ্ট্রমন্ত্রী আনন্দময় বর্মন, সাংসদ রাজু বিস্তা, হর্ষবর্ধন শ্রিংলা, বিধায়ক সোনম লামা,


● এরপর ৩ পাতায়



■ বৃহস্পতিবার বিধানসভা, সোমবার বাজেট, অধ্যক্ষের নেতৃত্বে সর্বদলীয় বৈঠক

■ সিআইডি দপ্তরে

**ভেতরে**

দীর্ঘক্ষণ অভিষেক

■ আজ ‘মায়ের ঘাটে’ পরিদর্শনে মুখ্যমন্ত্রী

■ ডিম ছোড়ার নিন্দা করে শাহকে চিঠি সৌগতর

■ কাফ সিরাপ কিনতে লাগবে প্রেসক্রিপশন







## এমবাপে ম্যাজিকেই জয়ী ফ্রান্স

| | |
|---|---|
| ৩ | ফ্রান্স |
| | এমবাপে ২, বার্কোলা |
| ১ | সেনেগাল |
| | এমবায়ে |

রাজর্ষি গাঙ্গুলি

ধারাভাষ্যকাররা বারবার বলছিলেন ২০০২–এর ঐতিহাসিক ম্যাচের কথা। বিশ্বকাপে অভিষেক ম্যাচে চ্যাম্পিয়নের তকমা নিয়ে নামা ফ্রান্সকে হারিয়েছিল সেনেগাল। মঙ্গলবার রাতে ফ্রান্স নেমেছিল সেই ইতিহাস বদলানোর চ্যালেঞ্জ নিয়ে। গত বিশ্বকাপের শেষ মুহূর্তে অসমাপ্ত থেকে যাওয়া কাজটা শেষ করার দৌড় শুরু করতে। প্রথমার্ধে বাজে ফুটবল। বিরতির পর অন্য ফ্রান্স। তবে, যে দলে কিলিয়ান এমবাপে আছেন, তাদের ম্যাচ বের করতে একটা অর্ধই যথেষ্ট। এমবাপের জোড়া গোল। অন্য গোলটি ব্র্যাডলি বার্কোলার। ফ্রান্স জিতল ৩–১ গোলে। সেনেগালের গোলদাতা ইব্রাহিম এমবায়ে। গোলের পর দুই হাত তুলে এমবাপে যেন বার্তা দিতে চাইলেন, তিনি স্পেশ্যাল। তাঁর সেই স্পেশ্যালিটির ওপর সওয়ার হয়ে শুরুতেই চ্যাম্পিয়ন হওয়ার স্বপ্ন দেখছে ফ্রান্স।

প্রথমার্ধে এমবাপেদের আটকে দেওয়ার ভালই পরিকল্পনা সাজিয়েছিলেন সেই ঐতিহাসিক ম্যাচে ফুটবলার হিসেবে রিজার্ভ বেঞ্চে থাকা, বর্তমান সেনেগাল কোচ পাপে থিয়াও। সেই ম্যাচের একমাত্র গোলদাতা পাপা বৌবা দিওপ দেশে নায়ক হয়ে গিয়েছিলেন। এদিন মেটলাইফের প্রথমার্ধে দিওপ হতে পারতেন নিকোলাস জ্যাকসন। ২৫ মিনিটে গতিতে ফরাসি ডিফেন্ডার দায়ো উপামেকানোকে গতিতে টেনে নিয়ে গিয়ে শট নিলেন। লাগলো গিয়ে পোস্টে। ফিরতি বল ফরাসি গোলরক্ষক মাইগনানের পায়ে লেগে অদ্ভুতভাবে গোলে না ঢুকে বাইরে বেরিয়ে এল। সেনেগাল গ্যালারির সেই আক্ষেপ প্রথমার্ধের সংযুক্তি সময়ে বদলে গেল ক্ষোভে। যখন ফাঁকা গোলের সামনে দাঁড়িয়ে বল বাইরে মারলেন সেনেগালের ইসমাইলা সার।

বিরতি পর্যন্ত ফ্রান্স খেলাতেই ছিল না। বিরতিতে দিদিয়ের দেশঁর কড়া ওষুধের পর ফ্রান্সের খেলা খুলে যায়। ৫৩ এবং ৫৭ মিনিট। প্রথমে মাইকেল ওলিসে এবং তারপর এমবাপের শট দুরন্ত দক্ষতায় বাঁচান ফ্রান্সে জন্মানো সেনেগালের গোলরক্ষক এডোয়ার্ড মেন্ডি। তবে ফ্রান্স আক্রমণ তখন ভরা বর্ষার তিস্তার মতো। ৬৬ মিনিটে ভাঙল প্রতিরোধ। ভাঙলেন সেই এমবাপে। গত বিশ্বকাপের গোল্ডেন বুট জয়ী দারুণ প্লেসমেন্টে মেন্ডিকে পরাস্ত করলেন। যদিও এরপরের আক্রমণেই গোল করেছিল সেনেগাল। তা বাতিল অফসাইডের জন্য। ৮২ মিনিটে দ্বিতীয় গোল ফ্রান্সের বার্কোলার। সংযুক্তি সময়ের পঞ্চম মিনিটে ইব্রাহিম এমবায়ের গোলে সেনেগাল যে স্বপ্ন দেখতে শুরু করেছিল, সেই স্বপ্ন পরের মিনিটেই দূরপাল্লার দুরন্ত শটে গোল করে ভেঙে দিলেন এমবাপে। এই গোলের পর তিনি অলিভার জিরৌদকে টপকে ফ্রান্সের সর্বোচ্চ গোলদাতা। বিশ্বকাপে গোলের নিরিখে টপকালেন পেলে, লিও মেসিকে। মাত্র ২৭–এই।



বাঁশুরিয়া। ফ্রান্সকে এগিয়ে দিয়ে অভিনব সেলিব্রেশন এমবাপের।



দুর্গাপুরে সিটি সেন্টারের বাসস্ট্যান্ড এলাকায় আবর্জনা পরিষ্কার করছেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। ছবি: প্রতিবেদক

# নিজে ঝাড়ু হাতে আবর্জনা পরিষ্কার করলেন অগ্নিমিত্রা

**আবির রায়**
দুর্গাপুর, ১৬ জুন

সকালে দুর্গাপুরে সিটি সেন্টারের বাসস্ট্যান্ড সংলগ্ন এলাকায় ঝাড়ু দিয়ে আবর্জনা পরিষ্কার করলেন পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল। তিনি বলেন, 'শহর আরও পরিচ্ছন্ন, স্বাস্থ্যসম্মত করতে হবে। প্রকাশ্যে আবর্জনা, পানের পিক ফেলা, নোংরা করার প্রবণতা রুখতে চালু হতে চলেছে কড়া নজরদারি। নিয়ম ভাঙলে আর্থিক জরিমানা–সহ প্রশাসনিক ব্যবস্থা নেওয়া হবে।' মঙ্গলবার সকালে দুর্গাপুরের সিটি সেন্টার বাসস্ট্যান্ড চত্বরে বিশেষ পরিচ্ছন্নতা ও সচেতনতা কর্মসূচি হয়।

এদিন দুর্গাপুরের সিটি সেন্টারের সৃজনী প্রেক্ষাগৃহে পাঁচ জেলার আধিকারিকদের নিয়ে বৈঠকে মন্ত্রী স্পষ্ট জানিয়ে দেন, 'বর্ষায় কোথাও যাতে জল জমে মানুষের অসুবিধে না হয়, তার জন্য এলাকাভিত্তিক দায়িত্ব বণ্টন করে আধিকারিকদের কাজ করতে হবে। নীচু এলাকার নিকাশি ব্যবস্থা আরও সক্রিয় করতে হবে। বর্ষাকালে বিদ্যুৎস্পৃষ্ট হওয়া, প্রাণহানি যাতে না ঘটে, নজর রাখতে হবে।' মন্ত্রী জানান, ডেঙ্গি মোকাবিলায় কড়া অবস্থান রাজ্য সরকারের। তাই বর্ষার শুরুতে বাড়তি নজরদারি চলছে। নিকাশি নালা পরিষ্কার রাখা, জমা জল অপসারণ এবং স্বাস্থ্য দপ্তরের সঙ্গে সমন্বয় রেখে কাজের নির্দেশ দেওয়া হয়েছে সংশ্লিষ্ট প্রশাসনিক কর্তাদের। বৈঠকে ছিলেন মন্ত্রী কলিতা মাঝি, মৌমিতা বিশ্বাস মিশ্র, দুর্গাপুর পূর্বের বিধায়ক চন্দ্রশেখর ব্যানার্জি, দুর্গাপুর পশ্চিমের বিধায়ক লক্ষ্মণচন্দ্র ঘড়ুই, পাণ্ডবেশ্বরের বিধায়ক জিতেন্দ্র তিওয়ারি, সাংসদ সৌমিত্র খাঁ–সহ পাঁচ জেলার একাধিক বিধায়ক, প্রশাসনিক আধিকারিক।

# ডিজে মন্তব্যে অভিষেককে জেরা

**আজকালের প্রতিবেদন**

ডিজে মন্তব্যে মঙ্গলবার তৃণমূল সাংসদ অভিষেক ব্যানার্জিকে জেরা করল সিআইডি। এদিন ৬ ঘণ্টা পর তিনি ভবানী ভবনের সিআইডি দপ্তর থেকে বেরিয়ে আসেন। সোজা চলে যান কালীঘাটে দলনেত্রী মমতা ব্যানার্জির বাড়ি। এর আগে গত রবিবার সিআইডি তাঁকে বিধানসভার সই কাণ্ডে জেরা করেছিল। সোমবার ইডি জেরা করে প্রাথমিকে নিয়োগ দুর্নীতি মামলায়। মঙ্গলবার নির্ধারিত সময়েই ভবানী ভবনে যান অভিষেক। প্রসঙ্গত, নির্বাচনী প্রচারে অভিষেক ভাষণে বলেছিলেন, '৪ তারিখের পর রবীন্দ্রসঙ্গীত বাজবে, ডিজেও বাজবে। এমন জোরে বাজবে, কান ঝালাপালা করে দেব'। তাঁর এই মন্তব্য নিয়ে অভিযোগ দায়ের হয়েছিল। ওই মন্তব্য উস্কানিমূলক বলে অভিযোগ করা হয়েছিল। তদন্তকারীরা তাঁকে বেশ কিছু প্রশ্ন করেন। এদিন কালীঘাটের বাড়ি থেকে সকাল ১১টা ৪৫ মিনিটে তিনি বেরিয়ে ভবানী ভবন যান।

# অভিষেকের বাড়িতে পুরকর্মীরা

**আজকালের প্রতিবেদন**

সাংসদ অভিষেক ব্যানার্জির কালীঘাট রোড ও হরীশ মুখার্জি রোডের বাড়ি মাপজোক করে দেখলেন কলকাতা পুরসভার বিল্ডিং দপ্তরের কর্মীরা। মঙ্গলবার অভিষেকের আইনজীবীর তরফ থেকে দেওয়া নথি অনুযায়ী যাচাই করে দেখতে অভিযান চালান পুরকর্মীরা। ১৮ মে অভিষেকের ১৭টি সম্পত্তিতে বেআইনি নির্মাণের অভিযোগে নোটিস পাঠায় পুরসভা। তাঁর বাড়ির সমস্ত নথি জমা করতে বলা হয়। এই নোটিস নিয়ে আদালতের দ্বারস্থ হন অভিষেক। ৭ দিনের মধ্যে সম্পত্তির সব নথি পুরসভায় জমা দিতে বলা হয়। এ নিয়ে আদালতের দ্বারস্থ হন সাংসদ। আদালতের নির্দেশ মতো পুরসভায় নথি জমা দেন তাঁর আইনজীবী। মঙ্গলবার সেই সব নথি নিয়ে দুটি বাড়ির মাপজোক করে দেখেন পুরকর্মীরা।

## ১৬ থেকে ২৩ জুন বন্ধ থাকবে সুন্দরবন ভ্রমণ

**আগামী এক সপ্তাহ পর্যটকদের জন্য বন্ধ থাকবে সুন্দরবন ভ্রমণ। মঙ্গলবার থেকে এই নির্দেশ কার্যকর হচ্ছে। সুন্দরবন টাইগার রিজার্ভের ফিল্ড ডিরেক্টরের কার্যালয় থেকে নির্দেশিকা দিয়ে এ খবর জানানো হয়েছে। নির্দেশিকায় বলা হয়েছে, প্রশাসনিক কারণে এবং সাধারণ মানুষ ও পর্যটকদের নিরাপত্তার স্বার্থে সুন্দরবন টাইগার রিজার্ভের অন্তর্গত সমস্ত ট্যুরিস্ট স্পট ১৬ থেকে ২৩ জুন পর্যন্ত বন্ধ থাকবে। এই সময়ের মধ্যে সমস্ত বুকিংও বাতিল করতে হবে। ট্যুর অপারেটর, নৌকা মালিক, লজ এবং সমস্ত হোটেল মালিককেও এই নির্দেশ কঠোর ভাবে মেনে চলার অনুরোধ করা হয়েছে। ২৪ জুন থেকে আবার সুন্দরবন ভ্রমণ চালু হয়ে যাবে বলেও এই নির্দেশিকায় জানানো হয়েছে।**

# কাল শুরু বিধানসভার অধিবেশন
# রাজ্য বাজেট সোমবার

**আজকালের প্রতিবেদন**

বৃহস্পতিবার থেকে শুরু হচ্ছে বিধানসভার অধিবেশন। সোমবার বাজেট পেশ। মঙ্গলবার বিধানসভার সর্বদল বৈঠক হল বিধানসভায়। তবে ডাক পেলেন না বালিগঞ্জের বিধায়ক শোভনদেব চট্টোপাধ্যায় এবং বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষকে। এদিন সর্বদলীয় বৈঠক ও কার্যনির্বাহী কমিটির বৈঠক ছিল। রাজ্যের পরিষদীয় মন্ত্রী শঙ্কর ঘোষ বলেন, 'আগের যাঁরা শাসক ছিলেন, তাঁদের জন্য তৎকালীন বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীকে ন'বার সাসপেন্ড হতে হয়েছিল। আমিও আট বার সাসপেন্ড হয়েছিলাম। সেই অধ্যায় পেরিয়ে এবার নতুন বিধানসভা হবে। বিরোধী দলের সকলেই এদিন উপস্থিত ছিলেন। বিরোধী দলনেতা হিসেবে এদিন ঋতব্রত ব্যানার্জি ছিলেন। আমরা চেষ্টা করব সংসদীয় গণতন্ত্রকে শক্তিশালী করার।' শোভনদেব চট্টোপাধ্যায় ও কুণাল ঘোষ এদিন সর্বদলীয় বৈঠকে ডাক পাননি। সে বিষয়ে কুণাল ঘোষ প্রতিক্রিয়ায় বলেন, 'ঠিক হয়নি। সবাইকে ডাকা উচিত ছিল।' এদিকে, ১৮ জুন থেকে বাজেট অধিবেশন শুরু হবে। এদিন সর্বদল বৈঠকে এসেছিলেন নওশাদ সিদ্দিকি, হুমায়ুন কবির, মুস্তাফিজুর রহমান। কেন শোভনদেব চট্টোপাধ্যায় ও কুণাল ঘোষকে ডাকা হল না, তা নিয়ে পরিষদীয় মন্ত্রী শঙ্কর ঘোষ বলেছেন, 'বিধানসভার অধ্যক্ষ বিধানসভার নিয়ম মেনেই যা করার করেছেন। রাজ্যের বিরোধী দলনেতা এবং বিরোধী দলের মুখ্য সচেতক, দু'জনকেই ডেকেছেন। অতএব কোনও বিতর্ক নেই। এদিকে, ১৮ জুন সকাল ১১টায় রাজ্যপালের ভাষণ দিয়ে অধিবেশন শুরু হবে। ২২ জুন বাজেট পেশ হবে। ১৯ জুন শোকপ্রস্তাব। ২৩ জুন রাজ্যপালের ভাষণের পর ছ'ঘণ্টা আলোচনা হবে। শঙ্কর ঘোষ এদিন জানিয়েছেন, 'আগে রাজ্যপালের ভাষণের ওপর আলোচনা হত না। আমরা চাই, সব রাজনৈতিক দল যেন উপস্থিত থাকে।'



বিধানসভায় সর্বদলীয় এবং বিএ কমিটির বৈঠক। রয়েছেন বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বসু, রাজ্য মন্ত্রিসভার বেশ কয়েকজন সদস্য এবং বিরোধী দলগুলির প্রতিনিধিরা। ছবি: সুবল সাহা

# পূর্ব মেদিনীপুর জেলা পরিষদে ২২ জুন সভাধিপতি নির্বাচন

**যজ্ঞেশ্বর জানা**
তমলুক, ১৬ জুন

পূর্ব মেদিনীপুর জেলা পরিষদের নতুন সভাধিপতি এবং সহ–সভাধিপতি নির্বাচনের দিনক্ষণ ঠিক হয়েছে। ২২ জুন এই নির্বাচন হবে। বিধানসভা নির্বাচনে তৃণমূলের ভরাডুবির পর গত ৫ জুন সভাধিপতি উত্তম বারিক এবং সহ–সভাধিপতি সুহাসিনী কর পদত্যাগ করেন। আইনি প্রক্রিয়া শেষ হতেই প্রশাসনের পক্ষ থেকে নতুন করে নির্বাচনের বিজ্ঞপ্তি জারি করা হয়েছে। বর্তমানে ৭০ আসনের এই জেলা পরিষদের রাজনৈতিক সমীকরণ বেশ জটিল। তৃণমূলের আসন সংখ্যা ছিল ৫৬। কিন্তু দলের দু'জন সদস্য মারা গেছেন। বাকি ৫৪ জনের মধ্যে একজন কর্মাধ্যক্ষ এখন পুলিশ হেফাজতে আছেন। অন্য আরেকজন কর্মাধ্যক্ষ নির্বাচনের পর থেকেই নিখোঁজ। তাঁর সঙ্গে কোনও যোগাযোগ করা যাচ্ছে না। বিজেপির সদস্য সংখ্যা ১৪। এই পরিস্থিতির মধ্যেই নতুন নির্বাচন হতে চলেছে। তৃণমূল কর্মাধ্যক্ষ তমালতরু দাস মহাপাত্র জানিয়েছেন, তিনি জেলা পরিষদের কাজ সচল রাখার জন্য বিজেপিকে সমর্থন জানাবেন।

## মহার্ঘ ভাতা নিয়ে ২ ভুয়ো নির্দেশিকা

**মুখ্যসচিবের নাম করে পর পর দুটি ভুয়ো নির্দেশিকা ঘিরে মঙ্গলবার চাঞ্চল্য ছড়াল সরকারি কর্মচারী মহলে। ওই ভুয়ো নির্দেশিকায় বলা হয়েছে, সরকারি কর্মচারীরা ২২ শতাংশ মহার্ঘ ভাতা পাবেন। নবান্ন সূত্রে খবর, এমন কোনও সিদ্ধান্ত হয়নি। তাছাড়া এভাবে মুখ্যসচিব মহার্ঘ ভাতা দেওয়ার কথা জানান না। সাধারণত অর্থ দপ্তর থেকে মহার্ঘ ভাতা সংক্রান্ত নির্দেশিকা প্রকাশিত হয়। এই ভুয়ো নির্দেশিকার পরিপ্রেক্ষিতে মুখ্যসচিবের নাম করে আরও একটি নির্দেশিকা বেরোয়। তাতে বলা হয়েছে মহার্ঘ ভাতা দেওয়ার বিষয়টি ঠিক নয়। সমাজমাধ্যমে এই সংক্রান্ত যেসব নির্দেশিকা ঘুরে বেড়াচ্ছে, তা যেন সরকারি কর্মী ও অবসরপ্রাপ্ত কর্মীরা বিশ্বাস না করেন। নবান্ন সূত্রে খবর এই দ্বিতীয় নির্দেশিকাটিও ভুয়ো। সমাজমাধ্যমে এই গুজব ছড়ানোর বিরুদ্ধে ব্যবস্থা নেবে প্রশাসন।**

# নতুন তথ্য অধিকর্তা অংশুল গুপ্তা

**আজকালের প্রতিবেদন**

নতুন তথ্য অধিকর্তা হলেন অংশুল গুপ্তা। ২০১৩ সালের ব্যাচের এই আইএএস পুর ও নগরোন্নয়ন দপ্তরের সিনিয়র স্পেশ্যাল সেক্রেটারি ছিলেন। কেইআইআইপি প্রজেক্ট ডিরেক্টর ড. বিশ্বনাথকে ছোট, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোগ শিল্প দপ্তরের বিভাগীয় সচিব করা হল। সেই সঙ্গে



অংশুল গুপ্তা

তাঁকে ক্ষুদ্র শিল্প উন্নয়ন নিগমের ম্যানেজিং ডিরেক্টর করা হল। মঙ্গলবার এই সংক্রান্ত নির্দেশিকা কর্মিবর্গ ও প্রশাসনিক দপ্তর থেকে প্রকাশিত হয়েছে। পাশাপাশি নতুন ৩৬ জন মন্ত্রীর ব্যক্তিগত সচিব নিয়োগ করা হয়েছে। এই পদে ডব্লিউবিসিএস আধিকারিকদের দায়িত্ব দেওয়া হয়েছে।



হাইকোর্টে প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি। মঙ্গলবার।

# ভবানীপুরের ফল নিয়ে হাইকোর্টে মামলা মমতার

**আজকালের প্রতিবেদন**

ভবানীপুর বিধানসভা কেন্দ্রের ভোটের ফলকে চ্যালেঞ্জ করে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হলেন পরাজিত তৃণমূল প্রার্থী মমতা ব্যানার্জি। মঙ্গলবার দুপুরে আচমকাই হাইকোর্টে পৌঁছে যান তিনি। আদালতে শপথ কমিশনারের সঙ্গে দেখা করেন। সেখানে হলফনামা যাচাইয়ের পর সই পর্ব সেরে তিনি মামলা দায়ের করেন। সঙ্গে ছিলেন সাংসদ ডেরেক ও ব্রায়েন, দোলা সেন, কল্যাণ ব্যানার্জি ও বিধায়ক কুণাল ঘোষ। জানা গিয়েছে, এই মামলা দায়ের হয়ে যাওয়ায় এবার দ্রুত শুনানির আবেদন জানাতে চলেছেন তিনি। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর জয়কে চ্যালেঞ্জ করে হলফনামা দাখিল করেন মমতা। তাঁর অভিযোগ, ভোটগণনায় কারচুপি করে তাঁকে হারানো হয়েছে। তিনি উল্লেখ করেছেন কীভাবে গণনার দিন তাঁকে গণনাকেন্দ্রে ঢুকতে দেওয়া হয়নি। আরও অভিযোগ, নির্বাচন কমিশনের নির্দেশ ও অঙ্গুলিহেলনে গণনাকেন্দ্রের অন্দরেই কারচুপি হয়েছে। এর আগে একুশের নির্বাচনেও নন্দীগ্রামে শুভেন্দু অধিকারীর কাছে ১ হাজার ৯৩৬ ভোটে পরাজিত হয়েছিলেন। পরে ভবানীপুরে উপনির্বাচনের মধ্য দিয়ে বিধায়ক হন তৎকালীন মুখ্যমন্ত্রী মমতা। ওই নির্বাচনেও নন্দীগ্রামের ভোটের ফলকে চ্যালেঞ্জ করেও মামলা করেছিলেন তিনি। সেই মামলা এখনও আদালতে বিচারাধীন। এই নিয়ে দ্বিতীয়বার ফের ভোটের ফল নিয়ে আইনি পথে হাঁটলেন 'হার না মানা' মমতা। উল্লেখ্য, ২০২৬–এর নির্বাচনে ভবানীপুরের 'ঘরের মেয়ে' মমতা ব্যানার্জিকে প্রায় ১৫ হাজার ১০৫ ভোটে হারিয়ে জয়লাভ করেন শুভেন্দু অধিকারী।

# সই কাণ্ড নিয়ে হাইকোর্টের প্রশ্ন

**আজকালের প্রতিবেদন**

বিধানসভায় সই জাল মামলায় এবার অধ্যক্ষের সিদ্ধান্ত নিয়ে প্রশ্ন তুলল কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণা রাও প্রশ্ন তুলেছেন, অধ্যক্ষ ঘরে বসে কীভাবে জানলেন বিরোধীদের কোন পক্ষে বেশি লোক আছেন? প্রধান বিরোধী দল বিরোধী দলনেতার নাম দিলে তাঁকে অধ্যক্ষ অস্বীকার করতে পারেন কি না, এই প্রশ্ন–সহ আরও কিছু প্রশ্ন তুলেছে হাইকোর্ট। রাজ্যের আইনজীবী বিল্বদল ভট্টাচার্য জানান, তিনি কোনও একটা নামে স্বীকৃতি দিতে পারেন। আজ, বুধবার এই মামলার ফের শুনানি হবে।

## শব্দরঙ্গ–৩১৫

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | | ২ | ৩ | | | ৪ | |
| | | | | | | | |
| ৫ | ৬ | | | | ৭ | | |
| | | | | | | | |
| | | | | ৮ | | | |
| ৯ | | | | ১০ | | | ১১ |
| | | | | | | | |
| ১২ | | | | | | | |

**পাশাপাশি**

২. (আল.) সুযোগ ও অবস্থা বুঝে ব্যবস্থা ৫. বিষ্ণু ৭. অত্যন্ত, অধিক ৯. তীক্ষ্ণ, শাণিত ১০. ইস্পাত ১২. সম্ভ্রান্ত, মান্য।

**উপর–নীচ**

১. বিপদ, মুশকিল
৩. রামায়ণোক্ত দণ্ডকারণ্যের বনবিশেষ
৪. কোলাহলপূর্ণ
৬. মাঝামাঝি জায়গায়
৮. অসুবিধাজনক
১১. কষ্ট না করে, অনায়াসে।

**সমাধান–৩১৪**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| প্র | শা | স | নি | ক | | উ | |
| তি | | | | মি | ত্র | প | ক্ষ |
| বা | | অ | ক্ষ | টি | | মা | |
| স | | ব | | | বা | তা | স |
| র | হ | ম | | | মা | | ও |
| | রে | | জ | ম্বু | ল | | দা |
| নি | কৃ | ন্ত | ন | | | | প |
| | ষ্ণ | | ম | ন্দ | চ | রি | ত্র |

■ শুভজ্যোতি রায়

## আজ টিভিতে কী দেখবেন

**সিনেমা**

● **জি বাংলা সোনার**
দুপুর ১২–৩০ রাজার মেয়ে পারুল, দুপুর ৩–০০ শত্রুমিত্র, সন্ধে ৬–৩০ চুড়িওয়ালা

● **কালার্স বাংলা সিনেমা**



সকাল ৯–১৫ নবাব নন্দিনী, দুপুর ১২–১৫ ফাইটার মারবো... নয় মরবো, বিকেল ৪–০০ টোটাল দাদাগিরি, সন্ধে ৭–০০ ছোট বউ, রাত ১০–০০ দুই পৃথিবী

● **কালার্স বাংলা**
দুপুর ২–০০ ঘরের লক্ষ্মী

● **ডিডি বাংলা**
দুপুর ২–৩০ বালুচরী

● **জলসা মুভিজ**
সকাল ৯–৩০ রাম লক্ষ্মণ, দুপুর ১২–৪৫ সিঁদুরের বন্ধন, বিকেল ৪–০০ অচেনা অতিথি, সন্ধে ৭–১৫ মিস কল, রাত ১০–০০ শত্রু

● **কালার্স সিনেপ্লেক্স**
সকাল ৮–০০ আই প্রাউড টু বি অ্যান ইন্ডিয়ান, সকাল ১১–০০ রিস্তে, দুপুর ২–০০ দিওয়ানা হুয়া পাগল, বিকেল ৫–০০ মজবুর, রাত ৮–০০ জলি এলএলবি ৩

● **সোনি পিক্স**
সকাল ৬–৩১ ফাদারহুড, সকাল ৮–১৫

আকাশ আট
**শঙ্খচূড়**
দুপুর ৩–০৫



কালার্স সিনেপ্লেক্স
**সাজন**
রাত ১১–০০

**বিশেষ অনুষ্ঠান**

● **ফুটবল বিশ্বকাপ ২০২৬**



জমে উঠেছে ফিফা ফুটবল বিশ্বকাপ ২০২৬। সকাল ৬–৩০ আর্জেন্টিনা বনাম আলজেরিয়া, রাত ১০–৩০ পর্তুগাল বনাম ডোমিনিক রিপাবলিক কঙ্গো, রাত ১–৩০ ইংল্যান্ড বনাম ক্রোয়েশিয়া।
জি বাংলা সোনার: সরাসরি সম্প্রচার

দ্য দা ভিঞ্চি কোড, সকাল ১০–২২ ভেনম: দ্য লাস্ট ডান্স, দুপুর ১২–০০ এমআইবি ইন্টারন্যাশনাল, দুপুর ১–৫৪ গডজিলা, বিকেল ৪–০৫ লাইফ, বিকেল ৫–৪২ দ্য ডার্ক টাওয়ার, সন্ধে ৭–৩২ হোটেল ট্রানসিলভেনিয়া, রাত ৯–০০ হোটেল ট্রানসিলভেনিয়া ২

● **জি আনমোল**



সকাল ৬–৪৯ কহো না... প্যায়ার হ্যায়, সকাল ৯–৫৯ গোপী কিশন, দুপুর ১২–৫০ আব তুমহারে হাওয়ালে বতন সাথিয়োঁ, বিকেল ৪–১৯ বাগী, সন্ধে ৭–০০ রাবণ রাজ, রাত ১০–১৬ মস্তি এক্সপ্রেস

**ধারাবাহিক**

● **কুমকুম**



ব্যবসা নয়। নকশা বদলে নিজের স্বপ্নপূরণের গল্প কুমকুম।
স্টার জলসা: সন্ধে ৭–০০

**দিনপঞ্জি**

বিশুদ্ধ সিদ্ধান্ত: বুধবার, ২ আষাঢ় ১৪৩৩, ইং ১৭ জুন ২০২৬, মুং ১ মহরম ১৪৪৭
সূর্যোদয়: ৪।৫৫।৫৩
সূর্যাস্ত: ৬।১৮।৪৩
তিথি: (শুদ্ধ জ্যৈষ্ঠ শুক্লপক্ষ) তৃতীয়া দং ৪১।৪৮ রাত্রি ঘ ৯।৩৯
নক্ষত্র: পুনর্বসু দং ২১।৪৩ দিবা ঘ ১।৩৭

অন্য পঞ্জিকা: বুধবার, ২ আষাঢ় ১৪৩৩, ইং ১৭ জুন ২০২৬, হিজরি ১ মহরম ১৪৪৭

**প্রয়োজন**

লালবাজার কন্ট্রোল: 100, ট্রাফিক: 1073
পশ্চিমবঙ্গ পুলিস : 2214-5411-16
সিআইডি কন্ট্রোল : 2450-6100
ডিজি কন্ট্রোল : 2214-5087
বিধাননগর কন্ট্রোল : 4063-1111
হাওড়া কন্ট্রোল : 2641-5614
আসানসোল কন্ট্রোল : 0341-2250347
ব্যারাকপুর কন্ট্রোল :2593-2647
হাওড়া জিআরপি : 2641-3256
শিয়ালদা জিআরপি : 2350-3940
নিখোঁজ সংক্রান্ত : 2450-6100
প্রবীণ সুরক্ষা : 98300-88884
নারী সহায়তা: 1091
**অ্যাম্বুল্যান্স 102**
লাইফকেয়ার: 2475-4628
ইন্ডিয়ান রেডক্রস: 2248-3636
মেডিক্যাল ব্যাঙ্ক: 2554-0084
রাসমণি মিশন: 2867-6031
মীরা সেবাকেন্দ্র: 2411-8316
সেন্ট জন্স অ্যাম্বুল্যান্স: 98300-23653
বেল ভিউ ক্লিনিক: 99037-59103/ 82406-09986
**দমকল 101**
কন্ট্রোল: 2241-4545
হাওড়া: 2666-8111
শিলিগুড়ি: 0353-2502222
**রাতের ওষুধ / অক্সিজেন**
ধন্বন্তরী: 2454-7941
নন্দন মেডিক্যাল: 2358-1723
জীবনদীপ: 2455-0926
সাউথ ব্যুরো: 2484-4322
বেল ভিউ ক্লিনিক ফার্মেসি: 6688-8888
**ব্লাড ব্যাঙ্ক**
সেন্ট্রাল ব্লাড ব্যাঙ্ক: 2351-0619
লাইফকেয়ার: 2284-6940/2298
অশোক ব্যাঙ্ক : 2472-0333
বেলভিউ ক্লিনিক: 6688-8888 / 99031-03088
সেবা প্রতিষ্ঠান: 2475-3639/3636
**চক্ষুদান**
গণদর্পণ: 94330-31504
বন্ধু কর্নিয়া কেন্দ্র: 2663-4178
**শববহন**
সুরুচি সঙ্ঘ, নিউ আলিপুর: 2400-9950
হিন্দু সৎকার: 2241-3849/ 2050
শ্রীভূমি স্পোর্টিং: 2534-0002
উদয়ের পথে: 98301-73814
যাদবপুর মার্চেন্টস: 2412-8165

# রবিবার বিশ্ব সঙ্গীত দিবস

**আজকালের প্রতিবেদন**

শহর ও গ্রামাঞ্চলের তরুণ প্রজন্মের কণ্ঠে লোকগীতি। ২১ জুন বিশ্ব সঙ্গীত দিবস। এই উপলক্ষে বাংলানাটক ডট কম নেতাজি ভবনে আয়োজন করছে এক বর্ণাঢ্য অনুষ্ঠানের। ১২ বছর ধরে বিশ্ব সঙ্গীত দিবস উদ্‌যাপন করে আসছে বাংলানাটক ডট কম। লোকসঙ্গীতের ধারাকে কীভাবে তরুণ প্রজন্ম বয়ে নিয়ে চলেছে, তা ফুটে উঠবে এ বছরের অনুষ্ঠানে। শোনা যাবে তরুণ প্রজন্মের কণ্ঠে প্রচলিত ও তাঁদের লেখা লোকগান। অন্য দিকে, গ্রাম ও শহরের নবীন শিল্পী সমন্বয়ে ওই অনুষ্ঠানে প্রকাশিত হতে চলেছে চারটি নতুন গান। অনুষ্ঠান চলবে বিকেল চারটে থেকে রাত আটটা পর্যন্ত।



**আবহাওয়া**

| | | |
|---|---|---|
| বুধবার<br>আংশিক মেঘলা আকাশ। | সর্বোচ্চ ৩৬<br>সর্বনিম্ন ২৯<br>ডিগ্রি সেলসিয়াস | |
| মঙ্গলবার<br>বৃষ্টি হয়নি | সর্বোচ্চ ৩৬.২ (+২)<br>সর্বনিম্ন ২৮.৮ (+২) | |
| আপেক্ষিক আর্দ্রতা | ৯১% | ৫৪% |

বাংলায় সর্বোচ্চ তাপমাত্রা আসানসোল ৩৯.৪°

# মুখ্যমন্ত্রীর শ্রদ্ধা

আজকালের প্রতিবেদন

দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ, আচার্য প্রফুল্লচন্দ্র রায় এবং হেমন্ত মুখোপাধ্যায়কে শ্রদ্ধা জানালেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। মঙ্গলবার ছিল দেশবন্ধু চিত্তরঞ্জন দাশ ও স্যর প্রফুল্লচন্দ্র রায়ের প্রয়াণ দিবস। পাশাপাশি সঙ্গীতশিল্পী হেমন্ত মুখোপাধ্যায়ের জন্মদিন। এদিন সমাজমাধ্যমে মুখ্যমন্ত্রী লেখেন, 'স্বাধীনতা সংগ্রামী দেশবন্ধু চিত্তরঞ্জন দাশের প্রয়াণ দিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।' প্রফুল্লচন্দ্র রায়কে শ্রদ্ধা জানিয়ে লেখেন, 'প্রখ্যাত বাঙালি রসায়নবিদ, বেঙ্গল কেমিক্যালসের প্রতিষ্ঠাতা আচার্য স্যর প্রফুল্লচন্দ্র রায়ের প্রয়াণ দিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।' একই সঙ্গে সঙ্গীতশিল্পী হেমন্ত মুখোপাধ্যায়কে শ্রদ্ধা জানিয়ে লেখেন, 'প্রবাদপ্রতিম সঙ্গীতশিল্পী ও সুরকার হেমন্ত মুখোপাধ্যায়ের জন্মদিবসে বিনম্র শ্রদ্ধাঞ্জলি।'



পড়ুয়াদের সঙ্গে গানের তালে তাল মেলাচ্ছেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। কার্শিয়াঙের গোথলজ স্কুলের মাঠে, মঙ্গলবার। ছবি: শৌভিক দাস

# পড়ুয়াদের সঙ্গে গান গাইলেন মুখ্যমন্ত্রী

অলক সরকার
কার্শিয়াং, ১৬ জুন

মুখ্যমন্ত্রী হিসেবে শুভেন্দু অধিকারী প্রথম বার এলেন পাহাড়ে। চেয়েছিলেন কপ্টারে এসে অনেকটা সময় দেবেন। কিন্তু বৃষ্টি ও কুয়াশার জন্য কপ্টার উড়তে পারেনি। তাই মঙ্গলবার সড়কপথে কার্শিয়াং আসতে হয় তাঁকে। তারপরও অনেকটা সময় কাটান পাহাড়ে। ফেরার তাড়া থাকলেও সেসব ভুলে গোথলজ স্কুল ময়দানে সরকারি পরিষেবা প্রদানের অনুষ্ঠান শেষ করে জনতার মাঝে ঢুকে পড়েন। অনুষ্ঠানে যে পড়ুয়ারা 'বন্দে মাতরম্' গাইছিল, সেই পড়ুয়াদের সুরে মোহিত হয়ে তাঁদের সঙ্গে কথা বলতে চলে যান। কথা বলতে বলতে আরও একটি গানের আবদার করেন মুখ্যমন্ত্রী। সমবেত সুরে পড়ুয়ারা নেপালি ভাষায় একটি ভক্তিসঙ্গীতের সুর ধরে। মুখ্যমন্ত্রীও সেই সুরে সুর মিলিয়ে গান গাইতে শুরু করেন। সঙ্গতও করেন হাততালি দিয়ে। এরপর সেখান থেকে সাধারণ জনতার মধ্যে ঢুকে পড়েন। আশা কর্মী থেকে পাহাড়ি মহিলাদের সঙ্গে কথা বলেন। তাঁদের ভাবনাচিন্তা, মতামত শোনেন মন দিয়ে। গোর্খা জনতার সঙ্গে একাত্ম হয়ে ওঠেন। পাহাড়ের মানুষও মুখ্যমন্ত্রীকে আপন করে কাছে টেনে নেন। এদিন গোথলজের অনুষ্ঠানেই পাহাড়ের ৩০ জন উপভোক্তাকে বিভিন্ন পরিষেবা প্রদান করেন এবং জনকল্যাণ শিবির ঘুরে দেখেন।

# শনিবার তারকেশ্বরে প্রধানমন্ত্রী

মিল্টন সেন
হুগলি, ১৬ জুন

২০ জুন হুগলির তারকেশ্বরে আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। সভা করবেন। জানা যাচ্ছে, ওই দিনই রাজ্য দিবস ঘোষণা করবেন প্রধানমন্ত্রী। ২ জুন তারকেশ্বরে পুজো দিতে এসে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী বলেছিলেন, '২০ জুন নিয়ে আমাদের বিশেষ পরিকল্পনা আছে। বলেছিলেন, ১৯৪৭ সালের ২০ জুন আমরা বাঙালিরা হোমল্যান্ড পেয়েছিলাম। তখন আমাদের পূর্ব পাকিস্তানে যেতে হয়নি। আমরা পশ্চিমবঙ্গ, ভারতে বসবাস করছি। বাবা তারকনাথের দর্শন করতে পারছি। বাবার মাথায় জল ঢালতে পারছি। কপালে চন্দন লাগাতে পারছি। ঐতিহাসিক জায়গা।



প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি।

সেদিন যেহেতু ড. শ্যামাপ্রসাদ মুখার্জি রেজোলিউশন দিয়েছিলেন। তাই এই জায়গায় আগামী ২০ জুন নিয়ে বিশেষ পরিকল্পনা আছে। ওই বৈঠকে ঠিক হয় রাজ্য দিবস পালনের বিষয়টিও। প্রধানমন্ত্রীর দু'দিনের এই পশ্চিমবঙ্গ সফরে রয়েছে একাধিক কর্মসূচি। এরই মাঝে হুগলির তারকেশ্বরে যাবেন। সেখানে সভাও করবেন তিনি। দু'দিনের এই সফরে তারকেশ্বর যাওয়ার পাশাপাশি আরও তিনটি কর্মসূচিতে যোগ দেবেন প্রধানমন্ত্রী। ২০ জুন ওড়িশায় কর্মসূচি শেষ করে কলাইকুন্ডা পৌঁছোবেন প্রধানমন্ত্রী। কলাইকুন্ডা থেকে হেলিকপ্টারে করে তিনি আসবেন তারকেশ্বর। তারকেশ্বরে দুপুর সাড়ে তিনটে থেকে বিকেল পাঁচটা পর্যন্ত প্রায় দেড় ঘণ্টা একটি সরকারি অনুষ্ঠানে যোগ দেবেন দেশের প্রধানমন্ত্রী। তারকেশ্বর বালিগুড়ি পঞ্চায়েতের ময়দানে প্রধানমন্ত্রীর সভা হবে। মঙ্গলবার সেই সভাস্থল পরিদর্শনে যান রাজ্যের মন্ত্রী পূর্ণিমা চক্রবর্তী, সুমনা সরকার, তারকেশ্বরের বিধায়ক সন্তু পান-সহ জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা। ময়দান পরিদর্শনের পর এদিন বৈঠকও করেন তাঁরা।




# মায়ের ঘাটে স্বচ্ছতা অভিযানে মুখ্যমন্ত্রী

আজকালের প্রতিবেদন

আজ, বুধবার সকাল ৮টায় বাগবাজারে মায়ের ঘাটে পরিচ্ছন্নতার অভিযান চালাবেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। সোমবার কলকাতা পুরসভা থেকে তিন দিনের 'স্বচ্ছতা সে স্বাগত' কর্মসূচি ঘোষণা করেন মুখ্যমন্ত্রী। তিন দিনের এই স্বচ্ছতা কর্মসূচির প্রথম দিন শুরু হচ্ছে বাগবাজারে মায়ের ঘাটের পরিচ্ছন্নতা দিয়ে। দ্বিতীয় দিন বৃহস্পতিবার সকাল ৭টা ৪৫ মিনিটে নিজের বিধানসভা ভবানীপুর সুস্বাস্থ্যকেন্দ্রে স্বচ্ছতার অভিযান চালাবেন মুখ্যমন্ত্রী। শুক্রবার কর্মসূচির শেষ দিনে তিনি সকাল সাড়ে ছ'টায় পুরসভার সামনে থেকে স্বচ্ছতা নিয়ে সচেতনতায় ম্যারাথন দৌড়ের সূচনা করবেন। এই ম্যারাথন শেষ হবে মহাকরণে। উল্লেখ্য, ২১ জুন যোগ দিবস উপলক্ষে কলকাতায় আসছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। যোগ দিবসের অনুষ্ঠানকে সামনে রেখেই কলকাতা পুরসভার এই স্বচ্ছতা সে স্বাগত কর্মসূচি।

পুরসভা সূত্রে জানা গেছে, শহর জুড়ে শুরু হয়ে গেছে সাফাই অভিযান। পুরসভার উদ্যানগুলির ঘাস কেটে পরিষ্কারের কাজও শুরু করে দিয়েছে উদ্যান দপ্তর।

# ডিম ছোড়ার ঘটনায় স্বরাষ্ট্রমন্ত্রীকে চিঠি দিলেন সৌগত

আজকালের প্রতিবেদন

বেলেঘাটার বিধায়ক কুণাল ঘোষের ওপর সোমবার ডিম ছোড়ার ঘটনায় ক্ষুব্ধ তৃণমূল সাংসদ সৌগত রায় চিঠি লিখলেন কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহকে। মঙ্গলবারই কুণাল ঘোষের ওপর আক্রমণের ঘটনায় দু'জনকে গ্রেপ্তার করেছে পুলিশ। সৌগত রায় চিঠিতে লিখেছেন, 'বাংলায় যখন বিপুল জনরায় নিয়ে বিজেপি এসেছে, তখন শান্তি প্রতিষ্ঠা করা এবং দায়িত্ববান হওয়া উচিত। এ ধরনের ঘটনায় রাজ্যের বদনাম হয়।' তিনি বলেছেন, 'আপনি নিশ্চয় জানেন, ফল প্রকাশের পর থেকে বিভিন্ন জায়গায় তৃণমূলের কর্মী-সমর্থকদের ওপর হামলা চলছে। দু'হাজারের ওপর তৃণমূল কার্যালয় ভাঙচুর করা হয়েছে। মারধর করা হয়েছে দলের কর্মীদের এবং তৃণমূল নেতাদের ওপর ডিম ছোড়া হচ্ছে। গতকাল যখন আমরা দলনেত্রী মমতা ব্যানার্জির বাড়িতে বৈঠক করছিলাম, সেই সময় কুণাল ঘোষ বেরিয়ে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়েছিলেন। তখনই তাঁকে লক্ষ্য করে ডিম ছোড়া হয়। বিষয়টি আমরা কালীঘাট থানা, ডিসি (সাউথ) এবং ডিজি (সিকিউরিটি)-কে জানিয়েছি।' এদিকে, কুণাল ঘোষের ওপর ডিম ছোড়ার ঘটনায় কালীঘাট থানার পুলিশ চন্দন কাইলা ও রবি কাইলা নামে দু'জনকে ধরেছে। পুলিশ জানিয়েছে, তারা প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির বাড়ির সামনে বেআইনি জমায়েত করেছিল। সেখান থেকেই বিধায়ক কুণাল ঘোষের ওপর ডিম ছোড়া হয়। এর ফলে তিনি আহত হয়েছেন এবং তাঁর সম্মানহানি হয়েছে। এই ঘটনার তদন্ত চলছে। ধৃতদের এদিন আদালতে তোলা হলে ১ হাজার টাকার বন্ডে দু'জনেরই জামিন মঞ্জুর করেছে আদালত। প্রসঙ্গত, এর আগে অভিষেক ব্যানার্জি, সৌগত রায়, সব্যসাচী দত্ত থেকে শুরু করে তৃণমূল কংগ্রেসের একাধিক বিধায়ক, চেয়ারম্যান, কাউন্সিলরকে লক্ষ্য করে ডিম ছোড়া হয়। এবং তা পুলিশের সামনেই হয়। সেই ঘটনাগুলির পুনরাবৃত্তি ঘটে কালীঘাটে তৃণমূল নেত্রী মমতা ব্যানার্জির বাড়ির সামনে। এই বিষয়গুলি নিয়ে শাহকে চিঠি দিয়েছেন সৌগত রায়। সেদিনের ঘটনা প্রসঙ্গে কুণাল ঘোষ বলেছিলেন, 'যাঁর বাড়ির সামনে এই ঘটনা, তিনি জেড ক্যাটিগরির নিরাপত্তা পেয়ে থাকেন।' ঘটনায় আর কারা জড়িত খতিয়ে দেখছে পুলিশ।

## কুণালের ওপর হামলায় গ্রেপ্তার ২

# মেধাতালিকায় পড়ুয়ার সংখ্যা বেড়ে হল ১৪০

নীলাঞ্জনা সান্যাল

রিভিউ ও স্ক্রুটিনির ফল প্রকাশের পর বদলে গেল মাধ্যমিকের প্রথম দশের মেধাতালিকা। নম্বর বাড়ায় নতুন করে ন'জন পড়ুয়া জায়গা করে নিয়েছে প্রথম দশের মেধাতালিকায়। ফলে মেধাতালিকায় ছাত্রছাত্রীর সংখ্যা ১৩১ থেকে বেড়ে দাঁড়িয়েছে ১৪০-এ। নম্বর বাড়ায় আগের মেধাতালিকায় থাকা চার পড়ুয়ার স্থান বা র‍্যাঙ্ক বদল ঘটেছে। এ বছর রিভিউ এবং স্ক্রুটিনিতে নম্বর বদলের হার গত বছরের তুলনায় কিছুটা কম। মঙ্গলবার প্রকাশিত হয়েছে এ বছরের মাধ্যমিকের রিভিউ এবং স্ক্রুটিনির ফল। অনেকেরই ৪ থেকে ৫ নম্বর করে বেড়েছে। সব থেকে বেশি নম্বর বদল হয়েছে ইতিহাসে। আর সব থেকে কম নম্বর বদলেছে ইংরেজিতে। পর্ষদ সূত্রে জানা গেছে, যে চার জন পড়ুয়ার মেধাতালিকায় স্থান বদল ঘটেছে তাদের মধ্যে নবম স্থান থেকে ৩ নম্বর বাড়ায় ৬৯২ পেয়ে একজন ষষ্ঠ স্থানে উঠে এসেছে। ২ নম্বর বেড়ে ৬৯১ হওয়ায় একজন নবম থেকে সপ্তম স্থানে উঠে এসেছে। ১ নম্বর বেড়ে ৬৯০ হওয়ায় একজন পড়ুয়া নবম থেকে অষ্টম স্থানে এবং একজন অষ্টম থেকে সপ্তম স্থানে উঠে এসেছে। যে ন'জন নতুন পড়ুয়া মেধাতালিকায় এসেছে তাদের মধ্যে একজন অষ্টম স্থানে, দু'জন নবম স্থানে এবং ছ'জন দশম স্থানে জায়গা করে নিয়েছে। স্ক্রুটিনির জন্য এ বছর উত্তরপত্রের সংখ্যা ছিল ১ লক্ষ ৪৪ হাজার ৮৬৯। নম্বর বদলের হার ৫.৬৫ শতাংশ। গত বছর নম্বর বদলের হার ছিল ৬.৭৯ শতাংশ। আর উত্তরপত্রের সংখ্যা ছিল ১ লক্ষ ৪৮ হাজার ৭৩। পুনর্মূল্যায়ন বা রিভিউয়ের জন্য উত্তরপত্রের সংখ্যা ছিল ১২ হাজার ৪০০। নম্বর বদলের হার ৭.৮৩ শতাংশ। গত বছর এই হার ছিল ৮.১৩ শতাংশ। গত বছর রিভিউয়ের জন্য উত্তরপত্রের সংখ্যা ছিল ১৪ হাজার ৫৩৮।

## মাধ্যমিকের রিভিউ, স্ক্রুটিনি

# পাহাড়ের উন্নয়নের পাশে সরকার

● ১ পাতার পর

নোমান রাই, ভরত ছেত্রি, দুর্গা মুর্মু ছাড়াও গোর্খা জনমুক্তি মোর্চার সভাপতি বিমল গুরুং, সাধারণ সম্পাদক রোশন গিরি, জিএনএলএফ সভাপতি মন ঘিসিং, সিপিআরএম সভাপতি জেবি রাই, বিজেপির পার্বত্য সভাপতি সঞ্জীব লামা-সহ অনেকে। মন্টেভিডিউয়ের রাজনৈতিক সভায় সমস্ত নেতার প্রত্যাশা ছিল, পাহাড়ের দীর্ঘ চাওয়া-পাওয়া নিয়ে মুখ্যমন্ত্রী কিছু বলবেন। কিন্তু মুখ্যমন্ত্রী সেখানে একটি লাইনেই জানিয়ে দেন, 'পাহাড়বাসীর প্রত্যাশা ও ভরসা রাখতে সব কাজ করব। এই প্রতিশ্রুতি দিতেই আজ এসেছি।'

এরপর তিনি জিটিএ দুর্নীতির তদন্ত করানোর পাশাপাশি পাহাড় উন্নয়নের রোডম্যাপের অংশ হিসেবে ঢালাও উন্নয়নের কথা ঘোষণা করেন। মুখ্যমন্ত্রী জানান, ২০২১ সালে প্রধানমন্ত্রী 'পিএম চা-শ্রমিক যোজনা' চালু করলেও বিগত সরকার তা কার্যকর করেনি। এবার চা-বাগানে ৩৩৪ কোটি টাকার উন্নয়নমূলক কাজ দ্রুত শুরু হবে।' পাশাপাশি একথাও বলেন, 'কেন্দ্রের সব প্রকল্পের সুবিধে পাবেন পাহাড়বাসী। ডাবল ইঞ্জিন সরকারে পাহাড়ে উন্নয়ন হবে।' বিজেপির সরকার যে উত্তরবঙ্গকে বিশেষ গুরুত্ব দেবে, তা ফের মনে করিয়ে দেন এদিন। শিক্ষা, স্বাস্থ্য পরিকাঠামোয় জোর দিয়ে কালিম্পঙে মেডিক্যাল কলেজ, কার্শিয়াং হাসপাতালের সংস্কার, সরকারি স্কুলগুলিতে স্মার্ট ক্লাসরুম, 'খেলো ইন্ডিয়া' প্রকল্পের মাধ্যমে ইনডোর স্টেডিয়াম ও স্পোর্টস গ্রাউন্ড নির্মাণের পাশাপাশি ক্রীড়াক্ষেত্রে ব্যাপক উন্নয়নের কথাও জানান পাহাড়ে।

'তোলাবাজি-সিন্ডিকেটরাজ'-এর বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়ার হুঁশিয়ারি দেন মুখ্যমন্ত্রী। অন্য দিকে, গোথলজ মেমোরিয়াল স্কুল ময়দানে আয়োজিত সরকারি অনুষ্ঠানে বক্তব্য পেশ করতে গিয়ে পাহাড়ে শিক্ষক দুর্নীতির বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ারও হুঁশিয়ারি দিয়েছেন। এদিন সকালে বিমানে বাগডোগরা বিমানবন্দরে পৌঁছে সেখান থেকে সড়কপথে কার্শিয়াঙে যান। পাহাড়বাসীর প্রতি শ্রদ্ধা জানিয়ে মুখ্যমন্ত্রী বলেন, 'পাহাড় বাংলার মান ও দেশের সম্মানের জায়গা।' আগের সরকারের সমালোচনা করে তিনি জানান, আগে পাহাড়ের কী হাল ছিল এবং এখন কীভাবে উন্নয়ন হবে, তা তিনি করে দেখাবেন।

মুখ্যমন্ত্রী হুঁশিয়ারি দিয়ে বলেন, 'যারা এই লুঠপাটের সঙ্গে যুক্ত, তাদের কাউকে ছাড়া হবে না এবং তাদের জেলে পাঠানো হবে।' 'না খাব, না খেতে দেব' — এই নীতিতেই তাঁর সরকার চলবে বলে তিনি জানান। গোর্খা আন্দোলনের সময়কার মিথ্যা মামলাগুলি নিয়ে তিনি জানান, আগের সরকারের সময় পুলিশ পাহাড়ের ভাইদের ওপর যে অকথ্য অত্যাচার করেছে, তা তিনি সহ্য করবেন না। তাই তিনি সমস্ত মিথ্যা মামলা অবিলম্বে প্রত্যাহার করার নির্দেশ দিয়েছেন এবং আন্দোলনের সময় প্রাণ হারানো মানুষের পরিবারগুলিকে ৫ লক্ষ টাকা করে ক্ষতিপূরণ ও পরিবারের একজনকে সরকারি চাকরি দেওয়া হবে।

বৈঁক ऑफ़ बड़ौदा
Bank of Baroda

রিজিওনাল অফিস: বর্ধমান রিজিয়ন
২ নং ফ্লোর, ৫৪, জি টি রোড
ভাঙ্গাকুঠি, বর্ধমান- ৭১৩১০১

গাড়ি ই-নিলামের নোটিস

এতদ্বারা জনসাধারণ এবং বিশেষত সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) সুধা শঙ্কর অধিকারী-কে এই নোটিস জারি করা হচ্ছে যে, সংশ্লিষ্ট পক্ষগণ দ্বারা সম্পাদিত রেহানাবন্ধন/ ঋণচুক্তির অধীনে অর্পিত ক্ষমতাবলে নিম্নলিখিত অ্যাকাউন্টের প্রেক্ষিতে ব্যাঙ্কের পাওনা পুনরুদ্ধারের লক্ষ্যে ব্যাঙ্ক দ্বারা পুনরায় দখল নেওয়া/ ক্রোক করা গাড়ি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে। ঋণগ্রহীতা/ জামিনদার/ গাড়ি/ বকেয়া অর্থাঙ্ক/ সংরক্ষণ মূল্য/ ই-নিলামের তারিখ ও সময়, বায়না জমা (ইএমডি) এবং বিড বাড়ানোর মূল্য ইত্যাদি তথ্যাবলি এখানে নীচে উল্লেখ করা হয়েছে:

| ক্রম নং | ঋণগ্রহীতা(গণ)/ জামিনদার-এর নাম ও ঠিকানা | মোট বকেয়া | গাড়ির নির্মাতা, মডেল এবং আরটিও রেজিস্ট্রেশন নম্বর | ১. ই-নিলামের তারিখ, ই-নিলাম শুরু ও শেষের সময়সীমা<br>২. বিড জমার শেষ তারিখ ও সময় | ১. সংরক্ষণ মূল্য<br>২. বায়না জমা (ইএমডি)<br>৩. বিড বাড়ানোর মূল্য | গাড়ি/ চলতি পরিসম্পদ পরিদর্শনের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ১ | সুধা শঙ্কর অধিকারী<br>শাখা: আসানসোল | ১৫.০৬.২০২৬ অনুযায়ী ₹৫,১২,৮৩২/- এবং ১৫.০৩.২০২৬ এর সাথে পরবর্তী সুদ ও অন্যান্য চার্জ | মেকার- মারুতি সুজুকি ইন্ডিয়া লিমিটেড<br>মডেল- ভি ব্রেজা ভিএক্সআই<br>রঙ- পার্ল আর্কটিক হোয়াইট<br>চ্যাসিস নম্বর: MA3NYFJ1SMG815826<br>ইঞ্জিন নম্বর: K15BN1223389 | ১. ই-নিলামের তারিখ: ০৩.০৭.২০২৬<br>ই-নিলাম শুরুর সময়: দুপুর ২টো<br>ই-নিলাম শেষের সময়: সন্ধে ৬টা<br>২. বিড জমার শেষ তারিখ ও সময়: ০৩.০৭.২০২৬, সন্ধে ৬টা | ১. সংরক্ষণ মূল্য: ₹৪,৭০,০০০.০০/-<br>২. বায়না জমা (ইএমডি): ₹৪৭,০০০.০০/-<br>৩. বিড বাড়ানোর মূল্য: ₹৫,০০০.০০/- | যে কোনও কাজের দিনে (আগাম যোগাযোগ করে আসবেন) সময়: সকাল ১০টা থেকে বিকেল ৪টা |

বিক্রির বিশদ শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক https://www.baanknet.com ওয়েবসাইট দেখুন। সম্ভাব্য বিডাররা মিঃ বিশ্বজিত সেন-এর সঙ্গে এই মোবাইল নম্বরেও যোগাযোগ করতে পারেন: ৯৭৩২২৩১৩৪০।

স্থান: আসানসোল
তারিখ: ১৭.০৬.২০২৬

নাম: বিশ্বজিত সেন, (ব্রাঞ্চ ম্যানেজার)
ব্যাঙ্ক অফ বরোদা

IDBI BANK
CIN : L65190MH2004GOI148838

আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড
ফোর্থ ফ্লোর, এনপিএ ম্যানেজমেন্ট গ্রুপ, ৪৪ শেক্সপিয়র সরণি, কলকাতা- ৭০০০১৭
মধ্যমগ্রাম, পশ্চিমবঙ্গে অবস্থিত সুরক্ষিত পরিসম্পদের ই-নিলাম বিক্রয়ের জন্য প্রকাশ্য বিজ্ঞপ্তি
স্যান্টন ড্রাগস অ্যান্ড ফার্মাসিউটিক্যালস-এর অ্যাকাউন্টে স্থাবর সম্পত্তির বিক্রয়

ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি

সারফায়েসি অ্যাক্টের অধীনে স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য প্রকাশ্য বিজ্ঞপ্তি তৎসহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর রুল ৮(৬)-এর শর্তাবলী পঠিতব্য

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬) এর সংস্থান সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর অধীন স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি। এতদ্বারা জনসাধারণ এবং বিশেষ করে ঋণগ্রহীতা(গণ) এবং জামিনদার(গণ) এর প্রতি বিজ্ঞপ্তি প্রদান করা যাচ্ছে যে, সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধকী/দায়বদ্ধ করা নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি, আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধিকারিক ২৮ এপ্রিল, ২০২৫ তারিখে যার বাস্তবিক দখল নিয়েছেন, স্যান্টন ড্রাগস অ্যান্ড ফার্মাসিউটিক্যালস (ঋণগ্রহীতা) এবং জামিনদারগণ অর্থাৎ শ্রীমতী সুমিতা সাহা এবং শ্রী শঙ্কর সাহার থেকে
আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, সুরক্ষিত ঋণদাতার ৩১ আগস্ট, ২০১২ অনুযায়ী বকেয়া ₹৩,১৩,৬৬,৩৫৫.০৪ (তিন কোটি তেরো লক্ষ ছেষট্টি হাজার তিনশো পঞ্চান্ন টাকা এবং চার পয়সা মাত্র) তৎসহ ০১ সেপ্টেম্বর, ২০১২ থেকে এর ওপর পরবর্তী সুদ, আদায়ের জন্য **"যেমন আছে যেখানে আছে", "যেমন আছে যা আছে", "যা কিছু আছে" এবং "কোনও রিকোর্স ছাড়া"** ভিত্তিতে ২০ জুলাই, ২০২৬ তারিখে বিক্রি করা হবে। বিশদ বিবরণ নিম্নে প্রদত্ত হলো:

**ঋণগ্রহীতা / বন্ধকদাতার বিবরণ, সংরক্ষিত মূল্য এবং বায়না জমার পরিমাণ এবং স্থাবর ও অস্থাবর সম্পত্তির সংক্ষিপ্ত বিবরণ নীচে উল্লেখ করা হলো:**

| লট | ঋণগ্রহীতা/বন্ধকদাতার নাম | নিলাম করা হবে এমন সুরক্ষিত স্থাবর এবং অস্থাবর সম্পদের সংক্ষিপ্ত বিবরণ | কাট অফ তারিখ পরিদর্শনের তারিখ এবং সময় | সংরক্ষণ মূল্য/ ইএমডি/ বিড বৃদ্ধির অর্থাঙ্ক |
|---|---|---|---|---|
| ১ | **স্যান্টন ড্রাগস অ্যান্ড ফার্মাসিউটিক্যালস**<br>৪ বি এন সরকার সরণি, এসপ্ল্যানেড, কলকাতা ৭০০১২৯<br>**বন্ধকদাতা:**<br>**শ্রীমতী সুমিতা সাহা**<br>ঠিকানা: ১০১, হেমন্ত বসু সরণি, কলকাতা, পিন-৭০০১২৯ | সামান্য কমবেশি ৪ কাঠা ১৪ ছটাক চিহ্নিত বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ তৎসহ সামান্য কমবেশি ১৫০ বর্গফুটের একটি কাঁচা কাঠামো যার স্থিতি ও বিবরণ: মৌজা- উদয়রাজপুর, জে এল নং ৪৩, আর এস নং ৬, তৌজি নং ১৪৬, সি এস দাগ নং ৪৩৮, খতিয়ান নং ১১৪০, প্লট নং ৬৩৫, থানা- বারাসাত (বর্তমানে মধ্যমগ্রাম থানা-এর অধীনে), মধ্যমগ্রাম পুরসভার স্থানীয় সীমানার অধীনে, ওয়ার্ড নং ৮, হোল্ডিং নং ১৬/এ, অরবিন্দ সরণি বাই লেন (পাড়ায়াবাগান), জেলা- উত্তর ২৪ পরগনা, বুক নং ১, ভলিউম নং ১৬৮, এবং ৩৬৯ থেকে ৩৮৩ পৃষ্ঠায় নিবন্ধিত, ২০০৬ সালের দলিল নং ০৪৯৫৮। সম্পত্তি শ্রীমতী সুমিতা সাহার নামে রয়েছে, তৎসহ এই জমিতে স্থিত যাবতীয় বাড়ি ও কাঠামো এবং পৃথিবীতে সংযুক্ত বা পৃথিবীর সাথে স্থায়ীভাবে আবদ্ধ যেকোনও কিছুর সাথে সংযুক্ত সমস্ত প্ল্যান্ট এবং যন্ত্রপাতি এবং সম্পর্কিত পণ্য/ইনভেন্টরি। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা: উত্তর**- ১২ ফুট সাধারণ চলাচলের রাস্তা; **দক্ষিণ**- বাড়ি সমেত অন্যান্য ব্যক্তিদের জমি; **পূর্ব**- প্লট নং ৬৩৬; **পশ্চিম**- ১২ ফুট সাধারণ চলাচলের রাস্তা। | **পরিদর্শনের তারিখ/সময়:** ০১.০৭.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ১টা<br>**ইএমডি জমার কাট অফ তারিখ:** ১৮.০৭.২০২৬ বিকাল ৪টা পর্যন্ত<br>**ই নিলাম তারিখ/সময়:** ২০.০৭.২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ১টা (১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণে) | **সংরক্ষণ মূল্য:** ₹১,১৫,০০,০০০/-<br>**বায়না জমা (ইএমডি) :** ₹১১,৫০,০০০/-<br>**বিড বৃদ্ধি অর্থাঙ্ক:** ₹২,০০,০০০/- |

**বিক্রয়ের নিয়ম ও শর্তাবলী:**
**বিড নথিতে উপস্থিত নিয়ম ও শর্তাবলীর সারাংশ:**

১. সুরক্ষিত সম্পদের বিক্রয় "যেমন আছে যেখানে আছে ভিত্তিতে", "যেমন আছে যা আছে ভিত্তিতে", "যা কিছু আছে ভিত্তিতে" এবং "কোনও রিকোর্স ছাড়া" ভিত্তিতে সুরক্ষিত ঋণদাতা অর্থাৎ আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর জন্য এবং পক্ষে। এও (AO) আজকের তারিখ পর্যন্ত বকেয়া থাকা এবং এখনও বকেয়া হওয়া বাকি কোনও বিধিবদ্ধ বা অন্যান্য বকেয়ার জন্য, যার মধ্যে ক্রেতার নামে সম্পত্তি হস্তান্তরে প্রভাব ফেলতে পারে এমন বকেয়া অন্তর্ভুক্ত, কোনো দায় নেবে না এবং এই ধরনের বকেয়া, যদি থাকে, ক্রেতাকেই বহন করতে হবে। ব্যাঙ্ক এই বিষয়ে তথ্য প্রদানে কোনও দায়বদ্ধতা নেয় না।
২. পূর্বোক্ত সম্পত্তি উপরে উল্লিখিত সংরক্ষিত মূল্যের নিচে বিক্রি করা হবে না।
৩. বিডের যোগ্যতা অর্জনের জন্য বায়না জমার পরিমাণ (ইএমডি) আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুকূলে ডিডি/পিও বা আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, অ্যাকাউন্ট নম্বর ১৩৫৩৪৯১৫০১০০১৭, আইএফএসসি (IFSC) কোড: IBKL0000135, শাখা: এনপিএ ম্যানেজমেন্ট গ্রুপ, ৪র্থ তল, ৪৪ শেক্সপিয়র সরণি, কলকাতা-এর অনুকূলে এনইএফটি/আরটিজিএস-এর মাধ্যমে জমা করতে হবে।
৪. বায়না জমার পরিমাণ (ইএমডি)-এর ওপর কোনো সুদ দেওয়া হবে না।
৫. সফল দরদাতাকে অবিলম্বে অর্থাৎ, একই দিনে বা পরবর্তী কার্যদিবসের পরে নয়, ক্ষেত্রবিশেষে, বিক্রয় মূল্যের পরিমাণের ২৫% জমা দিতে হবে, যার মধ্যে ইএমডি অন্তর্ভুক্ত রয়েছে, বিক্রয় পরিচালনাকারী অনুমোদিত আধিকারিকের কাছে। বিক্রয় মূল্যের অবশিষ্ট অংশ বিক্রয়ের নিশ্চিতকরণের ১৫ দিনের মধ্যে বা এও কর্তৃক সম্মত বর্ধিত সময়ের মধ্যে প্রদান করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে অবশিষ্ট পরিমাণ জমা দিতে ব্যর্থ হলে, বায়না জমাসহ জমাকৃত অর্থ বাজেয়াপ্ত করা হবে।
৬. এও কোনও কারণ দর্শানো ছাড়াই যেকোনও বা সমস্ত বিড গ্রহণ বা প্রত্যাখ্যান করার অধিকার সংরক্ষণ করে। সমস্ত বিড প্রত্যাখ্যান করা হলে, এও সারফায়েসি আইনে নির্ধারিত যেকোনও আকারের মাধ্যমে সম্পদ বিক্রি করার অধিকার সংরক্ষণ করে।
৭. বিড নথিতে উল্লিখিত সুরক্ষিত সম্পদগুলি সুরক্ষিত ঋণদাতার অনুকূলে ঋণগ্রহীতা কর্তৃক তৈরি চার্জ/বন্ধকের ওপর ভিত্তি করে, যার বিবরণ বিড নথিতে দেওয়া আছে। আগ্রহী পক্ষগুলিকে সুরক্ষিত সম্পদের বিবরণ যাচাই করার জন্য এবং অনুরোধের ভিত্তিতে এও-এর কাছে উপলব্ধ বন্ধকী সম্পদ সম্পর্কিত রেকর্ডগুলি পরিদর্শন করার জন্য অনুরোধ করা হচ্ছে।
৮. বন্ধকি সম্পত্তিগুলির উল্লেখ বা বিবরণে কোনও ত্রুটি/ অনুল্লেখ/ অমিল/ ঘাটতি অথবা আইন দ্বারা স্থাপিত কোনও কর্তৃপক্ষের কাছে বকেয়া অথবা কোনও অনুমোদন প্রাপ্তির ক্ষেত্রে সুরক্ষিত ঋণদাতা কোনও দায়িত্ব নেবে না।
৯. সফল দরদাতাকে সুরক্ষিত সম্পদ হস্তান্তরের জন্য প্রয়োজনীয় সমস্ত খরচ যেমন স্ট্যাম্প ডিউটি, রেজিস্ট্রেশন, খরচ, কর দায়বদ্ধতা, যদি কিছু থাকে ইত্যাদি বহন করতে হবে।
১০. বিক্রয় কঠোরভাবে এই বিজ্ঞাপনে এবং বিড নথিতে প্রদত্ত নিয়ম ও শর্তাবলীর সাপেক্ষে। বিড নথি এও, আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড, এনএমজি বিভাগ, ৪র্থ তল, ৪৪, শেক্সপিয়র সরণি, কলকাতা- ৭০০০১৭ থেকে ২২.০৬.২০২৬ থেকে ১৮.০৭.২০২৬ পর্যন্ত যেকোনও কর্মদিবসে সকাল ১১:০০ থেকে বিকেল ৪:০০ টার মধ্যে সংগ্রহ করা যেতে পারে বা আইডিবিআই ব্যাঙ্কের ওয়েবসাইট অর্থাৎ https://www.idbi.bank.in এবং https://www.bankeauctions.com থেকেও ডাউনলোড করা যেতে পারে।
১১. ই-নিলাম পরিষেবা প্রদানকারী সি১ ইন্ডিয়া প্রাইভেট লিমিটেড-এর মাধ্যমে ওয়েবসাইট: https://www.bankeauctions.com-এ ই-নিলাম প্ল্যাটফর্মে বিক্রয় পরিচালিত হবে এবং ২০.০৭.২০২৬ তারিখে সকাল ১১:০০ থেকে দুপুর ০১:০০টা পর্যন্ত প্রতি ক্ষেত্রে ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারণের সাথে অনুষ্ঠিত হবে।
১২. আগ্রহী দরদাতা নিম্নে স্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করতে পারেন: (টি) +৯১ ০৩৩-৬৬৫৫৭৮২৪/৯০৮৫০৬৯৭৯৬, (ইমেল) avinash.kumar@idbi.co.in এবং আইডিবিআই ব্যাঙ্ক আধিকারিক, জ্যোতি কুমারী-এর সাথে (টি) +৯১ ০৩৩-৬৬৫৫৭৬৭১/৯৮৫২৭২৩৩৭৩, (ইমেল) Jyoti.kum@idbi.co.in এবং এনফোর্সমেন্ট এজেন্ট 'মা কালী অ্যাসেট রিকনস্ট্রাকশন কনসালটেন্সি (পি) লিমিটেড'-এর সাথে +৯১ ৮৮২০২৮৮২৮৮ নম্বরে।
১৩. ই-নিলাম সহায়তার জন্য, অনুগ্রহ করে যোগাযোগ করুন: মিঃ মিথিলেশ কুমার (সরাসরি: ০১২৪-৪৩০২০০০/মোবাইল: +৯১৭০৮০৮০৪৪৬৬) (ইমেল: delhi@c1india.com / mithalesh.kumar@c1india.com)। (অন্যান্য নিয়ম ও শর্তাবলী এবং জানা দায়ের বিশদ বিবরণের জন্য, অনুগ্রহ করে আইডিবিআই ব্যাঙ্কের ওয়েবসাইট (www.idbi.com) এবং https://www.bankeauctions.com দেখুন)।

**তারিখ: ১৭ জুন, ২০২৬**
**স্থান: কলকাতা**
**স্বা/-**
**অনুমোদিত আধিকারিক, আইডিবিআই ব্যাঙ্ক লিমিটেড**

ICICI Bank
ব্রাঞ্চ অফিস: আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১

প্রকাশ্য বিজ্ঞপ্তি – সুরক্ষিত পরিসম্পদ বিক্রির জন্য টেন্ডার তথা ই-নিলাম

[রুল ৮(৬)-এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য বিজ্ঞপ্তি

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৮(৬)-এর সংস্থানসমূহ-সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদসমূহ বিক্রির জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।
এতদ্বারা জনসাধারণ এবং বিশেষত সংশ্লিষ্ট ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)-এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর অনুমোদিত আধাকারিক দ্বারা বাস্তবিক দখল নেওয়া ও সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/ দাখিলযোগ্য নিম্নবর্ণিত স্থাবর সম্পত্তি 'যেখানে যেমন আছে', 'যা কিছু আছে' এবং 'যেভাবে আছে' ভিত্তিতে বিক্রি করা হবে যার সংক্ষিপ্ত তথ্য এখানে নীচে দেওয়া হয়েছে:-

| ক্রম নং | ঋণগ্রহীতা/সহ-ঋণগ্রহীতা/ জামিনদারগণ-এর নাম ও লোন অ্যাকাউন্ট নম্বর | জানা দায় (যদি থাকে) সমেত সুরক্ষিত পরিসম্পদের বিবরণ | বকেয়া অর্থাঙ্ক | সংরক্ষণ মূল্য / বায়না জমা | সম্পত্তি পরিদর্শনের তারিখ ও সময় | ই-নিলামের তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| (A) | (B) | (C) | (D) | (E) | (F) | (G) |
| ১ | মিসেস প্রিয়াঙ্কা সিংহ (ঋণগ্রহীতা)<br>শুক্লা সিংহ, সুরজিৎ সিংহ (সহ-ঋণগ্রহীতা)<br>লোন অ্যাকাউন্ট নম্বর: LBCAL00005557855 | ওয়েস্টএন্ড অ্যাপার্টমেন্টের দক্ষিণ ভাগে ২ নং ফ্লোরে আবাসিক ফ্ল্যাট, প্লট নং ১০৯, খতিয়ান নং ১১৬৫, মৌজা- সরশুনা, জে এল নং ১৭, থানা- ঠাকুরপুকুর, বর্তমানে সরশুনা, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, মিউনিসিপ্যাল কর্পোরেশন প্রেমিসেস নং ৫২ডি, কাষ্টডাঙ্গা রোড, অক্টিটাউন, ওয়ার্ড নং ১২৭, কলকাতা পুরনিগম, অ্যাসেসি নং ৪১১২৭০৯১৭৭৮৫, পশ্চিমবঙ্গ-৭০০০৬১, পরিমাপ ১০০০ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত অচিহ্নিত অবিভাজ্য সমানুপাতিক অংশ পরিমাণ এবং উক্ত বিল্ডিংয়ের ছাদ বাদে (২ নং ফ্লোরের ফ্ল্যাটের দক্ষিণভাগে ছাদের পরে) টেরেসের যৌথ এলাকা, যৌথ অংশ এবং যৌথ সুযোগ-সুবিধা ভোগদখলের সমানাধিকার। | ₹ ২৫,০১,০১৪/- ১০ জুন, ২০২৬ অনুযায়ী | ₹১৩,৫০,০০০/-<br>₹১,৩৫,০০০/- | ২ জুলাই, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো | ৯ জুলাই, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু |
| ২ | মিঃ অরুণ শরাফ (ঋণগ্রহীতা)<br>মনীষা শরাফ (সহ-ঋণগ্রহীতা)<br>লোন অ্যাকাউন্ট নং: LBCAL00006531754 | কেএমসি প্রেমিসেস নং ৯৫সি, তারাপদ সাঁতরা সরণি, আগে পরিচিত ছিল চণ্ডালপাড়া রোড এবং বিবেকানন্দ কলেজ রোড নামে, 'গীতাঞ্জলি অ্যাপার্টমেন্ট', দক্ষিণ ভাগে, ব্লক 'এ', গ্রাউন্ড ফ্লোর, ফ্ল্যাট নং ১, আর এস দাগ নং ১৭৯০/৫০১৫, আর এস খতিয়ান নং ৬১৭, জে এল নং ২৩, ওয়ার্ড নং ১২৪, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশন, থানা- বেহালা, পরবর্তীতে ঠাকুরপুকুর, বর্তমানে হরিদেবপুর, কেএমসি অ্যাসেসি নং ৪১-১২৪-০২-০৯৬৮-১, জোন জে এল সরণি, মৌজা- পূর্ব বড়িশা, এডিএসআর- বেহালা, এডিএসআর- এল এল আলিপুর, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, কলকাতা-৭০০০৬৩, পশ্চিমবঙ্গ, ফ্ল্যাটের সুপার বিল্ট আপ এরিয়া সামান্য কমবেশি ৬৮৯ বর্গফুট, তৎসহ বিল্ডিংয়ের নিম্নস্থিত জমির অবিভক্ত সমানুপাতিক অংশ পরিমাণ। | ₹ ১৯,৮২,৪৪১.৩৬/- ৯ জুন, ২০২৬ অনুযায়ী | ₹১৩,৫০,০০০/-<br>₹১,৩৫,০০০/- | ২ জুলাই, ২০২৬ সকাল ১১টা থেকে দুপুর ২টো | ৯ জুলাই, ২০২৬ সকাল ১০টা ৩০ মিনিটে শুরু |

অনলাইন নিলাম প্রক্রিয়াটি আমাদের নিলাম এজেন্সি মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড (ইউআরএল লিঙ্ক: https://BidDeal.in)-এর ওয়েবসাইটের মাধ্যমে আয়োজিত হবে। এতদ্দ্বারা সংশ্লিষ্ট বন্ধকদাতাগণ/ বিজ্ঞপ্তি গ্রহীতাগণকে ৮ জুলাই, ২০২৬ বিকেল ৫টার মধ্যে সম্পূর্ণ বকেয়া অর্থাঙ্ক সুদসমেত পরিশোধের জন্য শেষ সুযোগ দেওয়া হল, অন্যথায় নির্ধারিত সূচি অনুযায়ী এই সুরক্ষিত পরিসম্পদ বিক্রি করা হবে।
সম্ভাব্য ডাকদাতা(গণ)-কে অবশ্যই ওপরে উল্লিখিতমতো (ওপরের টেবলের কলাম নং 'E' দ্রষ্টব্য) বায়না জমা বাবদ অর্থাঙ্ক (ইএমডি) ডিমান্ড ড্রাফ্‌ট (ডিডি) রূপে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানাস্থিত অফিসে ৮ জুলাই, ২০২৬ বিকেল ৫টার মধ্যে জমা দিতে হবে এবং তার পরে সর্বশেষ ৮ জুলাই, ২০২৬ বিকেল ৫টার মধ্যে ওপরে লেখা ওয়েবসাইটে নিজেদের দরপ্রস্তাব ইএমডি জমার প্রমাণ হিসেবে ব্যাঙ্কের তরফে প্রাপ্তিস্বীকার করা ডিমান্ড ড্রাফ্‌টের স্ক্যান করানো কপি সমেত দাখিল করতে হবে। অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, সম্ভাব্য ডাকদাতা(গণ) ওয়েবসাইটের মাধ্যমে দরপ্রস্তাব জমা দিতে না পারলে টেন্ডার ডকুমেন্টের স্বাক্ষরিত কপি স্ক্যান করিয়ে সর্বশেষ ৮ জুলাই, ২০২৬ বিকেল ৫টার মধ্যে আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড, রিজিওনাল প্রসেসিং সেন্টার, বিপি-৪, টেকনোপলিস বিল্ডিং, ফ্লোর নং ১৩, সেক্টর ৫, সল্ট লেক, কলকাতা, পশ্চিমবঙ্গ-৭০০০৯১ ঠিকানায় জমা দিতে হবে। ইএমডি বাবদ অর্থাঙ্ক কোনও রাষ্ট্রায়ত্ত/তফসিলভুক্ত ব্যাঙ্ক থেকে 'ICICI Bank Limited'-এর অনুকূলে Kolkata-তে প্রদেয় ডিমান্ড ড্রাফ্‌ট/ পে-অর্ডার রূপে জমা দিতে হবে। সম্পত্তি পরিদর্শন, নিলামের শর্ত ও নিয়মাবলি অথবা টেন্ডার জমা দেওয়া সংক্রান্ত প্রশ্নের পরিষ্কার উত্তর পেতে অনুগ্রহপূর্বক আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড-এর প্রতিনিধির সঙ্গে ৯১৬৮৬৮৮৫২৯ / ৯২৭৯০৩২৯৬৭ নম্বরে যোগাযোগ করবেন।
অনুগ্রহপূর্বক খেয়াল রাখবেন, মার্কেটিং এজেন্সি (১) মেসার্স ভ্যালু ট্রাস্ট ক্যাপিটাল সার্ভিসেস প্রাইভেট লিমিটেড, (২) গিরনারসফ্‌ট প্রাঃ লিঃ এবং (৩) হেক্টা প্রপটেক প্রাইভেট লিমিটেড প্রাইভেট লিমিটেড-কে এই সম্পত্তি বিক্রিতে সহায়তার কাজেও নিয়োজিত করা হয়েছে। কোনও কারণ না দেখিয়ে যে কোনও অথবা সমস্ত দরপ্রস্তাব বাতিল করার অধিকার অনুমোদিত আধিকারিকের থাকবে। বিক্রির শর্ত ও নিয়মাবলি বিশদে জানতে অনুগ্রহপূর্বক এই ওয়েবসাইট দেখুন: www.icicibank.com/n4p4s।

তারিখ: ১৭ জুন, ২০২৬
স্থান: কলকাতা
অনুমোদিত আধিকারিক
আইসিআইসিআই ব্যাঙ্ক লিমিটেড

আজকাল

৪৬ বর্ষ ৮৪ সংখ্যা ২ আষাঢ় ১৪৩৩ বুধবার ১৭ জুন ২০২৬

# তারকার আয়ু

দেহপট সনে নট সকলই হারায়। গিরিশ–যুগের এ উপলব্ধি কি তামাদি হয়ে গেছে? তা নিশ্চয়ই নয়। কিন্তু বয়সের ধারণা এবং দেহপটের যত্ন নেওয়ার সাধনা বিস্তর বদলে গেছে। তবু, শাহরুখ খান যে একজন ষাটোর্ধ্ব পুরুষ, একথা শুনলেই ভক্তদের অনেকের বুকে ছেঁকা লাগে। অবিশ্বাসের ইচ্ছে জাগে। অবাক হওয়ার কিছু নেই, তারকাদের ব্র্যান্ড ভ্যালু নিয়ে ফরচুন ইন্ডিয়ার সেরা দশের তালিকায় শাহরুখ আছেন দ্বিতীয় স্থানে। বিপণন–বিজ্ঞাপনের বাজারে তারকাদের জনাদরের বিষয়টি নিশ্চিতই গুরুত্বপূর্ণ, যার ইঙ্গিত খোঁজা যায় এই তালিকায়। এতে শাহরুখের পরই আছেন প্রিয়াঙ্কা চোপড়া। সেরকম কিছু বয়স নয়, ৪৪। যদিও চল্লিশোর্ধ্বে বনং ব্রজেৎ, এটাই ছিল একসময়কার বিধান। কিছুকাল আগেও চল্লিশোর্ধ্বদের প্রৌঢ় বলার চল ছিল। তালিকার এক নম্বরে কে? বিরাট কোহলি। খেলার মাঠে দেহপট আরেকটু বেশিই গুরুতর। আর এটাও ঠিক, তারকা–মূল্যে ক্রিকেটাররা পাল্লা দিচ্ছেন পর্দার নট–নটীদের। প্রায়–৩৮ কোহলি আজকাল আন্তর্জাতিক প্রতিযোগিতা থেকে প্রায়–বাইরে, কিন্তু একদিনের ক্রিকেটে মাঠে নামলেই গ্যালারি উত্তাল। আইপিএলেও তা–ই। শারীরিক ক্ষমতায় আজও ক্ষিপ্র। ব্র্যান্ড ভ্যালু ৩,৫৪২ কোটি টাকা! মিছে আর কেন বয়সের কথা! তবে প্রায়–বা–একেবারেই মাঠে না নেমেও জনমানসে আজও বিরাট আসন নিয়ে আছেন মহেন্দ্র সিং ধোনি বা শচীন তেন্ডুলকার। তালিকায় তাঁদের নাম অনিবার্য। তেমনি অনিবার্য অশীতিপর অমিতাভ বচ্চন, বয়সের সঙ্গে মানানসই ভূমিকা নিয়েই বিনোদন জগতে যিনি আজও রাজার রাজা। কে বলে তবে ‘সকলই হারায়’! বয়স নয়, বয়সের সঙ্গে মোকাবিলাটাই আসল কথা।

## প্রিয় সম্পাদক

### মহাযজ্ঞের শুরু

অবশেষে অপেক্ষার অবসান। ‘দ্য গ্রেটেস্ট শো অন দ্য আর্থ’ খ্যাত বিশ্বকাপ ফুটবল ২০২৬–এর পর্দা উঠল বৃহস্পতিবার মধ্যরাতে রাত থেকে। বিশ্বের ফুটবলপ্রেমীদের কাছে এটা শুধু একটি ক্রীড়া প্রতিযোগিতা নয়, বরং এক মহাউৎসব। আগামী ৩৯ দিন ধরে এই মহাযজ্ঞ চলবে, যেখানে বিশ্বসেরার মুকুট জয়ের জন্য ৪৮টি দেশ লড়াই করবে। ফুটবলপ্রেমীদের রাত জাগা শুরু। কখনও আবার ভোরেও উঠতে হবে। প্রিয় দলের খেলা দেখতে সমর্থকেরা ব্যস্ত কর্মসূচির মধ্যেও সময় বের করবেন। মাঠের লড়াই, গোলের উচ্ছ্বাস, প্রিয় দলের জয়ে গোটা বিশ্ব উচ্ছ্বাসে মেতে উঠবে।

এবারে ২৩তম বিশ্বকাপ ফুটবলের আয়োজক যৌথভাবে আমেরিকা, মেক্সিকো ও কানাডা। আমেরিকার ১১টি শহরে মেক্সিকোর তিনটি ও কানাডার দুটি, মোট ১৬টি স্টেডিয়ামে ১০৪টি ম্যাচ অনুষ্ঠিত হবে, যা বিশ্বকাপ ফুটবল ইতিহাসে সর্বাধিক। বিশ্বকাপকে আরও আকর্ষণীয় ও প্রযুক্তি নির্ভর করতে এই বলের মধ্যে বিশেষ চিপ ব্যবহার করা হচ্ছে। এর ফলে সেকেন্ডের ভগ্নাংশের মধ্যেই গুরুত্বপূর্ণ তথ্য রেফারিদের কাছে পৌঁছে যাবে, যা তাঁদের সিদ্ধান্ত গ্রহণে সহায়তা করবে। আগের বিশ্বকাপগুলোর মতো এবারের বিশ্বকাপে ম্যাসকট একটি নয়, তিনটি ম্যাসকট যার মধ্যে ম্যাপল (মার্কিন যুক্তরাষ্ট্রের বিশেষ প্রজাতির হরিণ), জায়ু (জাগুয়ার) ও ক্ল্যাচ (ঈগল)। আগামী কয়েক সপ্তাহ ধরে ফুটবল–জ্বরে কাঁপবে বিশ্ব। ক্লাব, অফিস, দোকানে, আড্ডায় সর্বত্রই বিশ্বকাপ নিয়ে চর্চা হবে, আর সমর্থকরা আবেগ–উচ্ছ্বাসে মুখর হয়ে উঠবেন।

● *অপূর্বলাল নস্কর*
*ডোমজুড়, হাওড়া*

### বিশ্বকাপ জ্বরে বিশ্ব

ফুটবল বিশ্বকাপ বিশ্বের সবচেয়ে জনপ্রিয় ও মর্যাদাপূর্ণ ক্রীড়া প্রতিযোগিতা। ২০২৬ সালের ফিফা বিশ্বকাপ ইতিহাসে এক নতুন অধ্যায়ের সূচনা করেছে। এই প্রথমবারের মতো তিনটি দেশ—যুক্তরাষ্ট্র, কানাডা এবং মেক্সিকো—যৌথ ভাবে এই বিশাল আসরের আয়োজন করেছে। ১১ জুন থেকে ১৯ জুলাই পর্যন্ত অনুষ্ঠিত এই প্রতিযোগিতায় অংশ নিচ্ছে ৪৮টি দেশ, যা বিশ্বকাপের ইতিহাসে সর্বাধিক শুধু নয়, তাৎপর্যপূর্ণও বটে।

এবারের বিশ্বকাপের অন্যতম বড় আকর্ষণ হল দলসংখ্যা বৃদ্ধি। মূল পর্বে ৩২টি দল অংশগ্রহণ করলেও এবার ৪৮টি দলকে সুযোগ দেওয়া হয়েছে। ফলে বিশ্বের বিভিন্ন অঞ্চলের আরও বেশি দেশ বিশ্বকাপের মঞ্চে নিজেদের প্রতিভা প্রদর্শনের সুযোগ পেয়েছে। নতুন দলগুলোর মধ্যে কেপ ভার্দে, জর্ডান, উজবেকিস্তান ও কুরাসাও প্রথমবারের মতো বিশ্বকাপে অংশগ্রহণ করছে।






এবারের আসরে মোট ১০৪টি ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে, যা পূর্ববর্তী বিশ্বকাপের তুলনায় অনেক বেশি। দলগুলোকে ১২টি গ্রুপে ভাগ করা হয়েছে এবং প্রতিটি গ্রুপে চারটি করে দল রয়েছে। গ্রুপ পর্ব শেষে সেরা দুটি দল এবং সেরা আটটি তৃতীয় স্থানাধিকারী দল নকআউট পর্বে উন্নীত হবে। বর্তমান বিশ্বচ্যাম্পিয়ন আর্জেন্টিনা শিরোপা ধরে রাখার লক্ষ্যে মাঠে নেমেছে। এছাড়া ব্রাজিল, ফ্রান্স, স্পেন, জার্মানি এবং ইংল্যান্ড–এর মতো শক্তিশালী দলগুলোও শিরোপার দাবিদার। ফুটবলপ্রেমীদের কাছে বিশেষ আকর্ষণ হয়ে উঠেছে কিংবদন্তি লিওনেল মেসি ও ক্রিশ্চিয়ানো রোনাল্ডো। কারণ এটাই তাঁদের সম্ভাব্য শেষ বিশ্বকাপ। বিশ্বকাপ কেবল একটি ক্রীড়া প্রতিযোগিতা নয়, এটি বিশ্বের বিভিন্ন দেশের সংস্কৃতি, ঐক্য ও সম্প্রীতির এক মহামিলনক্ষেত্র। কোটি কোটি দর্শক টেলিভিশন ও অনলাইন মাধ্যমে এই প্রতিযোগিতা উপভোগ করছেন। নতুন ফরম্যাট, নতুন দল এবং নতুন সম্ভাবনার কারণে ২০২৬ সালের বিশ্বকাপকে ফুটবল ইতিহাসের সবচেয়ে বড় ও বর্ণময় বিশ্বকাপ হিসেবে বিবেচনা করা হচ্ছে। সর্বোপরি, এবারের ফুটবল বিশ্বকাপ বিশ্ব জুড়ে ফুটবলপ্রেমীদের জন্য এক মহাউৎসব। খেলাধুলার মাধ্যমে শান্তি, বন্ধুত্ব ও ভ্রাতৃত্বের বার্তা ছড়িয়ে দেওয়াই এই আসরের অন্যতম প্রধান তাৎপর্য।

● *অরিজিৎ দাস অধিকারী*
*সবং, পশ্চিম মেদিনীপুর*

### বিশ্বকাপে নায়ক থেকে খলনায়ক

১৯৩০ সালে উরুগুয়েতে অনুষ্ঠিত প্রথম বিশ্বকাপে ফ্রান্সের ক্যাপ্টেন ছিলেন আলেক্সান্দ্রে ভিলাপ্লেন। দ্বিতীয় বিশ্বযুদ্ধে জার্মানদের কোলাবরেটর হয়ে কাজ করার অপরাধে ফায়ারিং স্কোয়াডে তাঁর প্রাণদণ্ড কার্যকর করা হয়েছিল।

আলেক্সান্দ্রে ভিলাপ্লেন ১৯০৫ সালে ফ্রান্সের দখলকৃত আলজেরিয়ায় জন্মগ্রহণ করেন। তিনি একজন মিডফিল্ডার ছিলেন এবং ১৯২৬ থেকে ১৯৩০ সালের মধ্যে ফ্রান্স জাতীয় দলের হয়ে ২৫টি ম্যাচ খেলেন। ১৯৩০ সালে উরুগুয়েতে অনুষ্ঠিত প্রথম ফিফা বিশ্বকাপে তিনি ফ্রান্স দলের অধিনায়ক ছিলেন। ফ্রান্স তখন বিশ্বকাপ ইতিহাসের প্রথম ম্যাচে মেক্সিকোকে ৪–১ গোলে হারিয়েছিল।



সে সময় ভিলাপ্লেনকে ফ্রান্সের অন্যতম সেরা মিডফিল্ডার হিসেবে ধরা হত। কিন্তু মাঠের বাইরেও তাঁর বিরুদ্ধে জুয়া, ম্যাচ–ফিক্সিং ও প্রতারণার অভিযোগ ছিল, যা ধীরে ধীরে তাঁর কেরিয়ার ধ্বংস করে।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময় জার্মানি ফ্রান্স দখল করলে ভিলাপ্লেন প্রতিরোধ আন্দোলনে যোগ না দিয়ে উল্টে নাৎসি সহযোগীদের সঙ্গে কাজ শুরু করেন। তিনি কুখ্যাত ‘ফরাসি গেস্টাপো’–র সঙ্গে যুক্ত হন। ১৯৪৪ সালে তিনি ‘ব্রিগেড নর্ড–আফ্রিকায়েন’ নামে একটি সহযোগী বাহিনীর নেতা হন। এই বাহিনী ফরাসি প্রতিরোধ যোদ্ধাদের খুঁজে বের করা, নির্যাতন করা এবং হত্যা করার জন্য কুখ্যাত ছিল।

ভিলাপ্লেনের বিরুদ্ধে অভিযোগ ছিল, তিনি প্রতিরোধ আন্দোলনের সদস্যদের ধরিয়ে দিতেন। অন্তত ১০টি হত্যাকাণ্ডে সরাসরি অংশগ্রহণ করেছিলেন। ঐতিহাসিক সূত্র অনুযায়ী, তাঁর ইউনিট ১৯৪৪ সালে ফ্রান্সের মুসিদাঁ এলাকায় বহু মানুষকে হত্যা করে। ফ্রান্স মুক্ত হওয়ার পর ভিলাপ্লেনকে গ্রেপ্তার করা হয়। রাষ্ট্রদ্রোহ, শত্রুর সঙ্গে সহযোগিতা, হত্যা এবং নৃশংস কর্মকাণ্ডের অভিযোগে তাঁকে মৃত্যুদণ্ড দেওয়া হয়। ১৯৪৪ সালের ডিসেম্বর মাসে প্যারিসের কাছে ফোর্ট দ্য মন্ত্রুজে ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে তাঁর মৃত্যুদণ্ড কার্যকর করা হয়।

ফুটবল ইতিহাসে ভিলাপ্লেন একটি অদ্ভুত এক চরিত্র। তিনি একদিকে প্রথম বিশ্বকাপে ফ্রান্সের অধিনায়ক, অন্যদিকে যুদ্ধাপরাধ ও নাৎসিবাহিনীকে সহযোগিতার দায়ে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তি। বিশ্বকাপ ইতিহাসে আর কোনও অধিনায়কের জীবন এত নাটকীয় ভাবে নায়ক থেকে খলনায়কে পরিণত হয়েছে বলে জানা নেই।

● *বিশ্বজিৎ কর*
*গড়িয়া, কলকাতা*

### ডিম-সংস্কৃতি

নতুন শব্দ। রাজনৈতিক পালাবদলের পর ভাল ডিম বা পচা ডিম ছোড়া নিয়ে প্রায় দেড় মাস ধরে প্রচুর খবর সমাজমাধ্যম জুড়ে। উৎপাদন গিয়েছে কমে। তাই, ডিম আরও দামি হয়ে উঠছে প্রতিদিন। আচমকাই বৃদ্ধি পোলট্রির ডিমের দাম। পেট্রোপণ্যের মূল্যবৃদ্ধি এবং আবহাওয়াই নাকি উৎপাদনের ঘাটতির প্রধান কারণ। জুনের শুরুতে এক ট্রে ডিমের দাম ছিল ১৮০ টাকা। জুনের মাঝামাঝি ওই ট্রে–র দাম বেড়ে হয়েছে ২২০ টাকা। মাছের দাম বেড়েছে। মাংসের দাম বেড়েছে। এবার বাড়ল ডিমের দাম। সাধারণ জনতা খাবে কী?

● *সুদর্শন গোস্বামী*
*বেহালা চৌরাস্তা, কলকাতা*



**চিঠি লিখুন ইমেলেও priyo_sampadak@aajkaal.net**



# রুপো-রঙা অর্থনীতির ঢেউ

**শুদ্ধসত্ত্ব ঘোষ**

৬৯ বছরের বৃদ্ধা মা ওরিন–কে পিঠে নিয়ে ছেলে চলেছে। তুষারবৃত দুর্গম পাহাড়ে ফেলে রেখে আসবে। তাদের দারিদ্র এবং গ্রামীণ প্রথা উবাসুতের কারণে। মাকে মৃত্যুর জন্য ফেলে রেখে আসার এ ভয়ঙ্কর দৃশ্য যাঁরা দেখেছেন চলচ্চিত্রে, পেয়েছেন তীব্র যন্ত্রণা। শিচিরো ফুকাজাওয়ার লেখা এই লোককথা–নির্ভর উপন্যাস ‘নারায়ামা বুশিকো’ উপন্যাসটির চলচ্চিত্রায়ণ প্রথম করেন ১৯৫৮–তে কেইসুকে কিনোশিতা। কাবুকি নাট্য প্রথায়, অল্প আউটডোর, বেশি ইনডোরে চিত্রায়িত করেন। কিন্তু শোহেই ইমামুরা ১৯৮৩–তে বাস্তববাদী ধারায়, প্রকৃতির নিজস্ব প্রাণচক্রের হিংস্রতা–সহ আদিম মানবিক হিংস্র জীবনযাত্রাকে ধরে কান–এ পুরস্কারজয়ী হলেন। দু’টি সিনেমার মধ্যে রাজনৈতিক নন্দনতত্ত্বের পার্থক্য ছিল।

১৯৭০–এ জাপানে বৃদ্ধ–বৃদ্ধার সংখ্যা তরুণ–তরুণীদের তুলনায় অনেকটাই বেড়ে যায়। এই তরুণ–তরুণীদের মুদ্রাস্ফীতি ইত্যাদি বাদ দিয়ে প্রকৃত উপার্জন টোকিও জাতীয় বড় শহরে টিকে থাকার জন্য যথেষ্ট ছিল না। অন্যদিকে, বৃদ্ধ–বৃদ্ধাদের হাতে পারিবারিক সম্পদ থেকে উপার্জিত সম্পদ বেশি। পেনশনের অর্থও আসছিল তরুণ প্রজন্মের ওপর কর বসিয়ে। তাঁরা কোম্পানিতে বিরাট সময় কাজ করার কাজ করার পরেও, নিজেদের জীবনই টানতে পারছিলেন না, তো সঙ্গী বা সঙ্গিনী খুঁজবেন কী! পরিবার এবং শিশু হলে সামাল দেবার সঙ্গতি থাকছিল না বলে পরিবার বাদ। তখন থেকেই জাপানে শিশুজন্মের হারও কমছিল।

ওই ১৯৫৬–র উপন্যাস এবং চলচ্চিত্রের দু’টি পৃথক চরিত্রের কারণ এগুলি। ১৯৫৮–তেও বৃদ্ধদের সংখ্যা বাড়ছে দেখা যাচ্ছে। তাঁদের প্রতি মানবিক হতে হবে, এটি প্রকাশের দায় ছিল উপন্যাস ও প্রথম চলচ্চিত্রের। কিন্তু ১৯৮৩–তে সঙ্কট প্রবল। তাই তীব্র দাঁত–নখের যুদ্ধ চিত্রিত হয়েছে জীবনের। কিন্তু এর মধ্যে দিয়েই বাজার চলে এবং মুনাফা করে। তাই জাপানেই প্রথম তৈরি হল সিলভার ইকনমি। রুপালি চুলের বৃদ্ধ–বৃদ্ধাদের প্রতি সম্মানার্থেই এই শব্দটি তৈরি হয়। তা খানিক রুপালি রেখা দেখাল। এঁদের বিত্ত বেশি, ব্যয় করার ক্ষমতাও। ফলে এঁদের জন্য বয়স–রোধক থেকে ব্যবহারের ডায়াপার জাতীয় নানা বার্ধক্যবিদ্যাপ্রসূত পণ্য, এসে গেল। একলা থাকলে যত্ন নেবে রোবট, শরীর–স্বাস্থ্যের খোঁজ রাখবে এআই। পড়েটড়ে গেলেও স্মার্ট হোমের সেন্সর জানাবে। বাড়িতেও চলাচলের জন্য বিশেষ ব্যবস্থা।

অর্থ ব্যয় করলেই ভ্রমণ। হুইলচেয়ার থেকে যোগব্যায়ামের ট্রেনিং হোটেলে। গাড়িতে–প্লেনে চড়ার বিশেষ ব্যবস্থা। প্রায় সর্বত্র হাতের কাছে মজুত চিকিৎসা ও চিকিৎক। জাপানে এখন মোট পারিবারিক আর্থিক সম্পদের ৬০ শতাংশেরও বেশি, প্রায় ১৫ ট্রিলিয়ন মার্কিন ডলার নিয়ন্ত্রণ করছেন বৃদ্ধরা। নতুন প্রজন্মের হাতে সম্পদ হস্তান্তরের জন্য ট্রাস্ট ব্যাঙ্ক, প্রবীণ–বান্ধব পলিসি বাজার হয়েছে। এমনকী, অবসর ভেঙে কাজে যোগ দেবার ব্যবস্থাও আছে।

> সিলভার ইকনমির পরের ঢেউ হাতের কাছেই। আমাদের বয়স্করা যেভাবে যুগ পরিবর্তনে বিপুল উল্লম্ফন দেখেছেন তাতে তাঁদের নিয়মিত প্রকৌশলে সড়গড় হওয়ার দরকার। সেটা বয়স্করাই কোম্পানিগুলির অধীনে একে অপরকে শেখাতে পারেন, বলছেন বিশেষজ্ঞরা। এও বলছেন যে বয়স্কদের গড় চাহিদাই শুধু নয়, ব্যক্তিগত চাহিদা অনুসারেও প্রযুক্তিকে কাজে লাগানো দরকার।



ভারতেও এ বাজার বর্তমানে গড় আয়ুর সঙ্গেই বাড়ছে। ২০৩০ নাগাদ এর বাজার হতে চলেছে ১.৫ ট্রিলিয়ন মার্কিন ডলার। বহু বাজার–বিশেষজ্ঞ এই বাজারের দিকে উদ্যোগশালী এবং নিজ–উদ্যোগীদের এই বাজার নিয়ে কাজ বাড়াতে বলছেন। বর্তমানে আমাদের দেশে বয়স্কদের সংখ্যা ১৫০ মিলিয়ন। ২০৫০–এ হবে আনুমানিক ৩৫০ মিলিয়ন। পাঁচজনের মধ্যে গড়ে একজন বয়স্ক।

এঁদের জন্য পণ্য, পরিষেবা, বিশেষ হাসপাতাল, বৃদ্ধাশ্রম জাতীয় উদ্যোগ, বিশেষ আবাসন, বিনোদন, ভ্রমণ–স্বাচ্ছন্দ্য ইত্যাদি চাই। সহায়তা থেকে জরুরি অবস্থা সামাল, নিরাপত্তা, খাবার সরবরাহের নিয়মিত বন্দোবস্ত এমন নানা ক্ষেত্র বাড়তেই পারে আরও। বিশেষ করে এই সিলভার ইকনমির পরের ঢেউ যখন হাতের কাছেই। আমাদের বয়স্করা যেভাবে যুগ পরিবর্তনে বিপুল উল্লম্ফন দেখেছেন, তাতে তাঁদের নিয়মিত প্রকৌশলে সড়োগড়ো হওয়ার দরকার। সেটা বয়স্করাই কোম্পানিদের অধীনে একে অপরকে শেখাতে পারেন, বলছেন বিশেষজ্ঞরা। তাঁরা এও বলছেন যে, বয়স্কদের গড় চাহিদাই শুধু নয়, ব্যক্তিগত চাহিদা অনুসারেও প্রযুক্তিকে কাজে লাগানো দরকার। যেমন স্মার্টফোন, অনেক বয়স্কেরই ভয়ের কারণ। তাঁরা সবচেয়ে বেশি স্ক্যামের শিকার হচ্ছেন, যেহেতু তাঁরা অনেকেই অনলাইন ব্যবস্থা সম্পর্কে জানেন কম এবং মনে রাখতে পারেনও কম। এসবের সমাধান হলে এবং বাজার হলে তো খুব ভালই হয়।

কিন্তু শুধু এই সিলভার কেয়ারই কি অর্থনীতির সেই সিলভার বুলেট, যা সব সমস্যার সমাধান করবে? ইওরোপের লোককাহিনি থেকে এই সিলভার বুলেটের ধারণাটা এসেছে। অয়্যারউল্ফ, ভ্যাম্পায়ার ইত্যাদিদের মারতে একমাত্র অস্ত্র। বর্তমান অর্থনীতির নানা ক্ষেত্রেই বলা হয়, এমন জাদুকরি সমাধান কিছুতে নেই। কোনও সিলভার বুলেট নেই। এখানেও নেই।

জাপানে এখন তরুণেরা যেতে চাইছেন বিদেশে। দেশে তাঁদের আয় বাড়ে না, কোম্পানিদের মুনাফা বাড়লেও। তাঁদের শ্রমের জন্য বিদেশে অনেক বেশিই পাবেন, বুঝতে পেরেছেন। অথচ এভাবে চললে গোটা দেশটাই তো বৃদ্ধাশ্রম হয়ে যাবে। ওখানে, কোম্পানিগুলি সিলভার কেয়ারের ব্যবস্থাকে মানবসম্পদ নয়, প্রযুক্তি–নির্ভর করেছে মুনাফাবৃদ্ধির জন্য। কিন্তু সিলভার কেয়ারে যদি তরুণদের নিয়োগ করা হত বর্ধিত মাইনে ও হারে, তা হলে একটা ভারসাম্যের দিকে সমাজ ও রাষ্ট্র পৌঁছোত। মানবিক সম্পর্ক গড়ে উঠত, যার বিকল্প যন্ত্রের সঙ্গে সম্পর্ক নয়। হলে তা ভবিষ্যতে আরও সমস্যার জন্ম দেবে না, কে বলতে পারে? যেমন এখনই এআই সম্পর্কে আত্মহত্যায় প্ররোচনা দেওয়ার অভিযোগ আসছে নানা স্থান থেকে।

ভারতে, জাপানের অবস্থা আসতে দেরি আছে। ভাববার সুযোগও আছে। আর্থিক ব্যবস্থাটি বহুস্তরীয় হতে পারে। বিপুল এই বয়স্ক অংশ সম্পদের নানা ধাপে আছে। আমাদের তারুণ্যেরও জীবিকার বিকাশের প্রয়োজন। প্রযুক্তি এবং মানবসম্পদ দুইয়ের মিলনেই সমাধান ও বহুস্তরীয় ব্যবসা সম্ভব। মোবাইল রিচার্জ থেকে ব্যাঙ্ক বা চিকিৎসার কাজ ইত্যাদিতে অনেকের সহায়ক দরকার, তাঁদের সামর্থ্যের মধ্যে। তুলনামূলক ধনীদের ভিন্ন সক্ষমতা। তাঁদের ব্যবস্থাও পৃথক হবে। তারই সঙ্গে দেখা দরকার, নানা মেলায় বা ট্রেনের কামরায়, কোনও সন্তান যেন তাঁদের মা–বাবাকে ফেলে রেখে চলে না যান। সেখানে সম্পদ কম বা প্রায় নেই বলে সহায়তা পৌঁছোবে না, এটা কল্যাণমূলক ব্যবস্থা নয়। পরিবারের আদর্শরূপও নয়। বানপ্রস্থ যাতে সংসারেই হয়, তার ব্যবস্থাও ভাবা দরকার।

# সাহিত্যিক অবধূতের স্মৃতিজড়ানো উদ্ধারণপুর

**প্রবীর আচার্য**

ঔপন্যাসিক অবধূতের বিখ্যাত উপন্যাস ‘উদ্ধারণপুরের ঘাট’ শুরুই হচ্ছে ‘উদ্ধারণপুরের ঘাট, কান্না হাসির হাট’— দিয়ে। সুগভীর এক দর্শন অন্তর্নিহিত আছে এই কথা ক’টির মধ্যে। তবে এই এলাকার গাঁয়ের লোক এসব দার্শনিক তাৎপর্যের ধার ধারেন না। তাঁরা রেগে গেলে মানুষকে গালাগালি দেন, ‘উদ্ধারণপুরের ঘাটে যাও।’ কারণটা অবশ্য মর্মান্তিক। বর্ধমান, বীরভূম, মুর্শিদাবাদ জেলার সংশ্লিষ্ট এলাকা থেকে অহরহ মৃতদেহ আসছে উদ্ধারণপুরের ঘাটে, অন্তিম সংস্কারের জন্য। গঙ্গাতীরবর্তী উদ্ধারণপুরের মহাশ্মশান তাই বিখ্যাত স্থান। তাছাড়া বিভিন্ন কারণে গঙ্গাস্নান করার প্রয়োজন হলে দূর–দূরান্তের মানুষ এই উদ্ধারণপুর ঘাটেই উপস্থিত হন। উদ্ধারণপুরের মেলাও এলাকাবাসীর কাছে অত্যন্ত আকর্ষণীয়।



স্থানীয় মানুষের বিশ্বাস এবং বহু আঞ্চলিক ইতিহাসকারগণ লিখেছেন উদ্ধারণ দত্তের নাম অনুসারে জায়গাটির নামকরণ হয়েছে উদ্ধারণপুর। কিন্তু এই মতটি নস্যাৎ করে দিয়েছেন ড. কালীচরণ দাস। তাঁর মতানুসারে বিপ্রদাস পিপলাই ‘মনসামঙ্গল’ কাব্যে (রচনাকাল ১৪৯৫/৯৬) লিখেছেন— ‘প্রথমে বাহিনু জাল/ রামেশ্বর ধর্মখাল/ অজয় বিজয় সুরেশ্বরী।। উজবনি বক্র বাহি/ শিবা নদী সাখাই/ ওধানপুর বাই ইন্দ্রেশ্বর।।’

অর্থাৎ সে সময় উদ্ধারণপুরের নাম ছিল ‘ওধানপুর’। উদ্ধারণ দত্তের জীবৎকাল ১৪৮১/৮২ থেকে ১৫৪১ খ্রিস্টাব্দ। সেই সময় জায়গাটির নাম ছিল ওধানপুর। এর আরও প্রমাণ মেলে কবিকঙ্কন মুকুন্দরাম চক্রবর্তীর ১৫৯৬ খ্রিস্টাব্দে রচিত চণ্ডীমঙ্গলে— ‘সোনালিয়া নবগাঁ/ তাহাতে করিল বাঁ/ উত্তরিল সাধু বাগুনকোলা।/ সম্মুখে ওধনপুর/ নৈহাটি কতদূর/ শাঁখারী ঘাটে দিল দরশন।।’

এই পদটি থেকে প্রমাণিত হয় ১৫৪১ খ্রিস্টাব্দে উদ্ধারণ দত্তের প্রয়াণের পরও জায়গাটির নাম ছিল ওধনপুর। শবদাহ করার চুল্লি থেকে জায়গাটির নাম ছিল ওধানপুর। ১৭৫০ খ্রিস্টাব্দে রচিত মহারাষ্ট্রপুরাণে বলা হয়েছে— ‘সহর লুটিতে বর্গী তবে আইল ধাইয়া।/ নৈহাটী উর্দ্ধানপুর কাটাঞ ডাইনে থুইয়া।’ কালীচরণ দাসের মতে ধীরে ধীরে ওধানপুরের সঙ্গে উদ্ধারণ দত্তের নামটি জুড়ে গিয়ে হয়ে যায় উদ্ধারণপুর। উদ্ধারণপুরের মেলাটিও হয় তাঁর তিরোধান দিবস উপলক্ষে পৌষ মাসের সংক্রান্তির দিন। উদ্ধারণ দত্তের সংক্ষিপ্ত পরিচয়ও নানা বিভ্রান্তিকর তথ্যে পূর্ণ। তিনি ছিলেন হুগলি জেলার আদি সপ্তগ্রামের নিকট কৃষ্ণপুর গ্রামের এক বিত্তবান বণিক বংশের সন্তান। পিতা শ্রীকর দত্ত, মায়ের নাম ভদ্রাবতী। চৈতন্যদেবের থেকে চার বছরের বড় ছিলেন। প্রথম জীবনে তিনি উদ্ধারণপুরের নিকট নবহট্ট বা নৈহাটির নৈরাজার দেওয়ান ছিলেন। পরে নিত্যানন্দের কাছে দীক্ষা নিয়ে তাঁর অত্যন্ত প্রিয় শিষ্য হয়ে যান। ৪৭ বছর বয়সে তিনি বৈরাগ্য নিয়ে বৃন্দাবন–সহ বৈষ্ণব ক্ষেত্রগুলি পরিক্রমা করতে থাকেন। তাঁকে নিত্যানন্দগণের দ্বাদশ গোপালের অন্যতম গোপাল হিসেবে বিবেচনা করা হয়। পূর্বজন্মে তিনি শ্রীকৃষ্ণের দ্বাদশ সখার অন্যতম সুবাহু সখা ছিলেন বলে স্বীকৃতি দেওয়া হয়। পরবর্তীকালে তিনি উদ্ধারণপুর ফিরে এসে পাটবাড়ি তৈরি করে সেখানে নিতাই–গৌর ও বলরাম বিগ্রহ প্রতিষ্ঠা করে সাধন ভজন করতে থাকেন। ১৫৪১ খ্রিস্টাব্দে তাঁর দেহাবসান হলে ওই পাটবাড়িতেই তাঁকে সমাধি দেওয়া হয়।

উদ্ধারণ দত্তের অবর্তমানে বিগ্রহগুলির সেবাপূজায় মন্দা পড়ে। সোনারুন্দির রাজবাড়িতে সে খবর পৌঁছে যায়। সোনারুন্দির রাজবাড়ির পত্তন করেছিলেন দানিশমন্দ নিত্যানন্দ দালাল। তাঁর মধ্যমপুত্র জগদিন্দ্র বনোয়ারী গোবিন্দদেব বাহাদুর নিজ মহালে বিগ্রহগুলির সেবাপূজার অব্যবস্থা দেখে দুঃখিত হন। বিগ্রহগুলি সোনারুন্দি রাজবাড়িতে নিয়ে গিয়ে সেবাপূজার ব্যবস্থা করেন। সময়টা ছিল ১৮২১ খ্রিস্টাব্দের পরে। উদ্ধারণ দত্তের তিরোধান তিথি পৌষ সংক্রান্তিতে বিগ্রহগুলিকে উদ্ধারণপুর পাটবাড়িতে নিয়ে এসে উৎসবের আয়োজনও করেন তিনি। মেলার সূচনা হয় ১৮২২ খ্রিস্টাব্দ নাগাদ। সে হিসেবে উদ্ধারণপুরের মেলার বয়স প্রায় ২০০ বছর।

কাটোয়া মহকুমার কেতুগ্রাম দু’নম্বর ব্লকের অন্তর্গত উদ্ধারণপুর গ্রাম। মৌজার জেএল নম্বর ১১৮ এবং পাটবাড়ির দাগ নম্বর ৪২৭। পাঁচিলঘেরা বেশ কিছুটা ফাঁকা জায়গার ওপর পাটবাড়ি। দক্ষিণমুখী বারান্দাওয়ালা টিনের চালা ঘরে বলরাম এবং নিতাই–গৌর মন্দির। পশ্চিমে উদ্ধারণ দত্তের সমাধি। সমাধি মন্দিরে তাঁর মূর্তি রয়েছে। সামনের গেট দিয়ে পাটবাড়িতে প্রবেশ করলে প্রথমেই ডান দিকে পড়বে রত্নেশ্বর শিবমন্দির। অষ্টাদশ শতকে সোনারুন্দির রাজারা শিবমন্দিরটি স্থাপন করেছিলেন। পাটবাড়িতে ঢোকার আগে গেটের গায়ে সাহিত্যিক অবধূতের আবক্ষ মূর্তি। অবধূতের জন্ম শতবর্ষে ২০১০ সালে মূর্তিটি প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠা করেছিলেন জাতীয় পুরস্কারপ্রাপ্ত ভাস্কর গুরুপদ সরকার। প্রতি বছর কালীপুজোর পরদিন সাড়ম্বরে অবধূতের জন্মদিন পালিত হয় ‘দীপ্রকলম’ পত্রিকার উদ্যোগে। পাটবাড়ির সামনেই বিশাল ফুটবল খেলার মাঠ, আর এই মাঠটিই আসলে উদ্ধারণপুর মেলার মাঠ। বাজারের মধ্যে উদ্ধারণপুর স্নান ঘাটেও উদ্ধারণ দত্তের একটি মূর্তি স্থাপন করা হয়েছে। এছাড়াও কাটোয়া সখীর আখড়ায় উদ্ধারণ দত্তের একটি মূর্তি স্থাপন করেছে বণিক সম্প্রদায়।

উদ্ধারণ দত্তের তিরোধান তিথি নিয়ে বিতর্ক থাকলেও এখানে তাঁর তিরোধান উৎসব পালিত হয় পৌষ মাসের সংক্রান্তির দিন। যদিও তাঁর জন্মস্থান আদি সপ্তগ্রামে তাঁর তিরোধান উৎসব পালিত হয় অগ্রহায়ণ মাসের সংক্রান্তিতে। সেই উপলক্ষেই বসে উদ্ধারণপুরের মেলা। এই মেলাকে চলতি কথায় উত্তরান্তির মেলাও বলা হয়। সেদিনই সব থেকে ছোট দিন এবং রাত্রি বড় হয়। তারপর থেকে সূর্য উত্তরায়ণের পথে সরতে থাকে এবং দিন বড় হতে থাকে। সেজন্যই বলে উত্তরায়ণের মেলা।

মেলা উপলক্ষে সোনারুন্দি রাজবাড়ি থেকে বলরাম এবং গৌর–নিতাই বিগ্রহ উদ্ধারণপুরে আসে পৌষ সংক্রান্তির তিন দিন আগে। উৎসব শেষে বিগ্রহগুলি ৪ মাঘ রাজবাড়িতে ফিরে যায়। আগে দোলায় করে বিগ্রহ আনা হত, এখন মোটরগাড়িতে নিয়ে আসা হয়। রত্নেশ্বর শিবমন্দিরে পুজো করেন নৈহাটির ব্যানার্জিরা। আসলে উদ্ধারণপুরের মেলার মাঠ, শ্রীপাট, শ্মশানঘাট, স্নানের ঘাটের আসল মালিক সোনারুন্দির রাজবাড়ির বংশধররা। রাজবাড়ির জামাইয়ের তরফে একটি কমিটি আছে। শ্রীপাটে ঠাকুর থাকেন সপ্তাহখানেক, সেই ক’দিন সেবাপূজা চলে এবং নিমন্ত্রিতদের মধ্যে অন্নপ্রসাদ বিতরণ করা হয়। এই উপলক্ষে মেলা শুরু হয় ১ মাঘ এবং মেলা চলে ৪ মাঘ পর্যন্ত। মাঘ মাসের প্রথম দু’দিন সাধারণ মহোৎসব হয়। আশপাশের গ্রাম থেকে পাঁচ–ছ’টি আখড়া আসে। যেহেতু উদ্ধারণ দত্ত জাতিতে বণিক ছিলেন সে কারণে কাটোয়া বণিকসভা থেকে একটি আখড়া যায় এবং তাঁরা দু’দিনব্যাপী তোড়জোড় করে মহোৎসব দেন। পঞ্চায়েতের তরফেও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।

**দ্বিতীয় উত্তর সম্পাদকীয়র জন্য ৬০০ শব্দে লেখা পাঠানোর মেল— sampadokiyo@aajkaal.net**

### তথ্য

**বিশ্বকাপ ফুটবলের একটি ম্যাচের ৯০ মিনিটে একজন মিডফিল্ডার দৌড়োন গড়ে ১২.৭ কিমি, স্ট্রাইকার ১০.৯ কিমি এবং ফুলব্যাক ১০.৬ কিমি।**

দে মু

আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেডের পক্ষে অরুণকুমার ঘোষ কর্তৃক বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও অফিস ব্লক, জি–২১২, সিটি সেন্টার, শিলিগুড়ি–৭৩৪০১০ থেকে প্রকাশিত এবং আজকাল পাবলিশার্স প্রাইভেট লিমিটেড, বি পি–৭, সেক্টর–৫, বিধাননগর, কলকাতা–৭০০০৯১ ও সিইআই প্রিন্ট সলিউশন প্রাঃ লিঃ, ৪ মাইল, সেবক রোড, পোঃঅঃ– শালুগাড়া (শালুগাড়া রিলায়েন্স মার্কেটের বিপরীতে), শিলিগুড়ি–৭৩৪০০৮ থেকে মুদ্রিত। **সম্পাদক: অশোক দাশগুপ্ত**। Published from BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; Office Block, G–212, City Centre, Siliguri–734010 and printed at Aajkaal Publishers Pvt. Ltd., BP–7, Sector–V, Bidhannagar, Kolkata–700091; CEI Print Solution Pvt. Ltd., 4 Mile, Sevoke Road, P.O. Salugara (Opposite to Salugara Reliance Market), Siliguri–734008 by Arun Kumar Ghosh On behalf of Aajkaal Publishers Pvt. Ltd. **Editor: Asoke Dasgupta**. ফোন: (০৩৩) ৪০৮২০৮০০, ৬৬১৫৮৮০০। Phone: (033) 40820800, 66158800, E-mail: mail@aajkaal.net REGD. NO. KOL RMS/243/2019–2021 RNI NO: R.N. 37263/81






## নিট: টেলিগ্রাম অ্যাপ বন্ধের নির্দেশ কেন্দ্রের

**নিট-ইউজি প্রশ্নফাঁস-কাণ্ডের পর সতর্ক কেন্দ্র। ২১ জুন নতুন করে নিট-ইউজি পরীক্ষা হবে। নিরাপত্তার স্বার্থেই কেন্দ্রীয় বৈদ্যুতিন এবং তথ্যপ্রযুক্তি মন্ত্রকের তরফে ঘোষণা করা হয়েছে, পরীক্ষার জন্য সাময়িক ভাবে বন্ধ রাখা হবে টেলিগ্রাম অ্যাপের পরিষেবা। কেন্দ্রীয় সরকারের নির্দেশে জনপ্রিয় মেসেজিং অ্যাপ 'টেলিগ্রাম'কে সাময়িক ভাবে গুগ্‌ল প্লে স্টোর থেকেও সরিয়ে দেওয়া হয়েছে। পাশাপাশি, ৩০ জুন পর্যন্ত ভারতে এই প্ল্যাটফর্মের 'এডিট মেসেজ' সুবিধেটিও নিষ্ক্রিয় রাখার নির্দেশ দেওয়া হয়েছে।**

## ত্রিপুরার সারিন্দা পেল জিআই ট্যাগ

**ত্রিপুরার ঐতিহ্যবাহী বাদ্যযন্ত্র সারিন্দা জিআই ট্যাগ পেল। এই নিয়ে ত্রিপুরার চারটি পণ্য পেল আন্তর্জাতিক স্বীকৃতি। এর আগে ত্রিপুরার কুইন আনারস, উপজাতিদের পোশাক রিশা বা পাছরা এবং ত্রিপুরেশ্বরী মন্দিরের পেড়ার মিলেছিল জিআই ট্যাগ। সারিন্দার জিআই স্বীকৃতিতে মুখ্যমন্ত্রী ডাঃ মানিক সাহা বলেছেন, 'অমূল্য লোকঐতিহ্য সংরক্ষণ ও প্রসারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ এক পদক্ষেপ হিসেবে বিবেচিত হবে এবং একই সঙ্গে রাজ্যের সমৃদ্ধ সাংস্কৃতিক ঐতিহ্যকে আরও শক্তিশালী করবে'।**

## পাক জঙ্গি-যোগ, দিল্লিতে গ্রেপ্তার ৭

**পাকিস্তানের ইন্টার-সার্ভিসেস ইন্টেলিজেন্স (আইএসআই)-এর সঙ্গে সরাসরি যোগসূত্র থাকা একটি আন্তর্জাতিক জঙ্গি চক্রকে ভেঙে দিল দিল্লি পুলিশ। শাহজাদ ভাট্টি এবং তার সহযোগী আজমল গুজ্জরের নেটওয়ার্কের সঙ্গে যুক্ত সাতজন সদস্যকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ জানিয়েছে, এই চক্রটি পাকিস্তানের নির্দেশে জঙ্গি হামলা চালানো, অস্ত্র ও মাদক পাচার এবং গোয়েন্দা তথ্য সংগ্রহের কাজ করত। সিন্ডিকেটটি পাকিস্তান থেকে ভারতে অস্ত্র, গোলাবারুদ এবং হেরোইনের মতো মাদক পাচার করত।**

## প্যারিসে উৎসবের জোয়ার সপ্তাহ জুড়ে

**জুন মাসের প্রথম সপ্তাহে প্যারিস ও ইল-দ্য-ফ্রঁস অঞ্চল হয়ে ওঠে যেন স্বপ্নপুরী। প্রকৃতি-উৎসব থেকে শুরু করে রয়্যাল রোজ গার্ডেনের সুবাস— সব মিলিয়ে পর্যটকদের জন্য এক অনন্য সময়। ৬ জুন আয়োজিত হতে চলা 'নুই ব্লাঁশ' শহরটিকে করে তুলবে আলোর উৎসবে মুখরিত।**

# আধার: সব পক্ষের বক্তব্য চায় সুপ্রিম কোর্ট

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ১৬ জুন

আধার কার্ডকে নাগরিকত্ব, স্থায়ী বাসিন্দার মর্যাদা বা জন্মতারিখের প্রমাণ হিসেবে ব্যবহার করা নিয়ে প্রশ্ন তুলে দায়ের হওয়া এক জনস্বার্থের মামলায় কেন্দ্র ও সব রাজ্য সরকারকে নোটিস পাঠাল সুপ্রিম কোর্ট। দেশের সর্বোচ্চ আদালত জানতে চেয়েছে, আধারকে কেবলমাত্র পরিচয় যাচাইয়ের নথি হিসেবে সীমাবদ্ধ রাখার দাবিতে তাদের অবস্থান কী। প্রধান বিচারপতি সূর্য কান্ত এবং বিচারপতি ভি মোহনার বেঞ্চ মঙ্গলবার মামলাটির শুনানিতে সব পক্ষের হলফনামা তলব করেছে। একই ধরনের অন্যান্য বিচারাধীন মামলার সঙ্গে এটিকেও যুক্ত করার নির্দেশ দিয়েছে আদালত।

আইনজীবী অশ্বিনী উপাধ্যায়ের আবেদনে দাবি করা হয়েছে, আধার কার্ডকে শুধুমাত্র পরিচয়ের প্রমাণ হিসেবেই ব্যবহার করা উচিত। নাগরিকত্ব, বাসস্থান, ডোমিসাইল এবং জন্মতারিখের প্রমাণ হিসেবে এর ব্যবহার বন্ধে কেন্দ্র, রাজ্য সরকার এবং নির্বাচন কমিশনকে নির্দেশ দেওয়ার জন্য শীর্ষ আদালতে আর্জি জানানো হয়েছে। মামলাকারীর বক্তব্য, ২০১৬ সালের আধার আইনের ৯ নম্বর ধারায় স্পষ্ট বলা হয়েছে যে, আধার নাগরিকত্ব বা ডোমিসাইল বা স্থায়ী বাসস্থানের প্রমাণ নয়। পাশাপাশি, ২০২৩ সালে ইউআইডিএআইয়ের বিজ্ঞপ্তিতেও উল্লেখ করা হয়েছিল যে, আধার কেবল পরিচয় যাচাইয়ের নথি— নাগরিকত্ব, ঠিকানা বা জন্মতারিখের প্রমাণ নয়। তবুও বাস্তবে স্কুলে ভর্তি, সম্পত্তি কেনাবেচা, জন্ম শংসাপত্র, রেশন কার্ড, ড্রাইভিং লাইসেন্স এবং নতুন ভোটার তালিকাভুক্তির আবেদনপত্রে (ফর্ম ৬) আধারকে বয়স ও ঠিকানার প্রমাণ হিসেবে গ্রহণ করা হচ্ছে বলে অভিযোগ করা হয়েছে। এর ফলে অনুপ্রবেশকারী বা বেআইনি অভিবাসীরাও বিভিন্ন সরকারি নথি সংগ্রহের সুযোগ পাচ্ছেন বলে আবেদনে দাবি করা হয়েছে। আবেদনে আরও বলা হয়েছে, নতুন ভোটার নিবন্ধনের ক্ষেত্রে বর্তমান যাচাইকরণ ব্যবস্থা যথেষ্ট কঠোর নয়। ফলে পর্যাপ্ত নথি ছাড়াই কিছু ব্যক্তি ভোটার তালিকায় অন্তর্ভুক্ত হওয়ার সুযোগ নিচ্ছেন।

# লেবাননে হামলা বন্ধ করতে হবে, শর্ত ইরানের

**সংবাদ সংস্থা**
ওয়াশিংটন ও দুবাই, ১৬ জুন

যুদ্ধ থামাতে ইরান-আমেরিকা শান্তি চুক্তির অন্যতম শর্ত লেবানন থেকে সরে আসতে হবে ইজরায়েলকে। লেবাননে হামলা বন্ধ করতে হবে। শর্ত দিয়েছে ইরান। শান্তি চুক্তির পক্ষে নয় ইজরায়েল। অবস্থানে অনড় তেল আভিভ জানিয়েছে, ইরানের শর্ত তারা মানবে না। ইজরায়েলের প্রধানমন্ত্রী বেঞ্জামিন নেতানিয়াহুর সাফ কথা, ইরানের সঙ্গে চুক্তি ট্রাম্পের সিদ্ধান্ত। ইজরায়েলের নিজস্ব মতামত আছে। কোন বিষয় অগ্রাধিকার পাবে তা স্থির করতে জানে ইজরায়েল। তাই যতদিন দরকার মনে করবে ততদিন লেবাননকে বাফার জোন হিসেবে ব্যবহার করবে তেল আভিভ। লেবাননে সেনা বহাল রাখার সিদ্ধান্তে অনড় নেতানিয়াহু। এই মতপার্থক্যের কারণে কি সঙ্ঘাত দীর্ঘায়িত হবে? প্রশ্ন ঝুলে।

ইরানের বিদেশমন্ত্রী আব্বাস আরাঘচির কথায়, 'লেবাননে যুদ্ধের অবসান সামগ্রিক ভাবে শান্তি চুক্তির অবিচ্ছেদ্য অংশ। যুদ্ধের সময় ইজরায়েল লেবাননের যেসব জায়গা কবজা করেছে সেখান থেকে সেনা প্রত্যাহার না করলে পুরোপুরি যুদ্ধ বন্ধ হওয়ার নয়। ইজরায়েল ফের লেবাননে হামলা করলে তাকে সমঝোতা লঙ্ঘন বলেই বিবেচনা করা হবে।' এভাবেই লেবাননে হামলা বন্ধ করাকে শান্তি চুক্তির শর্ত হিসেবে তুলে ধরেছে ইরান।

এদিকে দু'পক্ষের অমীমাংসিত বিষয়গুলি চুক্তির দীর্ঘমেয়াদি সম্ভাবনাকে প্রশ্নের মুখে ফেলেছে। ট্রাম্পের দাবি, ইরান পারমাণবিক অস্ত্র বানাবে না। জি৭ বৈঠকের অবসরে আলোচনায় উঠে আসে ইরানের প্রসঙ্গ। 'মধ্যপ্রাচ্যে সঙ্ঘাতের অবসান ও স্থিতিশীল পরিবেশ নিশ্চিত করা' সংক্রান্ত আলোচনায় কাতার, মিশর, সংযুক্ত আরব আমিরশাহি যোগদান করবে। তাদের সঙ্গে আলোচনা না করে ইরানের সঙ্গে সঙ্ঘাতে জড়ানোয় আমেরিকার ওপর রুষ্ট ইওরোপের বিভিন্ন দেশ। তবে ইরান-আমেরিকার শান্তি চুক্তিকে স্বাগত জানিয়েছে ফ্রান্স, জার্মানি ও ইতালির মতো বিভিন্ন দেশ।

# অভিবাসনের ধাক্কায় আমেরিকা তৃতীয় বিশ্বের দেশ হবে: ট্রাম্প

**সংবাদ সংস্থা**
ওয়াশিংটন, ১৬ জুন

অভিবাসনের ধাক্কায় আমেরিকা তৃতীয় বিশ্বের দেশের মতো হয়ে যাবে। উন্নয়নশীল দেশ থেকে দলে দলে লোকজন অভিবাসী হয়ে প্রবেশ করলে আমেরিকার ভবিষ্যৎ আমূল বদলে যাবে। মন্তব্য করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। এইচ-১বি ভিসার ফি বাড়ানোর বিরুদ্ধে আদালতের রায় যে তাঁর একেবারে মনঃপূত হয়নি, কথার মাধ্যমে তাও বুঝিয়েছেন।

অভিবাসন নীতি নিয়ে বরাবর কড়া অবস্থান ট্রাম্পের। 'মেক আমেরিকা গ্রেট এগেন' স্লোগানের পালে হাওয়া দিয়ে আবারও নিজের সেই অবস্থান সমাজমাধ্যমে স্পষ্ট করলেন ট্রাম্প। ট্রুথ সোশ্যালে তিনি লিখেছেন, 'দুঃখজনক হলেও, আপনি যদি তৃতীয় বিশ্বের লোকজন আনতে থাকেন তা হলে আপনিও দ্রুত তৃতীয় বিশ্বের দেশে পরিণত হবেন— তখন আপনার আর কিছুই করার থাকবে না। আমেরিকাকে আবার মহান করে তুলুন (মেক আমেরিকা গ্রেট এগেন)।'

এইচ-১বি ভিসার ফি বাড়াতে এগিয়েছিল ট্রাম্প প্রশাসন। কিন্তু আদালতের নির্দেশে তা করে উঠতে পারেনি। এ নিয়ে আদালতের রায়ের সমালোচনা জুড়েছেন ট্রাম্প। এবং এনবিএ ফাইনাল ম্যাচ দেখে নিউ ইয়র্ক ছাড়ার সময় সাংবাদিকদের মুখোমুখি হয়ে আদালতের রায় নিয়ে হতাশা প্রকাশ করেন ট্রাম্প। বলেন, 'ফেডারেল বিচারপতিরা আক্ষরিক অর্থে আমাদের কঠিন পরিস্থিতির মুখে ফেলেছেন। কোর্ট সিস্টেমে যা চলছে তা সত্যি হাস্যকর... আমাদের দেশের মারাত্মক ক্ষতি হচ্ছে।' উল্লেখ্য, বৈধ অভিবাসীর সংখ্যায় রাশ টানতে এইচ-১বি ভিসার ফি বাড়ানোর মতো একাধিক পদক্ষেপ করতে এগিয়েছেন ট্রাম্প। কিন্তু ভিসা ফি বাড়াতে গিয়ে আদালতে ধাক্কা খেয়েছেন।

# প্রেসক্রিপশন ছাড়া কাশির সিরাপ বিক্রি নয়

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ১৬ জুন

কাশির সিরাপ কিনতে হলে এবার বাধ্যতামূলক ভাবে দেখাতে হবে চিকিৎসকের প্রেসক্রিপশন। ভেজাল কাশির সিরাপ সেবনের ফলে একাধিক শিশুর মৃত্যুর ঘটনার পরিপ্রেক্ষিতেই ওষুধ বিক্রির নিয়মে বড় পরিবর্তন আনল কেন্দ্রীয় সরকার। আজ, মঙ্গলবার কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক ১৯৪৫ সালের ড্রাগস রুলস সংশোধনের বিজ্ঞপ্তি জারি করে জানিয়েছে, কাশির সিরাপ আর ওভার-দ্য-কাউন্টার (ওটিসি) বা প্রেসক্রিপশন ছাড়া কেনা বা বিক্রি করা যাবে না। নতুন সংশোধনী অনুযায়ী, ১৯৪০ সালের ড্রাগস অ্যান্ড কসমেটিকস আইনের অধীনে যে ওষুধগুলিকে বিশেষ ছাড় দেওয়া হয়েছিল, সেই তালিকা থেকে 'সিরাপ' শব্দটি বাদ দেওয়া হয়েছে। নতুন নিয়ম অনুসারে, চিকিৎসকের প্রেসক্রিপশন ছাড়া কাশির সিরাপ কিনে খাওয়া যাবে না।

এতদিন কাশি-সর্দির জন্য ব্যবহৃত সিরাপ, লজেন্স, বড়ি ও ট্যাবলেটের ক্ষেত্রে কিছু নিয়ন্ত্রিত ছাড় ছিল। এখন থেকে সিরাপ কেনার জন্য চিকিৎসকের প্রেসক্রিপশন দেখাতেই হবে। তবে কাশি-সর্দির ট্যাবলেট, বড়ি এবং লজেন্স আগের মতোই প্রেসক্রিপশন ছাড়া কেনা যাবে। পরিবর্তনটি শুধুমাত্র সিরাপের ক্ষেত্রে প্রযোজ্য। নতুন নিয়মে আরও বলা হয়েছে, এক হাজারের কম জনসংখ্যা, এমন গ্রামাঞ্চলেও কাশির সিরাপ বিক্রি শুধুমাত্র লাইসেন্সপ্রাপ্ত ওষুধের দোকান থেকেই করা যাবে। আগে এই ধরনের এলাকায় কিছু ক্ষেত্রে লাইসেন্স সংক্রান্ত শর্ত শিথিল ছিল। কেন্দ্রের বক্তব্য, সিরাপ-জাতীয় ওষুধের ওপর নিয়ন্ত্রণ ও নজরদারি বাড়ানো এবং জনস্বাস্থ্য সুরক্ষার স্বার্থে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

## ইডির জেরার সময়েই অভিষেককে সময় দিলেন স্পিকার

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ১৬ জুন

কলকাতায় সোমবার অভিষেক ব্যানার্জিকে ইডির জিজ্ঞাসাবাদের সময় তাঁকে স্পিকারের সঙ্গে দেখা করার জন্য সময় দেওয়া হয়। বেলা দুটোয় মেল পাঠিয়ে বিকেল চারটেয় তাঁকে স্পিকারের সঙ্গে দেখা করতে বলা হয়। কিন্তু তা সম্ভব হয়নি। এখন দেখার, স্পিকার আবার তৃণমূল কংগ্রেসের লোকসভার দলনেতাকে অন্য কোনও দিন সময় দেন কি না।

তৃণমূলের ২০ জন বিক্ষুব্ধ সাংসদ দল ভাঙতে উদ্যোগী হওয়ার পরে গত রবিবার লোকসভার স্পিকারকে চিঠি দিয়েছিলেন অভিষেক ব্যানার্জি। লোকসভার সাংসদ কীর্তি আজাদ ও রাজ্যসভার সাংসদ সাগরিকা ঘোষ অভিষেকের সেই চিঠি স্পিকারের বাড়িতে গিয়ে তাঁর হাতে তুলে দেন। সেই চিঠিতে দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক তথা লোকসভার দলনেতা অভিষেক লেখেন, 'তৃণমূল একটি অখণ্ড রাজনৈতিক দল। আইনতও তৃণমূল একটিই।' তৃণমূলের সংসদীয় দলের মধ্যে কোনও পৃথক গোষ্ঠীকে যাতে স্বীকৃতি না-দেওয়া হয়, লোকসভার স্পিকারের কাছে সেই আর্জিও জানান তিনি। জানা গিয়েছে, ইডির জিজ্ঞাসাবাদ চলার সময়েই সোমবার দুপুর ২টো নাগাদ স্পিকারের দপ্তর থেকে ইমেল পাঠানো হয় অভিষেককে। ২টো ১০ মিনিটে বর্ধমান-দুর্গাপুরের তৃণমূল সাংসদ কীর্তি আজাদকে ফোন করে মেল পাঠানোর বিষয়টি স্পিকারের দপ্তরের তরফে জানানোও হয়। কীর্তিকে বলা হয়, সোমবার বিকেল ৪টের মধ্যে স্পিকারের সঙ্গে দেখা করতে পারেন অভিষেক। স্পিকারের দপ্তর থেকে ফোন আসার পরেই তৃণমূলের রাজ্যসভার দলনেতা ডেরেক ও'ব্রায়েনের সঙ্গে কথা বলেন কীর্তি। ডেরেক কীর্তিকে জানান, ইডি দপ্তরে রয়েছেন অভিষেক। তাই অভিষেকের পক্ষে মেল দেখা কিংবা তার প্রেক্ষিতে জবাব দেওয়া সম্ভব নয়।

# দেশে ফিরেই বিজেপি নেতাদের কাছে রচনা

**আজকালের প্রতিবেদন**
দিল্লি, ১৬ জুন

বিদেশ থেকে দিল্লি ফিরেই মঙ্গলবার সাংসদ রচনা ব্যানার্জি দেখা করলেন একাধিক বিজেপি নেতার সঙ্গে। তৃণমূল ছেড়ে বিক্ষুব্ধ শিবিরের নতুন দল এনসিপিআইয়ে যোগ দেওয়ার বাসনায় প্রয়োজনীয় নিয়মকানুনও সারলেন। দেশের বাইরে থাকায় গত রবিবার তৃণমূলের অন্য বিদ্রোহী সাংসদদের মতো লোকসভার স্পিকার ওম বিড়লার সঙ্গে দেখা করতে পারেননি রচনা। এদিন দিল্লিতে পৌঁছেই তিনি বিজেপি নেতা ভূপেন্দ্র যাদব ও নিশিকান্ত দুবের সঙ্গে দেখা করেন। এরপর লোকসভার সেক্রেটারি জেনারেল উৎপল সিংয়ের সঙ্গেও দেখা করেন। তাঁর সঙ্গে দেখা করে নিজের 'অবস্থান' লিখিত ভাবে স্পষ্ট করেছেন বলে ন্যাশনালিস্ট সিটিজেন্স পার্টি অফ ইন্ডিয়া (এনসিপিআই)-র ছাতার তলায় আসা বিদ্রোহী সাংসদ গোষ্ঠীর সূত্রে জানা গিয়েছে। তৃণমূলের বিদ্রোহী সাংসদরা ইতিমধ্যেই এনসিপিআই নামে একটি রাজনৈতিক দলে যোগ দিয়েছেন। রচনাও সেই দলেই রয়েছেন। লোকসভার স্পিকার ওম বিড়লার কাছে যে চিঠি জমা পড়েছিল, তাতে রচনা ব্যানার্জির সই ছিল না। লোকসভার সেক্রেটারি জেনারেলের সঙ্গে দেখা করে এদিন চিঠিতে সই করেন তিনি।

সেক্রেটারি জেনারেলের সঙ্গে দেখা করার পর রচনা সংবাদ মাধ্যমে বলেছেন, 'দিদির সঙ্গে আমার পুরনো সম্পর্ক। সেই সম্পর্ক অটুট থাকবে। সবাই বলেন, দিদি মানেই তৃণমূল। ঠিকই। তাঁকে দেখেই মানুষ ভোট দেন। কিন্তু আমায় মানুষ ভোট দিয়েছেন তার কারণ আমি চিত্রতারকা বলে নয়, আমায় মানুষ ভোট দিয়েছেন কাজ করার জন্য। যে কাজ গত ১৫ বছরে হয়নি। কাজ করার জন্য কেন্দ্রের সমর্থন দরকার।' তৃণমূল কংগ্রেসের ভাঙন এবং দলত্যাগী সাংসদদের নতুন রাজনৈতিক অবস্থান নিয়ে লোকসভা স্পিকার ওম বিড়লা এখনও কোনও চূড়ান্ত সিদ্ধান্ত নেননি। স্পিকারের দপ্তর সূত্রে জানা গেছে, দলত্যাগী সাংসদদের পাশাপাশি মমতা ব্যানার্জির নেতৃত্বাধীন তৃণমূলের বক্তব্যও শোনা হবে। তারপরই বিদ্রোহী গোষ্ঠীকে স্বীকৃতি দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হবে।

গত কয়েক দিন রাজধানী দিল্লিতে তৃণমূলের বিদ্রোহী সাংসদদের সক্রিয়তা দেখা গিয়েছে। এদিন দিল্লি থেকে কলকাতায় ফিরেছেন বেশ কয়েকজন বিদ্রোহী সাংসদ। এনসিপিআইয়ের সাংসদদের মধ্যে কেউ কেউ নরেন্দ্র মোদির মন্ত্রিসভায় ঠাঁই পেতে পারেন বলেও জোর গুঞ্জন শুরু হয়েছে। সেই সূত্রে অভিজ্ঞতার নিরিখে সুদীপ ব্যানার্জিকে এগিয়ে রেখেছিল বিভিন্ন মহল। এনসিপিআইয়ের নেতা কে হবেন, সুদীপ না কাকলি ঘোষদস্তিদার, তা নিয়েও চর্চা শুরু হয়। এদিন সুদীপ জানিয়েছেন, তিনি নিয়মিত দিল্লি আসতে পারবেন না। ফলে কাকলি ঘোষদস্তিদার, শতাব্দী রায়রা দলের বিভিন্ন বিষয়ে সিদ্ধান্ত নেবেন। অন্য দিকে, রবিবারই লোকসভার স্পিকারের কাছে কাকলিরা আবেদন করেছেন তাঁদের যেন আলাদা ব্লকে বসতে দেওয়া হয়। তাঁরা এনডিএর সঙ্গে বসতে চান ও সমর্থন করতে চান। অন্য দিকে, তৃণমূল বিদ্রোহী শিবিরকে 'গদ্দারের দল' বলে অভিহিত করেছে। এদিন সুদীপ বলেছেন, 'কোনটি 'আসল টিএমসি', তা আদালতই নির্ধারণ



**জি-৭ শীর্ষ সম্মেলনের আগে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ফ্রান্সের ইভিয়ঁ লে বঁয়ে, মঙ্গলবার। ছবি: এপি**

## ১৬ মাস পর মুখোমুখি মোদি-ট্রাম্প

**সংবাদ সংস্থা**
ইভিয়ঁ লে বঁয়, ১৬ জুন

দীর্ঘ ১৬ মাস পর মুখোমুখি হলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। মঙ্গলবার ফ্রান্সে জি৭ সম্মেলনে মোদিকে দেখেই চেয়ার ছেড়ে উঠে হাসিমুখে হাত বাড়িয়ে দেন ট্রাম্প। হাত মেলানোর পর দু'জনে বেশ কিছুক্ষণ কথাও বলেন। বুধবার মোদির সঙ্গে বৈঠক করার কথা রয়েছে ট্রাম্পের। শুল্ক নিয়ে বিবাদের জেরে ভারত-মার্কিন সম্পর্কে অবনতি হয়েছিল। এছাড়া ২০২৫ সালের মে মাসে ভারত-পাকিস্তান সঙ্ঘর্ষ থামানো নিয়ে ট্রাম্পের বিতর্কিত মন্তব্যে অসন্তুষ্ট হয়েছিল দিল্লি। তবে গত মাসে মার্কিন বিদেশ সচিব মার্কো রুবিও ভারত সফরে আসার পর দু'দেশের সম্পর্ক স্বাভাবিক হওয়ার পথে। প্রধানমন্ত্রীকে হোয়াইট হাউসে যাওয়ার আমন্ত্রণও জানিয়েছিলেন রুবিও। তবে গত সপ্তাহে ওমান উপকূলে মার্কিন বিমান হামলায় তিন ভারতীয় নাবিকের মৃত্যুর পর ফের দু'পক্ষের সম্পর্কে টানাপোড়েন শুরু হয়েছে। উল্লেখ্য, জি৭ সম্মেলনে যোগ দেওয়ার জন্য এদিনই ফ্রান্সে পৌঁছেছেন প্রধানমন্ত্রী।

ইংডিয়ন বৈংক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

পরিশিষ্ট ৪ [নিয়ম ৮(১) দ্রষ্টব্য]
**দখল বিজ্ঞপ্তি**
(স্থাবর সম্পত্তির জন্য)

**জোনাল অফিস: বারাসাত**
৫৪, কে এন সি রোড, বারাসাত, পশ্চিমবঙ্গ, পিন-৭০০১২৪

যেহেতু:
সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২-এর অধীনে এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর নিয়ম ৮ এবং ৯-এর সাথে পঠিত ধারা ১৩ (১২)-এ প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে **ইন্ডিয়ান ব্যাঙ্ক-এর অনুমোদিত অফিসার** হিসাবে নিম্নস্বাক্ষরকারী **২৩.১২.২০২৫ তারিখে একটি ডিম্যান্ড নোটিশ জারি করেছিলেন,** যাতে **ঋণগ্রহীতা: সুখেন্দু মাঝি (ঋণগ্রহীতা/বন্ধকদাতা),** পিতা- প্রয়াত কৃষ্ণ মাঝি, গ্রাম- মাধবপুর, **মাধবপুর (মৌজা) শাখা**-কে উক্ত বিজ্ঞপ্তিতে উল্লিখিত বকেয়া পরিমাণ **₹২১,৫৬,১০৪.০০** (শুধুমাত্র একুশ লক্ষ ছাপান্ন হাজার একশো চার টাকা) উক্ত বিজ্ঞপ্তি প্রাপ্তির তারিখ থেকে ৬০ দিনের মধ্যে পরিশোধ করার আহ্বান জানানো হয়েছিল।
উক্ত ঋণগ্রহীতা উক্ত অর্থ পরিশোধ করতে ব্যর্থ হওয়ায়, এতদ্বারা ঋণগ্রহীতা এবং সর্বসাধারণকে বিজ্ঞপ্তি দেওয়া হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী উক্ত অ্যাক্ট-এর ধারা ১৩ (৪)-এর সাথে পঠিত উক্ত রুলস-এর নিয়ম ৮ এবং ৯-এর অধীনে তাকে প্রদত্ত ক্ষমতা প্রয়োগ করে **২০২৬ সালের ১৬ জুন** তারিখে নিম্নে বর্ণিত সম্পত্তিটির দখল নিয়েছেন।
বিশেষ করে ঋণগ্রহীতা এবং সাধারণ জনগণকে এতদ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন উক্ত সম্পত্তির সাথে কোনও লেনদেন না করেন এবং উক্ত সম্পত্তির সাথে যে কোনও লেনদেন **ইন্ডিয়ান ব্যাঙ্ক, মাধবপুর (মৌজা) শাখা-এর ২৩.১২.২০২৫** তারিখ অনুযায়ী **₹২১,৫৬,১০৪.০০** (একুশ লক্ষ ছাপান্ন হাজার একশো চার টাকা) এবং তার ওপর উদ্ভূত সুদের চার্জের সাপেক্ষে হবে।
"সুরক্ষিত সম্পদের ওপর আপনার রিডেম্পশনের অধিকারের বিষয়ে আমরা সারফায়েসি অ্যাক্ট-এর ১৩(৮) ধারা এবং এর অধীনে প্রণীত নিয়মগুলির বিধানগুলির প্রতি আপনার দৃষ্টি আকর্ষণ করছি।"

**স্থাবর সম্পত্তির বিবরণ**
**১.** সামান্য কমবেশি ৪ ডেসিমেল বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ এবং তার ওপর স্থিত কাঠামো যার স্থিতি ও বিবরণ: মৌজা- বেড়াবেড়িয়া, জে এল নং ৭২, আর এস এবং এল আর দাগ নং ৩১১৩, খতিয়ান নং ৫২০, বেড়াবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- আমডাঙা, জেলা- উত্তর ২৪ পরগনা, ২০১৪ সালের জন্য এ ডি এস আর ও- আমডাঙা-এর অধীনে বুক নং ১, সিডি ভলিউম নং ৭, পৃষ্ঠা ৪৪১০ থেকে ৪৪২৪, দলিল নং ১ ২০৮১-তে নিবন্ধিত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- আশুতোষ ও গোলোক মাঝির সম্পত্তি; দক্ষিণ- চিন্তা মাঝির সম্পত্তি; পূর্ব- ১৮ ফুট চওড়া পঞ্চায়েত রাস্তা; পশ্চিম- পতিত পাবন মাঝির সম্পত্তি।
২. সামান্য কমবেশি ৪ ডেসিমাল বাস্তু জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: মৌজা- বেড়াবেড়িয়া, জে এল নং ৭২, আর এস এবং এল আর দাগ নং ১২১৬, খতিয়ান নং ৫২০, বেড়াবেড়িয়া গ্রাম পঞ্চায়েতের অধীনে, থানা- আমডাঙা, জেলা- উত্তর ২৪ পরগনা, ২০১৪ সালের জন্য এ ডি এস আর ও- আমডাঙা-এর অধীনে বুক নং ১, সিডি ভলিউম নং ৭, পৃষ্ঠা ৪৪১০ থেকে ৪৪২৪, দলিল নং ১ ২০৮১-তে নিবন্ধিত। **সম্পত্তির চৌহদ্দি ও চতুর্সীমা:** উত্তর- আশুতোষ মাঝির সম্পত্তি; দক্ষিণ- ১৮ ফুট চওড়া পঞ্চায়েত রাস্তা; পূর্ব- তপন মাঝির সম্পত্তি; পশ্চিম- ১৮ ফুট পঞ্চায়েত রাস্তা।
**সম্পত্তির মালিকানা সুখেন্দু মাঝির নামে।**

**তারিখ: ১৬.০৬.২০২৬**
**স্থান: বারাসাত**
**অনুমোদিত অফিসার**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক**

## পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড

**সিআইএন (CIN): L২৪১৩১WB১৯৪৮PLC০৯৫৩০২**
নিবন্ধিত কার্যালয়: বিড়লা বিল্ডিং, ৯/১, আর. এন. মুখার্জি রোড, কলকাতা - ৭০০০০১
ফোন: ০৩৩ ৪০৮২ ৩৭০০/২২২০ ০৬০০, ওয়েবসাইট: www.pilaniinvestment.com
ই-মেল: pilani@pilaniinvestment.com

**বিশেষ জানালা - বাস্তবিক সিকিউরিটিজ হস্তান্তর এবং ডিমেটেরিয়ালাইজেশনের জন্য পুনরায় জমা**

সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ বোর্ড অফ ইন্ডিয়া ("সেবি") ১ এপ্রিল, ২০১৯ থেকে বাস্তবিক শেয়ারের হস্তান্তর বন্ধ করে দিয়েছিল। তবে, ১ এপ্রিল, ২০১৯-এর আগে মূলত জমা দেওয়া কিন্তু নথিপত্রে ত্রুটির কারণে ফেরত আসা বাস্তবিক শেয়ার হস্তান্তরের অনুরোধগুলি পুনরায় জমা দেওয়ার জন্য সেবি দ্বারা ৭ জুলাই, ২০২৫ থেকে ৬ জানুয়ারি, ২০২৬ পর্যন্ত একটি বিশেষ জানালা খোলা হয়েছিল।
বিনিয়োগকারীদের সুবিধার্থে, সেবি তাদের ৩০ জানুয়ারি, ২০২৬ তারিখের সার্কুলার নম্বর HO/৩৮/১৩/১১(২)২০২৬-MIRSD-POD/১/৩৭৫০/২০২৬ এর মাধ্যমে ৫ ফেব্রুয়ারি, ২০২৬ থেকে ৪ ফেব্রুয়ারি, ২০২৭ পর্যন্ত এক বছরের জন্য আরেকটি বিশেষ জানালা খোলার সিদ্ধান্ত নিয়েছে। বাস্তবিক শেয়ার হস্তান্তরের জন্য বিশেষ জানালার অধীনে অনুরোধ জানানোর সময়, অন্যতম বাধ্যতামূলক প্রয়োজনীয়তা হল আসল শেয়ার শংসাপত্র (সার্টিফিকেট) জমা দেওয়া, যা নিম্নরূপ:

| হস্তান্তর দলিল সম্পাদনের তারিখ | ১ এপ্রিল, ২০১৯-এর আগে হস্তান্তরের জন্য জমা দেওয়া হয়েছিল কি? | আসল সিকিউরিটি শংসাপত্র উপলব্ধ আছে কি? | বর্তমান জানালাতে জমা দেওয়ার যোগ্য কি? |
|---|---|---|---|
| ১ এপ্রিল, ২০১৯-এর আগে | না (এটি নতুন জমাকরণ) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ (এটি আগে প্রত্যাখ্যান/ফেরত দেওয়া হয়েছিল) | হ্যাঁ | হ্যাঁ |
| | হ্যাঁ | না | না |
| | না | না | না |

এছাড়া, নিম্নলিখিত বিষয়গুলি এই জানালার অধীনে বিবেচনা করা হবে না:
- হস্তান্তরকারী এবং গ্রহীতার মধ্যে বিরোধ জড়িত রয়েছে এমন বিষয়
- যে সমস্ত সিকিউরিটিজ ইনভেস্টর এডুকেশন অ্যান্ড প্রোটেকশন ফান্ড (আইইপিএফ)-এ স্থানান্তরিত করা হয়েছে।

দ্রষ্টব্য: উপরোক্ত সময়কালে পুনরায় জমা দেওয়া সমস্ত শেয়ারগুলি ট্রান্সফার-কাম-ডিমেট রুটের মাধ্যমে প্রক্রিয়া করা হবে, অর্থাৎ হস্তান্তরের পরে সেগুলি শুধুমাত্র ডিমেটেরিয়ালাইজড (ডিমেট) ফর্মে ইস্যু করা হবে এবং তা এক বছরের জন্য লক-ইন এর অধীন থাকবে।
আরও সহায়তার জন্য যোগ্য শেয়ারহোল্ডার(দের) কোম্পানির ইমেইল আইডি- pilani@pilaniinvestment.com এবং/অথবা এর রেজিস্ট্রার অ্যান্ড শেয়ার ট্রান্সফার এজেন্ট (আরটিএ) অর্থাৎ নিশে টেকনোলজিস প্রাইভেট লিমিটেড, ৩এ, অকল্যান্ড প্লেস, ৮ম তলা, রুম নং- ৭এ এবং ৭বি, কলকাতা- ৭০০০১৭ (ইমেল আইডি: nichetechpl@nichetechpl.com)-এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হচ্ছে।
আরও বলা হচ্ছে যে, বাস্তবিক ফর্মে ইক্যুইটি শেয়ার ধারণকারী শেয়ারহোল্ডারদের তাদের কেওয়াইসি বিশদ আপডেট করতে এবং তাদের বাস্তবিক শেয়ারগুলিকে ডিমেটেরিয়ালাইজড (ইলেক্ট্রনিক) ফর্মে রূপান্তর করতে উৎসাহিত করা হচ্ছে। ডিম্যাট ফর্মে শেয়ার ধরে রাখলে একাধিক সুবিধা পাওয়া যায় এবং তা বাস্তবিক শেয়ার শংসাপত্রের সাথে যুক্ত ঝুঁকিগুলি দূর করে।

**পিলানি ইনভেস্টমেন্ট অ্যান্ড ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন লিমিটেড-এর পক্ষে**
স্বা/-
**আর. এস. কাশ্যপ**
**কোম্পানি সেক্রেটারি**
**এফসিএস-৮৫৮৮**

স্থান: কলকাতা
তারিখ: ১৬.০৬.২০২৬

ইংডিয়ন বৈংক Indian Bank
ইলাহাবাদ ALLAHABAD

**স্ট্রেসড অ্যাসেটস ম্যানেজমেন্ট ব্রাঞ্চ**
৪র্থ তল, পরশ কমপ্লেক্স, লালপুর, সার্কুলার রোড, রাঁচি- ০৩৪০০১

**পরিশিষ্ট- IVA [রুল ৯(১)-এর শর্তাংশ পঠিত রুল ৬(২) এবং ৮(৬) দ্রষ্টব্য]**
**স্থাবর/অস্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

**সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট ২০০২ পঠিত সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২-এর রুল ৯(১)-এর শর্তাংশ পঠিত রুল ৬(২) এবং ৮(৬)-এর অধীনে স্থাবর সম্পত্তি বিক্রয়ের ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি।**
এতদ্বারা সর্বসাধারণ এবং বিশেষত নীচে উল্লিখিত ঋণগ্রহীতা এবং জামিনদারদের জানানো হচ্ছে যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি যা সিকিওরড ক্রেডিটর-এর কাছে বন্ধক/চার্জ করা আছে, যার **প্রতীকী দখল ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্যাম ব্রাঞ্চ, রাঁচি (ই-এলাহাবাদ ব্যাঙ্ক)**, সিকিওরড ক্রেডিটর-এর অনুমোদিত আধিকারিক গ্রহণ করেছেন, সেটি **ইন্ডিয়ান ব্যাঙ্ক, স্যাম ব্রাঞ্চ, রাঁচি (ই-এলাহাবাদ ব্যাঙ্ক)**, সিকিওরড ক্রেডিটর-এর বকেয়া **₹২,৭৯,৮২,৯৬৫ (দুই কোটি উনআশি লক্ষ বিরাশি হাজার নয়শো পঁয়ষট্টি টাকা মাত্র) (১৫.০৬.২০২৬ অনুযায়ী)** উদ্ধারের জন্য **১০.০৭.২০২৬** তারিখে "যেমন আছে যেখানে আছে", "যেমন আছে যা আছে" এবং "যা কিছু আছে" ভিত্তিতে বিক্রি করা হবে, যা **১) মেসার্স বাবু ভাই মেটালিক্স প্রাইভেট লিমিটেড (ঋণগ্রহীতা)**, মারফৎ এর ডিরেক্টর মিঃ কমলেশ কুমার এবং মিঃ করণ ঠাকুর, **রেজিস্টার্ড অফিস:** ১১ ক্লাইভ রো, ৫ম তল, রুম নং- ১০, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০০১, **কর্পোরেট অফিস:** ৫৭, জেকব ভিলা, ২য় তল, এনএলও সীতারামডেরা, পোঃঅঃ- এগ্রিকো, জামশেদপুর- ৮৩১০০৯, ঝাড়খণ্ড, ফ্যাক্টরি সাইট: অ্যাট- জামদোল, পোঃঅঃ- কান্তাবনী, থানা- চাকুলিয়া, জেলা- পূর্ব সিংভূম, ঝাড়খণ্ড- ৮৩২৩০২; **২) মিসেস শশী জয়সওয়াল, স্বামী- মিঃ সুবোধ কুমার (ডিরেক্টর ও জামিনদার),** বাড়ি নং- ১, আদর্শ নগর, ভুঁইয়াডি, পোঃঅঃ- এগ্রিকো, জামশেদপুর- ৮৩১০০৯; **৩) মিঃ সৌরভ কুমার, পিতা- মিঃ সুবোধ কুমার (ডিরেক্টর ও জামিনদার)**, বাড়ি নং- ১, আদর্শ নগর, ভুঁইয়াডি, পোঃঅঃ- এগ্রিকো, জামশেদপুর- ৮৩১০০৯; **৪) মিঃ সুবোধ কুমার, পিতা- প্রয়াত রাজেন্দ্র প্রসাদ (জামিনদার),** বাড়ি নং- ১, আদর্শ নগর, ভুঁইয়াডি, পোঃঅঃ- এগ্রিকো, জামশেদপুর- ৮৩১০০৯; **৫) মেসার্স বাবু ভাই মেটালিক্স প্রাইভেট লিমিটেড (বন্ধকদাতা)**, রেজিস্টার্ড অফিস: ১১ ক্লাইভ রো, ৫ম তল, রুম নং- ১০, কলকাতা, পশ্চিমবঙ্গ- ৭০০০০১, **কর্পোরেট অফিস:** ৫৭, জেকব ভিলা, ২য় তল, এনএলও সীতারামডেরা, পোঃঅঃ- এগ্রিকো, জামশেদপুর- ৮৩১০০৯, ঝাড়খণ্ড, **ফ্যাক্টরি সাইট অ্যাট-** জামদোল, পোঃঅঃ- কান্তাবনী, থানা- চাকুলিয়া, জেলা- পূর্ব সিংভূম, ঝাড়খণ্ড- ৮৩২৩০২-এর থেকে প্রাপ্য। ই-অকশন মোডের মাধ্যমে বিক্রয়ের জন্য উদ্দিষ্ট সম্পত্তির নির্দিষ্ট বিবরণ নীচে দেওয়া হল।

**সম্পত্তির বিস্তারিত বিবরণ:** বাবু ভাই মেটালিক্স প্রাইভেট লিমিটেড-এর নামে মৌজা- জামদোল, থানা নং ৩৭৬, অঞ্চল চাকুলিয়া, থানা- চাকুলিয়া, হালকা নং ৩, পরগনা ধলভূম, জেলা- পূর্ব সিংভূম-এ অবস্থিত প্ল্যান্ট ও মেশিনারি সহ জমি ও বিল্ডিং যার মোট এলাকা ১৫৩.৫০ ডেসিমাল, খতিয়ান নং এবং প্লট নং নীচে বিস্তারিত দেওয়া হল:
১) সামান্য কমবেশি ৫.৫০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১০.০৭.২০১৫ তারিখের বিক্রয় দলিল নং ৩৩৭৯, খতিয়ান নং ৫৯, প্লট নং ২২১/৩৬২। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- প্লট নং ২২১; দক্ষিণ- প্লট নং ২২২; পূর্ব- প্লট নং ২২১; পশ্চিম- প্লট নং ২২০।
২) সামান্য কমবেশি ২৫.০০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১০.০৭.২০১৫ তারিখের বিক্রয় দলিল নং ৩৩৭৯, খতিয়ান নং ৬০, প্লট নং ২১৭/৩৬৪। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- প্লট নং ২১৬; দক্ষিণ- প্লট নং ২২১; পূর্ব- প্লট নং ২১৬; পশ্চিম- প্লট নং ২১৮।

| | |
|---|---|
| **সম্পত্তির দায়ভার** | **ব্যাঙ্কের অজানা** |
| **সংরক্ষণ মূল্য** | **₹১,৪১,২২,০০০.০০** |
| **ইএমডি পরিমাণ** | **₹১৪,১৩,০০০.০০** |
| **বিড বৃদ্ধির পরিমাণ** | **₹১,৪১,২২০.০০** |
| **ই-নিলাম প্ল্যাটফর্ম** | **https://baanknet.com** |
| **ই-নিলামের তারিখ** | **১০.০৭.২০২৬;** |
| **ই-নিলামের সময়** | **সকাল ১০:০০ টা থেকে বিকেল ৪:০০ টা,** সাথে প্রতিবার ১০ মিনিটের সীমাহীন সম্প্রসারন |
| **সম্পত্তি আইডি নং** | **IDIB50365133182** |

৩) সামান্য কমবেশি ৪৬.০০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ০৫.০৬.২০১৫ তারিখের বিক্রয় দলিল নং ২৬৭৮, খতিয়ান নং ৬০, প্লট নং ২১৬। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- রাস্তা; দক্ষিণ- প্লট নং ২১৭ ও ৩৬৪; পূর্ব- প্লট নং ২১৫; পশ্চিম- প্লট নং ২১৮।
৪) সামান্য কমবেশি ৫১.০০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১২.১১.২০১৫ তারিখের বিক্রয় দলিল নং ৫১৩১, খতিয়ান নং ৬০, প্লট নং ২২১। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- রাস্তা; দক্ষিণ- নিজ; পূর্ব- নিজ; পশ্চিম- নিজ।
৫) সামান্য কমবেশি ২৬.০০ ডেসিমেল জমির অপরিহার্য সমগ্র পরিমাণ যার স্থিতি ও বিবরণ: ১২.১১.২০১৫ তারিখের বিক্রয় দলিল নং ৫১৩১, খতিয়ান নং ৬২, প্লট নং ২৪৬। সম্পত্তির চৌহদ্দি: উত্তর- রাস্তা; দক্ষিণ- নিজ; পূর্ব- নিজ; পশ্চিম- নিজ।

বিডারদের অনলাইনে বিডে অংশগ্রহণের জন্য আমাদের ই-অকশন সার্ভিস প্রোভাইডার পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড-এর ওয়েবসাইট (https://baanknet.com) দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার জন্য অনুগ্রহ করে ৮২৯১২২০২২০ নম্বরে ফোন করুন। রেজিস্ট্রেশনের স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাসের জন্য অনুগ্রহ করে support.baanknet@psballiance.com-এ ইমেল করুন।
সম্পত্তির বিবরণ এবং সম্পত্তির ছবি এবং নিলামের নিয়ম ও শর্তাবলীর জন্য অনুগ্রহ করে দেখুন: https://baanknet.com এবং এই পোর্টাল সম্পর্কিত স্পষ্টীকরণের জন্য, অনুগ্রহ করে পিএসবি অ্যালায়েন্স প্রাইভেট লিমিটেড, যোগাযোগ নং ৮২৯১২২০২২০-এ যোগাযোগ করুন।
ওয়েবসাইটে (https://baanknet.com) সম্পত্তি খোঁজার সময় **বিডারদের উপরে উল্লিখিত সম্পত্তি আইডি নম্বর ব্যবহার করার পরামর্শ দেওয়া হচ্ছে।**

**যোগাযোগের ব্যক্তি:**
**রাহুল জয়সোয়াল (অনুমোদিত আধিকারিক), মোবাইল নং: ৯১৫৭৫৭৪৬৫৯**

Bank Website www.indianbank.in
E-auction website

**তারিখ: ১৬.০৬.২০২৬ | স্থান: জামশেদপুর**

# সরকারি মেডিক্যাল কলেজে স্থায়ী অধ্যক্ষ নিয়োগের বিজ্ঞপ্তি জারি

আজকালের প্রতিবেদন

রাজ্যের সরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে অধ্যক্ষ-সঙ্কট কাটাতে এবং শূন্যপদে স্থায়ী অধ্যক্ষ নিয়োগের জন্য বিজ্ঞপ্তি জারি করল স্বাস্থ্য দপ্তর। স্বাস্থ্য-শিক্ষা অধিকর্তার অফিসে আবেদন করা যাবে আগামী ৩০ জুন বিকেল ৫টার মধ্যে। অন্যদিকে, বেসরকারি হাসপাতাল থেকে ২ হাজার শয্যা এল রাজ্যের হাতে। সোমবার বেসরকারি মেডিক্যাল কলেজগুলির সঙ্গে বৈঠকে বসেছিলেন রাজ্যের

গত মার্চে স্থায়ী অধ্যক্ষ নিয়োগের জন্য ইন্টারভিউ এবং একটি প্যানেল তৈরি করা হয়েছিল। নতুন বিজ্ঞপ্তি প্রকাশিত হওয়ায় ওই প্যানেল বাতিল হয়ে যায়। নতুন বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, ২০১১ সালের নিয়োগবিধি মেনেই অধ্যক্ষ নিয়োজিত হবে। যোগ্যতার মাপকাঠি যাচাই এবং নির্বাচন করার প্রক্রিয়ায় একাধিক শর্ত আরোপ করা হয়েছে। দেখা গেছে, এনআরএস, মুর্শিদাবাদ, রায়গঞ্জ, উত্তরবঙ্গ মেডিক্যাল মিলিয়ে রাজ্যের ১০টি মেডিক্যাল কলেজে দীর্ঘদিন কোনও স্থায়ী অধ্যক্ষ ছিলেন না।

## বেসরকারি হাসপাতালের ২ হাজার শয্যা রাজ্যের হাতে

দুই মন্ত্রী ডাঃ শারদ্বত মুখার্জি এবং সুমনা সরকার। সূত্রের খবর, রাজ্য সরকারের যে লক্ষ্যমাত্রা ছিল, তা পূরণ হয়েছে। ২ হাজার শয্যা যাতে পাওয়া যায় সেই চেষ্টায় ছিল রাজ্য। বেসরকারি হাসপাতাল কর্তৃপক্ষরা রাজ্য সরকারের আবেদনে সাড়া দিয়ে ১০ শতাংশ করে শয্যায় দরিদ্রদের চিকিৎসা পরিষেবা দিতে রাজি। এ মাসেই নির্দেশিকা জারি করে রোগী ভর্তির প্রক্রিয়া কার্যকরী হওয়ার কথা।

ভারপ্রাপ্ত কিংবা উপাধ্যক্ষের দ্বারাই চলত প্রশাসনিক কাজকর্ম। নতুন নির্দেশিকা অনুযায়ী, অধ্যাপক পদে কর্মরত চিকিৎসকদের মধ্য থেকেই অধ্যক্ষ নির্বাচন করা হবে। আবেদনকারীর অবশ্যই এমডি–এমএসের মতো স্নাতকোত্তর ডিগ্রি থাকতে হবে। প্রফেসর ও অ্যাসোসিয়েট প্রফেসর হিসেবে মোট অন্তত ১০ বছরের শিক্ষকতার অভিজ্ঞতা এবং তার মধ্যে ন্যূনতম পাঁচ বছর অধ্যাপক হিসেবে কাজ করার অভিজ্ঞতা বাধ্যতামূলক।

# শিক্ষক-নেতা মহিদুল ধৃত

গৌতম মণ্ডল

ডায়মন্ড হারবার, ১৬ জুন

**তৃণমূল কংগ্রেসের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক ব্যানার্জির ঘনিষ্ঠ শিক্ষক–নেতা মইদুল ইসলামকে গ্রেপ্তার করল পুলিশ। মঙ্গলবার সকালে ডায়মন্ড হারবারের নেতড়া এলাকা থেকে তাঁকে আটক করা হয়। পরে তাঁকে ডায়মন্ড হারবার মহকুমা আদালতে পেশ করা হলে বিচারক সাত দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন।**

**আদালত চত্বরে এদিন মইদুলকে দেখতে ভিড় জমান স্থানীয় বাসিন্দা ও বিজেপি কর্মীদের একাংশ। বিক্ষোভকারীরা তাঁর উদ্দেশে ডিম ছোড়েন এবং ‘চোর চোর’ স্লোগান দেন। পুলিশ সূত্রে জানা গেছে, ২০২২ সালে বোলসিদ্ধি–কালীনগর পঞ্চায়েতের উপপ্রধান দেবব্রত ভট্টাচার্য ওরফে নিমাইয়ের অস্বাভাবিক মৃত্যুর ঘটনায় নতুন করে তদন্ত শুরু হয়েছে।**

# বাধ্যতামূলক টেট, প্রতিবাদ

আজকালের প্রতিবেদন

একই কথা প্রযোজ্য কুলদীপ যাদব সম্পর্কে। দক্ষিণ আফ্রিকা ও নিউজিল্যান্ডের বিরুদ্ধে ঘরের মাঠের সিরিজগুলিতে নিয়মিত খেললেও এই বাঁহাতি রিস্ট স্পিনারের ফর্ম কিছুটা পড়তির দিকে। আইপিএলে মাঝারি মানের পারফরমেন্স। আফগানিস্তানের বিরুদ্ধে একমাত্র টেস্টেও আশানুরূপ পারফরমেন্স করতে পারেননি। তবে একদিনের ফরম্যাট ৩১ বছর বয়সী এই স্পিনারের শক্তিশালী জায়গা। ভারত তাঁকে দলে ফেরানোর কথা ভাবতে পারে। নজর থাকবে রোহিত শর্মার দিকেও। প্রথম ম্যাচে ব্যর্থ হয়েছিলেন তিনি। দ্বিতীয় ম্যাচে অবদান রাখার জন্য নিশ্চিতভাবেই মরিয়া হবেন। বোলিং নিয়ে অবশ্য চিন্তা নেই। প্রথম ম্যাচে জোরে বোলার গুরনুর ব্রার নজর কেড়েছেন। সম্ভবত তাঁকে আরও একটা ম্যাচে সুযোগ দেওয়া হবে।

এদিকে, ইংল্যান্ডে চলতি মেয়েদের টি২০ বিশ্বকাপের প্রথম ম্যাচেই পাকিস্তানের বিরুদ্ধে দুর্দান্ত জিতেছে ভারত। বুধবার লিডসে হরমনপ্রীত কাউরের দলের সামনে নেদারল্যান্ডস। দুর্বল ডাচদের বিরুদ্ধে জয়ের পাশাপাশি নেট রানরেট বাড়িয়ে নিতে চায় ভারত। দলের ব্যাটার ও বোলাররা নিজেদের আরও ঝালিয়ে নিতে চান।

**আজ**
**দ্বিতীয় ওডিআই**
**ভারত : আফগানিস্তান**
(দুপুর ১–৩০)
স্টার স্পোর্টস। জিও হটস্টার

**আজ**
**মেয়েদের টি২০ বিশ্বকাপ**
**ভারত : নেদারল্যান্ডস**
(সন্ধে ৭–০০)
স্টার স্পোর্টস। জিও হটস্টার

# ইস্টবেঙ্গলে আসছেন বরিস

**আজকালের প্রতিবেদন:** চোট সারিয়ে সুস্থ হতে মহম্মদ রাকিপের সময় লাগবে। আসন্ন মরশুমের শুরুর দিকে তাঁকে পাওয়া যাবে না। সময়মতো আইএসএল শুরু হলে সেখানেও হয়তো শুরুর কিছু ম্যাচে তিনি খেলতে পারবেন না। এই পরিস্থিতিতে রাইটব্যাক পজিশনে বিকল্প খুঁজছিল ইস্টবেঙ্গল। শেষপর্যন্ত এফসি গোয়ার বরিস সিংয়ের সঙ্গে লাল–হলুদের চুক্তি হয়েছে বলে খবর। সাইডব্যাক হিসেবে খেলার পাশাপাশি ২৬ বছরের এই মণিপুরি ফুটবলার মিডফিল্ডার ও উইঙ্গার হিসেবেও খেলতে পারেন। জানা গিয়েছে, বরিসের সঙ্গে ৩ বছরের চুক্তি হয়েছে। অন্যদিকে সূত্রের খবর, নতুন কোচ হিসেবে পানাগিওটিস ডিম্পেরিসের সঙ্গে মোহনবাগানের কথাবার্তাও চূড়ান্ত হয়ে গিয়েছে। স্বাক্ষরপর্ব বাকি।




কলকাতা ক্রীড়া সাংবাদিক ক্লাবে নতুন ক্রীড়ামন্ত্রী ডাঃ ইন্দ্রনীল খাঁ।

# সব অনিয়মের তদন্ত হবে: ক্রীড়ামন্ত্রী

**আজকালের প্রতিবেদন**

পেশায় চিকিৎসক। রাজ্যের ক্রীড়ামন্ত্রীর দায়িত্ব পেয়ে তাঁর প্রাথমিক পর্যবেক্ষণ, দুর্নীতির মারণরোগ থাবা বসিয়েছে বাংলার ক্রীড়াক্ষেত্রে। আপাতত পাখির চোখ, বাংলার খেলাধুলোর হৃত–গৌরব ফিরিয়ে আনা। মঙ্গলবার কলকাতা ক্রীড়া সাংবাদিক ক্লাবের ‘মিট দ্য প্রেস’ অনুষ্ঠানে এসে বাংলার নবনিযুক্ত ক্রীড়ামন্ত্রী ডা. ইন্দ্রনীল খাঁ পরিষ্কার জানিয়ে দিলেন, মেসি কাণ্ড থেকে ইডেনে টিকিট দুর্নীতি, ফুটবলে গড়াপেটা, সবকিছুর তদন্ত হবে।

ইতিমধ্যে যুবভারতী ক্রীড়াঙ্গনে মেসি কাণ্ডের তদন্ত শুরু করেছে পুলিশ। কাঠগড়ায় প্রাক্তন ক্রীড়ামন্ত্রী অরূপ বিশ্বাসের ভূমিকা। ঠিক তেমনই বাংলার ক্রিকেট, ফুটবল নিয়ামক সংস্থা সংক্রান্ত নানা অভিযোগও তাঁর কানে এসেছে। এদিন নিজেই সে প্রসঙ্গ তুলে ক্রীড়ামন্ত্রী বলেন, ‘দুর্নীতির বিরুদ্ধে আমাদের জিরো টলারেন্স নীতি। মেসি কাণ্ডের তদন্ত যেমন শুরু হয়েছে, ঠিক তেমনই বাংলার ফুটবলের গড়াপেটা সংক্রান্ত বিষয়টাও আমার কানে এসেছে। সিএবি–র লাইফ মেম্বারদের টিকিট সংক্রান্ত কিছু বিষয়–সহ নানা অভিযোগ পেয়েছি। এসব বিষয়কেই তদন্তের আওতায় আনা হবে। সবাই ক্রিকেট, ফুটবল নিয়ে বলছে, অন্যান্য খেলাধুলাতেও কিন্তু দুর্নীতির শিকড় অনেক গভীরে। আমাদের লক্ষ্য ময়দান থেকে দুর্নীতি দূর করা।’

রাজ্যের ক্রীড়া পরিকাঠামোর সামগ্রিক পরিস্থিতি খতিয়ে দেখতে আগামী সপ্তাহ থেকে জেলা সফরে যাবেন। এদিন সে প্রসঙ্গ তুলে ক্রীড়ামন্ত্রী বলেন, ‘বিভিন্ন দিক থেকে ভুরি ভুরি অভিযোগ পাচ্ছি। আসলে, আগের সরকার খেলাধুলো বা ক্রীড়াবিদদের কোনও উন্নতি চায়নি। রাজনীতি করে বাংলায় ‘খেলো ইন্ডিয়া’ প্রজেক্ট শুরু করেনি। আখেরে এতে বাংলার ক্রীড়াবিদদেরই ক্ষতি হয়েছে। আমরা ক্ষমতায় আসার পর ‘খেলো ইন্ডিয়া’ চালু করছি। শুধু তাই নয় আগামী দু–এক বছরের মধ্যে রাজ্যে ফের জাতীয় গেমস আয়োজনের লক্ষ্য রয়েছে।’



### বিশ্বকাপের আঁচ

# জলপাইগুড়িতে ব্রাজিল হাউস

**পার্থসারথি রায়**

জলপাইগুড়ি, ১৬ জুন

একেবারে অন্য মহাদেশে বসেছে বিশ্বকাপের মহাযজ্ঞ। ৪৮ দেশের মধ্যে ঠাঁই হয়নি ভারতের। কিন্তু উন্মাদনায় মেতে উঠতে বাধা কোথায়! বিশ্বকাপের সময় ব্রাজিল বা আর্জেন্টিনার পতাকায় অনেক ছেয়ে যায় অনেক পাড়া। কিন্তু জলপাইগুড়ির ‘ব্রাজিল হাউস’ হঠাৎ করে সেজে ওঠা কোনও ঠিকানা নয়। সারা বছরই এই বাড়ির সঙ্গে ব্রাজিলের নিবিড় সম্পর্ক। টাঙানো থাকে ব্রাজিলের পতাকা। ঘরে ব্রাজিলের বিভিন্ন তারকাদের ছবি। বিশ্বকাপের আবহে এই বাড়িটিই যেন হয়ে উঠেছে বড় আকর্ষণ। আনেকে আসছেন, ছবি তুলছেন, ঘরে ঢুকেও দেখতে চাইছেন।

শহরের ২২ নম্বর ওয়ার্ডের মাসকালাইবাড়ি এলাকায় রয়েছে ফুটবলের এই ছোট্ট জগৎ। ব্রাজিলের সমর্থক হিসেবে পরিচিত রঞ্জন পাল। ২০১৮ সালে তিনি নিজের বাড়ির নামকরণ করেছেন ‘ব্রাজিল হাউস’। এবারও বিশ্বকাপের কিছুদিন আগেই বাড়িকে নতুন করে সাজিয়ে তুলেছেন তিনি। বাড়ির রঙ ব্রাজিলের জার্সির রঙে। বাড়িটিকে একঝলক দেখলেই মনে হবে যেন ছোট একটি মিউজিয়াম। ব্রাজিলের সমস্ত তারকা ফুটবলারদের বড় বড় ছবি রয়েছে এই বাড়িতে। রয়েছে অতীতের নানা দুষ্প্রাপ্য ছবিও। বিশ্বকাপ ফুটবলের সূচনালগ্ন থেকে তাই বেশ জমজমাট জলপাইগুড়ির ‘ব্রাজিল হাউস’।

ইতিমধ্যেই ঘষে মেজে চকচকে রূপ দেওয়া হয়েছে এই বাড়িকে। জলপাইগুড়ি শহরের মাসকালাইবাড়ি এলাকা দিয়ে যাতায়াতের সময় ফুটবলপ্রেমীদের অনেককেই ক্ষণিকের জন্য থমকে দাঁড়াতে দেখা যায় এই বাড়ির সামনে। ব্রাজিলের রং–রূপে সাজিয়ে তোলা এই বাড়ির সবকিছুতেই যেন ছড়িয়ে রয়েছে ব্রাজিলিয়ান ফুটবলের গন্ধ। রঞ্জন পাল মূলত তাঁর ছেলের পছন্দের জন্যই ‘ব্রাজিল হাউস’ তৈরির পরিকল্পনা নিয়েছিলেন। সুসজ্জিত ব্রাজিল হাউসের সামনে এখন শুধুই ব্রাজিল–ব্রাজিল ছন্দ। প্রথম ম্যাচে মরক্কোর সঙ্গে ১–১ ড্র করেছে ব্রাজিল। তাই উন্মাদনা কিছুটা যেন ফিকে। পরের দুটি ম্যাচ হাইতি ও স্কটল্যান্ডের বিরুদ্ধে। যত সময় গড়াবে, এই বাড়িকে ঘিরে উন্মাদনা ততই বাড়বে।



বিশ্বকাপ উপলক্ষে সাজিয়ে তোলা হয়েছে জলপাইগুড়ির ব্রাজিল হাউসকে। ছবি: আজকাল


ইন্ডিয়ান বৈঁক | Indian Bank | इलाहाबाद | ALLAHABAD

**জোনাল অফিস, কলকাতা উত্তর**
জিডি–৩৭৭/৩৭৮, সল্ট লেক, সেক্টর–III, কলকাতা–৭০০১০৬

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

## স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির দখল নিয়েছেন যা **২৪.০৭.২০২৬ তারিখে ‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম | দায়বদ্ধ / বন্ধকি সম্পত্তির বিবরণ | ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) সম্পত্তির আইডি নং ঙ) দায় (যদি থাকে) চ) দখল (প্রতীকী/ বাস্তবিক) ছ) বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|
| ১. | **১) ঋণগ্রহীতা: মিঃ খালিদ হাসান, এবং মিসেস শাবানা খালিদ**, (ঠিকানা-১) ১১/এইচ/৯, আলিমুদ্দিন স্ট্রিট, থানা– পার্ক স্ট্রিট, কলকাতা-৭০০০১৬, (ঠিকানা-২) ফ্ল্যাট নং ৭, ৫ম তলা, ১৭১/সি/১, পিকনিক গার্ডেন রোড, থানা– তিলজলা, কলকাতা-৭০০০৩৯, **জামিনদার: মিঃ সোহেল আহমেদ**, ৩০/এইচ/৩, ডাঃ সুরেশ সরকার রোড, কলকাতা-৭০০০১৪, **শাখা**–বাগ বাজার। | সামান্য কমবেশি ৮১৬ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট মার্বেল ফিনিশড ফ্ল্যাট নং ৭, চতুর্থ তলা, তিনটি বেড-রুম, একটি ড্রয়িং কাম ডাইনিং, একটি খোলা রান্নাঘর, একটি স্নানঘর এবং ১টি বারান্দা সম্বলিত, যার স্থিতি ও বিবরণ: মৌজা– লস্কর হাট, জে এল নং ১১, তৌজি নং ২৯৯৮, আর এস নং ১৫১–এর অধীনে, সি এস খতিয়ান নং ১২৩–এর অন্তর্গত সি এস দাগ নং ৭৯, প্রেমিসেস নং ১৭১/সি/১, পিকনিক গার্ডেন রোড, থানা– তিলজলা, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমানার মধ্যে, ওয়ার্ড নং ১০৮, কলকাতা-৭০০০৩৯, জেলা– দক্ষিণ ২৪ পরগনা। অতিরিক্ত রেজিস্ট্রার অফ অ্যাসিওরেন্সেস-১, কলকাতা-তে নিবন্ধিত এবং বুক ১, ভলিউম নং ৬, পৃষ্ঠা ৫৫৭৬ থেকে ৫৫৯৬, ২০১৫ সালের দলিল নং ০২১৬২-তে রেকর্ড করা। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– রওশন আলি এবং সৈয়দ মহম্মদ আলির জমি; দক্ষিণ– ৮’-০” চওড়া পিকনিক গার্ডেন রোড; পূর্ব– ৮ ফুট চওড়া পিকনিক গার্ডেন রোড; পশ্চিম– শম্ভু হায়দারের জমি ও ভবন। | ক) ₹৩৪,২৪,০০০/- খ) ₹৩,৪২,৪০০/- গ) ₹১০,০০০/- ঘ) IDIB50267653920 ঙ) সম্পত্তির ওপর কোনো দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখল ছ) ₹১১,০৪,৯৭৬.০০ (এগারো লক্ষ চার হাজার ন’শো ছিয়াত্তর টাকা মাত্র) ০৩.১২.২০২৫ তারিখ অনুযায়ী। |
| ২. | **মেসার্স স্প্যান্নিসা হ্যান্ড এমব্রয়ডারি, প্রোপ্রাইটর: সুজিত মণ্ডল,** শ্রী সুজিত মণ্ডল (প্রোপ্রাইটর/ জামিনদার/ প্র বাসুদেব মণ্ডলের বৈধ উত্তরসূরি– জামিনদার/ বন্ধকদাতা), শ্রী বিশ্বজিৎ মণ্ডল (জামিনদার/প্র বাসুদেব মণ্ডলের বৈধ উত্তরসূরি– জামিনদার/ বন্ধকদাতা), শ্রীমতী ঝর্ণা মণ্ডল (প্র বাসুদেব মণ্ডলের বৈধ উত্তরসূরি– জামিনদার/ বন্ধকদাতা), স্বামী প্র বাসুদেব মণ্ডল, শ্রীমতী অপর্ণা ঘোষ (প্র বাসুদেব মণ্ডলের বৈধ উত্তরসূরি– জামিনদার/ বন্ধকদাতা), পিতা প্র বাসুদেব মণ্ডল, স্বামী অনাথ ঘোষ, গ্রাম– ফতেপুর, ফতেপুর প্রাইমারি স্কুলের কাছে, পোঃ– ও থানা– উলুবেড়িয়া, আলিপুকুর সি টি, হাওড়া–৭১১৩১৫। **ব্রাঞ্চ:** উলুবেড়িয়া | সামান্য কমবেশি প্রায় ৯ ডেসিমেল জমি এবং এর উপরিস্থিত বাড়ির অপরিহার্য সমগ্র পরিমাণ যার অবস্থান: জেলা– হাওড়া, এডিএসআরও– উলুবেড়িয়া, জে এল নং ৮৫, মৌজা– বাহির গঙ্গারামপুর, আর এস খতিয়ান নং ৪৬২, হাল খতিয়ান নং ৬৭৬, ১০০৩, আর এস দাগ নং ২২৯০, ২০০৬ সালের দলিল নং I–১৬৮৭ অনুযায়ী। **সম্পত্তির চৌহদ্দি (ভ্যালুয়েশন রিপোর্ট অনুযায়ী):** উত্তর– সরকারি রাস্তা; দক্ষিণ– অন্যের জমি; পূর্ব– সন্ন্যাসী মণ্ডলের বাড়ি; পশ্চিম– অন্যের সম্পত্তি। | ক) ₹৩৭,৯৩,০০০.০০ খ) ₹৩,৭৯,৩০০.০০ গ) ₹১০,০০০.০০ ঘ) IDIB50254339213 ঙ) সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) প্রতীকী দখল ছ) ₹৯৭২৬৭৭৫.০০ (সাতানব্বই লক্ষ ছাব্বিশ হাজার সাতশ পঁচাত্তর টাকা মাত্র), তৎসহ ২৮.০৮.২০২৫ মাফিক |
| ৩. | **ঋণগ্রহীতা: শ্রী নিমাই বৈরাগ্য, পিতা– ভূতনাথ বৈরাগ্য,** ৪৫/৫১/১, বোটানিক্যাল গার্ডেন রোড, বোটানিক্যাল গার্ডেন, হাওড়া-৭১১১০৩। **শাখা**– বোটানিক্যাল গার্ডেন | জি+২ তলা বিল্ডিংয়ের গ্রাউন্ড ফ্লোরে অবস্থিত ফ্ল্যাট নং জি-১, সামান্য কমবেশি ৫২৮ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া (মার্বেল ফ্লোর সহ), ২ টি বেড-রুম, ১টি লিভিং কাম ডাইনিং রুম, ১টি স্নানঘর ও শৌচাগার, ১টি রান্নাঘর এবং প্যাসেজ, সিঁড়ি ইত্যাদির অবিভাজ্য আনুপাতিক অংশ সহ, যার স্থিতি ও বিবরণ: হোল্ডিং নং ৪৫/৫১, বোটানিক্যাল গার্ডেন রোড, পোঃঅঃ– বোটানিক্যাল গার্ডেন, থানা– শিবপুর, বর্তমান এ জে সি বোস রোড, বি. গার্ডেন, হাওড়া-৭১১১০৩, এইচ এম সি ওয়ার্ড নং ৩৯-এর এলাকাধীন, ডিস্ট্রিক্ট রেজিস্ট্রেশন অফিস ও সাব রেজিস্ট্রেশন অফিস, হাওড়া-এর এখতিয়ারভুক্ত। দলিল নং ১-০৫০২০৪১৪৯/২০১৫। **বিল্ডিংয়ের চৌহদ্দি:** উত্তর– কৃষ্ণ কুমার দের সম্পত্তি; দক্ষিণ– ৬ ফুট চওড়া কমন প্যাসেজ; পূর্ব– নিমাই অধিকারীর সম্পত্তি; পশ্চিম– কালিদাস বৈদ্যের সম্পত্তি। | ক) ₹২০,৪২,০০০/- খ) ₹২,০৪,২০০/- গ) ₹১০,০০০/- ঘ) আইডিআইবি৫০২৯১৫০৭০৬০ ঙ) সম্পত্তির ওপর কোনো দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখল ছ) ₹৬,০২,৫৫৫.০০ (শুধুমাত্র ছ’ লক্ষ দুই হাজার পাঁচশো পঞ্চান্ন টাকা) ১৭.০১.২০২৬ তারিখ অনুযায়ী। |
| ৪. | **ঋণগ্রহীতা: মিঃ রাজ কুমার ঠাকুর**, পিতা– শ্রী মহাবীর ঠাকুর, ৪১/১এ, মনুজেন্দ্র দত্ত রোড, কলকাতা-৭০০০২৮, এবং **জামিনদার: মিসেস সুধা দেবী**, স্বামী– রাজ কুমার ঠাকুর, ৪১/১এ, মনুজেন্দ্র দত্ত রোড, কলকাতা-৭০০০২৮। **শাখা**– সাউথ সিঁথি | ৮০০ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট একটি সম্পূর্ণ স্বাধীন ফ্ল্যাট নং ৪বি (উত্তর-পশ্চিমমুখী), ৫ম তলা, ২টি বেড-রুম, ১টি ডাইনিং রুম, ১টি রান্নাঘর, ১টি স্নানঘর ও ১টি বারান্দা এবং মার্বেল ফ্লোরিং সহ, “অনুষ্কা এনক্লেভ” নামক বহুতল বিল্ডিংয়ের অন্তর্গত যার স্থিতি ও বিবরণ: ৭২, রাজেন্দ্র নাথ সারখেল স্কুল রোড, দমদম ক্যান্টনমেন্ট, থানা– দমদম, কলকাতা ৭০০০৬৫। হোল্ডিং নং ৭২, আর এস দাগ নং ১২৯৭, রি-সা নং-২১, সি এস খতিয়ান নং-১৮৭ ও ১৯০, তৌজি নং-১৭২, মৌজা– গড়ুই, জে এল নং ১৬, দক্ষিণ দমদম পুরসভার এলাকাধীন ওয়ার্ড নং ৬, থানা– দমদম ক্যান্টনমেন্ট, থানা– দমদম। অতিরিক্ত ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার, কাশীপুর দমদম, দক্ষিণ ২৪ পরগনা-তে নিবন্ধিত এবং ২০১৪ সালের দলিল নং ০৯৭৪৬-এ রেকর্ড করা। **সম্পত্তির চৌহদ্দি:** উত্তর– শ্রী হরিপদ ও কৃষ্ণ লাল দাসের সম্পত্তি; দক্ষিণ– মিউনিসিপ্যাল রোড; পূর্ব– নিত্য নন্দ দাসের সম্পত্তি; পশ্চিম– মিউনিসিপ্যাল রোড। | ক) ₹২২,৬১,০০০/- খ) ₹২,২৬,১০০/- গ) ₹১০,০০০/- ঘ) আইডিআইবি৫০২৩১৩০৮০০০ ঙ) সম্পত্তির ওপর কোনো দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখল ছ) ₹১৭,১৯,৮২৭.০০ (শুধুমাত্র সতেরো লক্ষ উনিশ হাজার আটশো সাতাইশ টাকা) |

**ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৭.০৩.২০২৬, সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টা**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর ওয়েবসাইট **(https://www.baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক এই নম্বরে কথা বলুন: ৮২৯১২২০২২০। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.https://baanknet@psballiance.com মেল আইডি**–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর এই নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০।
**https://www.baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

**তারিখ: ১৫.০৬.২০২৬**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক**



ইন্ডিয়ান বৈঁক | Indian Bank | इलाहाबाद | ALLAHABAD

**জোনাল অফিস, কলকাতা নর্থ**
জিডি–৩৭৭/৩৭৮, সল্ট লেক, সেক্টর–III, কলকাতা–৭০০১০৬

**ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি**

পরিশিষ্ট IV–A [রুল ৮(৬)–এর সংস্থানসমূহ দ্রষ্টব্য]

## স্থাবর সম্পত্তি বিক্রির জন্য বিক্রয় বিজ্ঞপ্তি

**সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২–এর রুল ৮(৬)–এর সংস্থানসমূহ–সহ পঠনীয় সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ অধীনে স্থাবর পরিসম্পদ বিক্রির জন্য ই–নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।**

এতদ্দ্বারা জনসাধারণ–সহ বিশেষত সুরক্ষিত ঋণদাতার কাছে বন্ধক রাখা/দায়বদ্ধ ও নীচে বর্ণিত স্থাবর সম্পত্তি সম্পর্কিত ঋণগ্রহীতা(গণ) ও জামিনদার(গণ)–এর জ্ঞাতার্থে জানানো যাচ্ছে যে, ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার অনুমোদিত আধিকারিক ইন্ডিয়ান ব্যাঙ্ক, সুরক্ষিত ঋণদাতার পাওনা অর্থাঙ্ক পুনরুদ্ধারের জন্য এখানে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তির দখল নিয়েছেন যা ২৮.০৭.২০২৬ তারিখে **‘যেখানে যেমন আছে’, ‘যা কিছু আছে’ এবং ‘যেভাবে আছে’** ভিত্তিতে বিক্রি করা হবে।

| ক্রম নং | ক) অ্যাকাউন্ট/ ঋণগ্রহীতার নাম ও ঠিকানা খ) শাখার নাম | দায়বদ্ধ / বন্ধকি সম্পত্তির বিবরণ | ক) সংরক্ষণ মূল্য খ) বায়না জমা (ইএমডি) গ) বিড বাড়ানোর মূল্য ঘ) সম্পত্তির আইডি নং ঙ) সম্পত্তির ওপর দায় (যদি থাকে) চ) দখলের প্রকৃতি (প্রতীকী/ বাস্তবিক) ছ) বকেয়া অর্থাঙ্ক |
|---|---|---|---|
| ১. | **ঋণগ্রহীতা: মিঃ অলোক রিট,** পিতা– দিলীপ রিট, (ঠিকানা-১) ফ্ল্যাট নং ৪০৩, ৪র্থ তলা, "মহালক্ষ্মী কমপ্লেক্স", পোঃঅঃ ও থানা– ডোমজুড়, জেলা– হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৪০৫, (ঠিকানা-২) ডোমজুড় (বারুই পাড়া), পোঃঅঃ ও থানা– ডোমজুড়, জেলা– হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৪০৫ এবং **জামিনদার: মিসেস পিয়ালি রিট,** স্বামী– অলোক রিট, ফ্ল্যাট নং ৪০৩, ৪র্থ তলা, "মহালক্ষ্মী কমপ্লেক্স", পোঃঅঃ ও থানা– ডোমজুড়, জেলা– হাওড়া, পশ্চিমবঙ্গ-৭১১৪০৫। **শাখা– ধুলাগোড়ি** | **"মহালক্ষ্মী কমপ্লেক্স" নামক বিল্ডিংয়ের ৪র্থ তলায় অবস্থিত সামান্য কমবেশি ৪৫৭ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া এবং লিফট সুবিধা সহ একটি সম্পূর্ণ স্বাধীন আবাসিক ফ্ল্যাট নং ৪০৩, সাথে ভূমির অবিভাজ্য আনুপাতিক অংশ যার স্থিতি ও বিবরণ: মৌজা– ডোমজুড়, জে এল নং ৩৩, আর এস খতিয়ান নং ৮০৪১, এল আর খতিয়ান নং ৯৫৭০, আর এস দাগ নং ২০৯৭, এল আর দাগ নং ২০৯৮, থানা– ডোমজুড়, হাওড়া ৭১১৪০৫, ডোমজুড় গ্রাম পঞ্চায়েতের এলাকাধীন। ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার অফিস, ডি এস আর-২ হাওড়া-তে নিবন্ধিত এবং ২০১৮ সালের বুক-I, ভলিউম নম্বর ০৫১৩-২০১৮, পৃষ্ঠা ১৮৫২৪ থেকে ১৮৫৫৩, দলিল নং ০৫১৩০০৫৪০-এ রেকর্ড করা।** ফ্ল্যাটটির চৌহদ্দি: উত্তর– খোলা আকাশ; দক্ষিণ– অন্যের ফ্ল্যাট; পূর্ব– খোলা আকাশ; পশ্চিম– সিঁড়ি। | ক) ₹১৩,৭৩,০০০/- খ) ₹১,৩৭,৩০০/- গ) ₹১০,০০০.০০ ঘ) IDIB50435055523 ঙ) সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) প্রতীকী দখল ছ) ₹১১,৮৫,০৬৫.০০ (এগারো লক্ষ পঁচাশি হাজার পঁয়ষট্টি টাকা মাত্র), ০৭.০৩.২০২৬ অনুযায়ী |
| ২. | **ঋণগ্রহীতা: সন্তোষ কুমার গুপ্তা,** ফ্ল্যাট নং ১০১, ১ম তলা, জি+২ বিল্ডিং, ওয়ার্ড নং ৩০, ১৫৫ রাম কৃষ্ণপুর লেন, থানা– শিবপুর, জেলা– হাওড়া, পশ্চিমবঙ্গ ৭১১১০২। **শাখা–হাওড়া এনএস রোড** | **হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের আওতাধীন ওয়ার্ড নং ৩০, হোল্ডিং নং ১৫৫ রামকৃষ্ণপুর লেন, থানা– শিবপুর, জেলা– হাওড়া ৭১১১০২-তে অবস্থিত জি+২ বিল্ডিংয়ের ১ম তলার আবাসিক ফ্ল্যাট নং ১০১-এর সমগ্র, মাপ ৬৭৪ বর্গফুট, যা ২০১৫ সালের বিক্রয় দলিল (নং ০৫০২৫০২৪) অনুযায়ী।** চৌহদ্দি: উত্তর– ৬'-৫" চওড়া কমন প্যাসেজ এবং ১৫৭, ১৪৪ রামকৃষ্ণপুর লেন; দক্ষিণ– ১৫০ রামকৃষ্ণপুর লেন; পূর্ব– ১৫২ এবং ১৫১ রামকৃষ্ণপুর লেন; পশ্চিম– ৪" চওড়া কমন প্যাসেজ এবং ১৫৬ রামকৃষ্ণপুর লেন। | ক) ₹১৬,৭৭,০০০/- খ) ₹১,৬৭,৭০০/- গ) ₹১০,০০০.০০ ঘ) IDIB50297037483 ঙ) সম্পত্তির ওপর কোনও দায় বিদ্যমান নেই চ) প্রতীকী দখল ছ) ₹৬,৪৫,৫৯৭.০০ (ছয় লক্ষ পঁয়তাল্লিশ হাজার পাঁচশো সাতানব্বই টাকা মাত্র), ০৭.০৩.২০২৬ অনুযায়ী |
| ৩. | **ঋণগ্রহীতা: অশোক কুমার আগরওয়াল, পিতা– চিরঞ্জি লাল আগরওয়াল এবং শ্বেতা দেবী আগরওয়াল,** স্বামী– অশোক কুমার আগরওয়াল, (ঠিকানা-১) ১৮২, শ্যামনগর রোড, ১ম তলা, দমদম, কলকাতা-৭০০০৫৫, (ঠিকানা-২) "বনসাল স্টোরস", ৩এ সোভনা অ্যাপার্টমেন্ট, গ্রাউন্ড ফ্লোর, গৌরী নাথ শাস্ত্রী সরণি, শ্যামনগর রোড, কলকাতা-৭০০০৫৫, (ঠিকানা-৩) ১১৮ হরিহর নগর কলোনি, গ্রাউন্ড ফ্লোর, ব্লক-বি, ফ্ল্যাট নং জি২, পোঃঅঃ– বাঙুর, থানা– দমদম, কলকাতা-৭০০০৫৫। **শাখা– লেক টাউন** | **ব্লক-বি–তে অবস্থিত সামান্য কমবেশি ৭২১ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট গ্রাউন্ড ফ্লোরের ফ্ল্যাট নং ০২ (উত্তর-পূর্ব দিক), মার্বেল ফ্লোরিং করা, ২টি বেড-রুম, ১টি স্নানঘর, ১টি ডাইনিং-কাম-কিচেন, ১টি বারান্দা এবং লিফট সুবিধা সহ, যার স্থিতি ও বিবরণ: মৌজা– কৃষ্ণপুর বর্তমান শ্যামনগর, জে এল নং ১৭ বর্তমান ৩২/২০, তৌজি নং ২২৮/২২৯, ই পি নং ৯৭, সি এস প্লট নং ২২৫৪ ও ২২৬২, আর এস দাগ নং ৯৭৯, আর এস খতিয়ান নং ৫৭০, দক্ষিণ দমদম পুরসভার এলাকাধীন ওয়ার্ড নং ২৭, হোল্ডিং নং ১১৮, হরিহর নগর কলোনি, থানা– দমদম, কলকাতা-৭০০০৫৫, জেলা– উত্তর ২৪ পরগনা। অতিরিক্ত ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রার, কাশীপুর, দমদম, উত্তর ২৪ পরগনা-তে নিবন্ধিত এবং ২০১৯ সালের বুক-১ ভলিউম নম্বর ১৫০৬-২০১৯, পৃষ্ঠা ৪৫৩৫ থেকে ৪৫৯৩, দলিল নং ১৫০৬০০০৫৮-এ রেকর্ড করা।** সম্পত্তির চৌহদ্দি: উত্তর– ১৬ ফুট কলোনি রাস্তা; দক্ষিণ– ৬ ফুট কমন প্যাসেজ; পূর্ব– কলোনি বাউন্ডারি; পশ্চিম– ভুবন মোহন দাস। | ক) ₹১৮,৯০,০০০/- খ) ₹১,৮৯,০০০/- গ) ₹১০,০০০/- ঘ) IDIB50470140074 ঙ) সম্পত্তির ওপর কোনো দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখল ছ) ₹৯,২৯,৮৮৯.০০ ( নয় লক্ষ উনত্রিশ হাজার আটশো উননব্বই টাকা মাত্র) ০৩.০২.২০২৬ অনুযায়ী। |
| ৪. | **ঋণগ্রহীতা: মিঃ বিশ্বজিৎ পাল, পিতা– অশ্বিনী কুমার পাল,** (ঠিকানা-১) ২য় তলা, প্রেমিসেস নং-৫এ/১৩, বেলিয়াডাঙা সেকেন্ড লেন, থানা-কসবা, কলকাতা-৭০০০৩৯, (ঠিকানা-২) ৪২/১৫, বেলিয়াডাঙা ২য় লেন, পোঃঅঃ-তিলজলা, থানা-কসবা, কলকাতা-৭০০০৩৯, (ঠিকানা-৩) ১৫৭/এইচ, স্বীনহো লেন, কসবা, কলকাতা-৭০০০৪২ এবং জামিনদার: মিসেস সোভনা পাল, স্বামী– বিশ্বজিৎ পাল, ১৫৭/এইচ, সুইনহো লেন, কসবা, কলকাতা-৭০০০৪২। শাখা– লেক টাউন | **সামান্য কমবেশি ৩৮৩ বর্গফুট সুপার বিল্ট আপ এরিয়া বিশিষ্ট ২য় তলার ফ্ল্যাট, ১টি বেড-রুম, ১টি স্নানঘর, ১টি রান্নাঘর এবং ভূমির অবিভাজ্য ও আনুপাতিক অংশ সহ, যার স্থিতি ও বিবরণ: মৌজা– কসবা, জে এল নং-১৩, দাগ নং-২৯৪, খতিয়ান নং ১২৭৬ এবং ১২৭৭, তৌজি নং-৩৪০, ৩৪১ এবং ৩৪২, থানা- কসবা, জেলা- দক্ষিণ ২৪ পরগনা, অসেসি নং-২১০৬৭০৫০৪৪৯৯, প্রেমিসেস নং-৫এ/১৩, বেড়িয়াডাঙা সেকেন্ড লেন, থানা-কসবা, কলকাতা-৭০০০৩৯, কলকাতা মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমানার মধ্যে। অ্যাডিশনাল রেজিস্ট্রার অফ অ্যাসিওরেন্স-১, কলকাতা-তে নিবন্ধিত এবং ২০১৩ সালের বুক-I, সিডি ভলিউম নম্বর-১৪, পৃষ্ঠা ৮৮০৪ থেকে ৮৮২৮, দলিল নং ০৭৫৩১-এ রেকর্ড করা।** সম্পত্তির চৌহদ্দি: উত্তর– সীতানাথ ও প্রিয়া নাথ সর্দারের বাড়ি; দক্ষিণ– কমন প্যাসেজ; পূর্ব– সুদারনা ও রাম গ্রাহি সিং-এর বাড়ি; পশ্চিম– মন্দির (দাগ নং ২৯২-এর অংশ)। | ক) ₹১২,৫৬,০০০/- খ) ₹১,২৫,৬০০/- গ) ₹১০,০০০/- ঘ) IDIB50163498983 ঙ) সম্পত্তির ওপর কোনো দায়বদ্ধতা নেই চ) প্রতীকী দখল ছ) ₹১০,৩৩,৮৬৫.০০ (দশ লক্ষ তেত্রিশ হাজার আটশো পঁয়ষট্টি টাকা মাত্র) ০৬.০৩.২০২৬ তারিখ অনুযায়ী। |

**ই–নিলামের তারিখ ও সময়: তারিখ: ২৮.০৭.২০২৬, সময়: সকাল ১১টা থেকে বিকেল ৪টা**

অনলাইন বিডে অংশ নেওয়ার জন্য বিডারগণকে আমাদের ই–নিলাম পরিষেবা প্রদানকারী সংস্থা **পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ**–এর ওয়েবসাইট **(https://www.baanknet.com)** দেখার পরামর্শ দেওয়া হচ্ছে। প্রযুক্তিগত সহায়তার প্রয়োজন হলে অনুগ্রহপূর্বক এই নম্বরে কথা বলুন: ৮২৯১২২০২২০। রেজিস্ট্রেশন স্ট্যাটাস এবং ইএমডি স্ট্যাটাস জানার জন্য অনুগ্রহপূর্বক **support.https://baanknet@psballiance.com মেল আইডি**–তে যোগাযোগ করবেন।
সম্পত্তির বিশদ তথ্যাবলি এবং সম্পত্তির ছবি সমেত নিলামের শর্ত ও নিয়মাবলির জন্য অনুগ্রহপূর্বক **https://www.baanknet.com** ওয়েবসাইট দেখুন এবং এই পোর্টাল সম্পর্কিত প্রশ্নের ব্যাখ্যা পেতে অনুগ্রহপূর্বক পিএসবি অ্যালায়েন্স প্রাঃ লিঃ–এর এই নম্বরে যোগাযোগ করবেন: ৮২৯১২২০২২০। **https://www.baanknet.com** ওয়েবসাইটে এই সম্পত্তিগুলি খোঁজার সময় বিডারগণকে ওপরে উল্লেখমতো সম্পত্তির আইডি নম্বর ব্যবহারের পরামর্শ দেওয়া হচ্ছে।

**তারিখ: ১৫.০৬.২০২৬**
**স্থান: কলকাতা**

**অনুমোদিত আধিকারিক**
**ইন্ডিয়ান ব্যাঙ্ক**



সাংবাদিক সম্মেলনে লিওনেল স্কালোনি। ছবি: এএফপি

### আত্মবিশ্বাসী বিশ্বজয়ী কোচ

# প্রথম ম্যাচই সব নয় : স্কালোনি

আজকালের প্রতিবেদন

প্রথম ম্যাচ সবসময়ই কঠিন। কিন্তু সেটাই সবকিছুই নয়। আজ, বুধবার ভোরে বিশ্বকাপে প্রথম ম্যাচ আর্জেন্টিনার। গতবারের বিশ্ব চ্যাম্পিয়ন দলের কোচ লিওনেল স্কালোনি তার আগেরদিন যে কথাগুলি বলেছেন, শুনে মনে হতেই পারে, তিনি ফুটবল কোচ না হয়ে দার্শনিকও হতে পারতেন।

কাতার বিশ্বকাপে প্রথম ম্যাচেই সৌদি আরবের কাছে হেরে যায় আর্জেন্টিনা। সেসময় চারদিকে গেল গেল রব উঠেছিল। কিন্তু সেই হার থেকে শিক্ষা নিয়ে ঘুরে দাঁড়ান লিওনেল মেসিরা। চ্যাম্পিয়নও হয়েছিলেন। ২০২৬-এ অভিযান শুরুর আগে সেই হারের কথা মনে করিয়ে স্কালোনি বলছেন, '২০২২ বিশ্বকাপের অভিজ্ঞতা থেকে বলছি, প্রথম ম্যাচের একটা গুরুত্ব অবশ্যই আছে। ম্যাচটি কঠিনও হতে পারে। কিন্তু প্রথম ম্যাচের ফলাফল সবকিছু চূড়ান্ত করে দেয় না। উদ্বোধনী ম্যাচের ফলে সব শেষ হয়ে যায় না। আমরা ভাল ছন্দে আছি। ভাল খেলার ব্যাপারেও আত্মবিশ্বাসী। এখনই এর বেশি কিছু ভাবার অবকাশ নেই।'

**আজ**
**আর্জেন্টিনা: আলজেরিয়া**
(ভোর ৬.৩০)
ইউনাইট ৮ স্পোর্টস
লাইভ স্ট্রিমিং জি৫

ম্যাচের ২৪ ঘণ্টা আগে সাংবাদিক সম্মেলনেও স্কালোনি প্রথম একাদশ নিয়ে ধোঁয়াশা বজায় রেখেছেন। প্রতিপক্ষ শিবির যেন কোনওভাবেই তৈরি না হতে পারে, সেই চেষ্টাই করছেন আর্জেন্টাইন কোচ। বলেছেন, 'আমি এখনও প্রথম একাদশ ভাবিইনি। অনেকরকম পরিকল্পনা মাথায় ঘুরছে। ফুটবলারদের কথা জানতে চাইলে বলতে পারি, এমিলিয়ানো মার্টিনেজ অনুশীলনে উন্নতি করেছে। আশা করছি, ওই খেলবে। এছাড়াও, জুলিয়ান আলভারেজের গোড়ালিতে যে সমস্যা ছিল, সেটাও এখন অনেকটা ঠিক হয়ে গিয়েছে। ও খেলার জন্য তৈরি। আর মেসিকে নিয়ে নতুন করে কী আর বলব! দলের প্রয়োজনে সবসময় ও থাকছে। প্রস্তুতি শিবিরেও অপরিহার্য ভূমিকা পালন করেছে। দারুণ ফর্মে আছে। বিশ্বকাপে মাঠে নামার আগে মেসি পুরোপুরি তৈরি।'

নিজের ভবিষ্যৎ পরিকল্পনা নিয়ে স্কালোনি আরও বলেন, 'সময় দেখতে দেখতে চলে যায়। আগামীদিনে আমিও এখানে (কোচের পদে) থাকব কি না জানি না। তবে এইমুহূর্তে দেশের প্রতিনিধিত্ব করছি, সেটা ভেবে খুবই আবেগতাড়িত হয়ে পড়ছি।'

सेन्ट्रल बैंक ऑफ़ इंडिया
Central Bank of India
বিড করুন ও কিনুন আপনার আঙুলের ডগায়!
প্রপার্টি এক্সপো
তারিখ: ১৮.০৬.২০২৬
বৃহস্পতিবার সকাল ১১.৩০ থেকে বেলা ১.৩০
স্থান: সেন্ট্রাল ব্যাঙ্ক অফ ইন্ডিয়া
রিজিওনাল অফিস: বাঁকুড়া, মাচানতলা,
ফ্যান্সি মার্কেটের কাছে, পিন ৭২২১০১
মোবাইল নং ৭৭৮৭৯৬৪৭৪৬
রেসিডেন্সিয়াল ফ্ল্যাট, খালি জমি এবং অফিস প্রেমিসেস
সুবর্ণ সুযোগ
এলাকা: বাঁকুড়া, পুরুলিয়া, পূর্ব মেদিনীপুর, পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম

# 'ভারতীয়'র গোলে হার বাঁচাল উরুগুয়ে

১ সৌদি আরব
আবদুল্লা

১ উরুগুয়ে
ম্যাক্সিমিলিয়ানো

আজকালের প্রতিবেদন

৪৮ দেশের বিশ্বকাপ। এখনও সবকটি দেশ গ্রুপের প্রথম ম্যাচ খেলতে পারেনি। তারমধ্যেই চমকের পর চমক আসছে। অনামী, অখ্যাত দেশগুলির কাছে 'জব্দ' হচ্ছে বড় দলগুলি। সোমবার যেমন স্পেনকে আটকে দিয়েছে কেপ ভার্দে। এশিয়ার সৌদি আরব এতটা অখ্যাত না হলেও তারা উরুগুয়ের মতো প্রথম বিশ্বকাপ জেতা দেশকে প্রায় হারিয়েই দিচ্ছিল এদিন। ২০২২ বিশ্বকাপের প্রথম ম্যাচে লাতিন আমেরিকার সদস্য আর্জেন্টিনাকে হারিয়েছিল সৌদি আরব। এবার তাদের কবল থেকে কোনওরকমে বাঁচল আরেক লাতিন আমেরিকান দেশ। খেলার ফল ১-১।

বিশ্বকাপের প্রথম ম্যাচে উরুগুয়ের হার বাঁচানোর নেপথ্যে রয়েছে ভারতীয় যোগ। ৮০ মিনিটে স্কোরলিস্টে নাম তোলা ম্যাক্সিমিলিয়ানো আরাউহো ভারতীয় বংশোদ্ভূত। তাঁর দাদু-ঠাকুমা গোয়ার লাউতোলিম থেকে দক্ষিণ আমেরিকায় চলে গিয়েছিলেন। পরে উরুগুয়ের স্থায়ী বাসিন্দা হন। উল্লেখ্য, এবারের বিশ্বকাপে একাধিক দেশের হয়ে ভারতীয় বংশোদ্ভূতরা খেলছেন। তাঁদের মধ্যে ম্যাক্সিমিলিয়ানোই চলতি বিশ্বকাপে গোল করা প্রথম ভারতীয় বংশোদ্ভূত। আর ১৯৯৪-এ নেদারল্যান্ডসের অ্যারন উইন্টারের পর তিনি বিশ্বকাপের ইতিহাসে গোল করা দ্বিতীয় ভারতীয় বংশোদ্ভূত ফুটবলার। সৌদি প্রথমার্ধের ৪১ মিনিটে গোল পেলেও উরুগুয়ে এদিন জেতার জন্য একাধিক সুযোগ পেয়েছিল। কিন্তু ভালভার্দে, ডারউইন নুনেজরা বারবার আটকে গেলেন সৌদি গোলরক্ষক মহম্মদ আল ওয়েইসের কাছে। পরিসংখ্যান বলছে, এই ম্যাচে ৯টি গুরুত্বপূর্ণ সেভ করেছেন তিনি।



সৌদি কিপার ওয়েইসের উচ্ছ্বাস।

# লোপেজদের এক ফাউলে বন্দি স্পেন

আজকালের প্রতিবেদন

বিশ্বকাপে প্রথম ম্যাচ খেলতে নেমেই চমকে দিয়েছে কেপ ভার্দে। রুখে দিয়েছে প্রবল শক্তিধর স্পেনকে। তা নিয়ে প্রশংসার বন্যা বইছে সোশ্যাল মিডিয়ায়। তবে, এই ম্যাচের মূল বিষয় কিন্তু লুকিয়ে পরিসংখ্যানে। সাধারণত একটা বড় দলের বিরুদ্ধে যখন তথাকথিত ছোট দল খেলে, তখন প্রতিপক্ষকে আটকানোর জন্য অতিরিক্ত ফাউলের আশ্রয় নিতে হয়। ম্যাচে দেখা যায় কার্ডের ফুলঝুড়ি। কেপ ভার্দে কিন্তু হাঁটল একদম উল্টো পথে। আর সেই পথ হাঁটায় বিশ্বকাপে তৈরি হল নতুন নজির।

পরিসংখ্যান বলছে এই ম্যাচে স্পেনের বলের দখল ছিল ৭৪ শতাংশ। মোট শট নিয়েছে ২৭ বার। কেপ ভার্দে পেনাল্টি বক্সে স্পেন পাস খেলেছে ৫১টি। অর্থাৎ প্রবল আধিপত্য। কেপ ভার্দে ডিফেন্সের রবার্তো লোপেজ, ডিনেরা গোটা ম্যাচে নিঃশ্বাস ফেলতে পারেননি। তারপরেও উপহার দিয়েছেন একদম পরিষ্কার ফুটবল। গোটা ম্যাচে মাত্র একটি ফাউল করেছে কেপ ভার্দে। যদিও দলের দুই স্টপারের কেউ সেই ফাউল করেননি। করেছেন দলের সাইড ব্যাক সিডনি লোপেজ কাব্রাল। যে ফাউলের জন্য তিনি হলুদ কার্ডও দেখেছেন। উল্টোদিকে প্রবল শক্তিধর স্পেন গোটা ম্যাচে আক্রমণের ঝড় তুলেও স্রেফ হতাশায় ফাউল করে গেছে একের পর এক। ম্যাচে স্পেনের ফাউলের সংখ্যা ১০। আর এই পরিষ্কার ফুটবল খেলে বিশ্বকাপে নজির তৈরি করল কেপ ভার্দে। বিভিন্ন সংবাদ মাধ্যমে মতে, বিশ্বকাপের পরিসংখ্যান যখন থেকে রাখা হচ্ছে, তারপর থেকে একটি ম্যাচে করা ফাউলের নিরিখে কেপ ভার্দেই সব থেকে কম ফাউল করেছে।

# ঠাকুমাকে ভালবেসে নাম বদল কেপ ভার্দের নায়ক ভোজিনিয়ার

আজকালের প্রতিবেদন

জীবনে স্বপ্নপূরণের কোনও নির্দিষ্ট বয়স হয় না। আর তাই বয়স হয় না হাল ছেড়ে দেওয়ারও। ৪০ বছর বয়সে পৌঁছে সেই কথাই চোখে আঙুল দিয়ে দেখালেন কেপ ভার্দের গোলরক্ষক ভোজিনিয়া। স্পেনের বিরুদ্ধে তিন কাঠির মধ্যে তাঁর অপ্রতিরোধ্য পারফরমেন্স মাত্র একদিনে তাঁকে করে দিল বিশ্ব ফুটবলের নতুন চরিত্র। ৭টা সেভ করে প্রথম বিশ্বকাপ খেলতে নামা কেপ ভার্দেকে প্রথম পয়েন্ট পাইয়ে দিলেন ভোজিনিয়া। তাও আবার স্পেনের বিরুদ্ধে। যারা এবারের বিশ্বকাপের অন্যতম ফেবারিট। প্রায় গোটা সময় স্পেনের আক্রমণের ঝড় সামলে বিশ্বকাপের অভিষেক ম্যাচে তিনি রাখলেন ক্লিনশিট।

স্পেন ম্যাচ শুরুর আগে ইনস্টাগ্রামে তাঁর ফলোয়ার ছিল হাজার কুড়ি মতো। মঙ্গলবার বিকেলে তাঁর ইনস্টাগ্রাম ফলোয়ারের সংখ্যা ছাড়িয়েছে সাড়ে ৬ মিলিয়ন!

ম্যাচের পর যখন সতীর্থরা তাঁকে ঘিরে ধরেছে। ভালবাসার আলিঙ্গনে আবদ্ধ করেছে। ৪০ বছরের মানুষটার চোখে জল। আসলে ওই মুহূর্তে মনে পড়ছে তাঁর ঠাকুমা-দাদুর কথা। তাঁদের কাছেই যে ভোজিনিয়ার বড় হয়ে ওঠা। ভোজিনিয়ার বাবা ছিলেন সেনাবাহিনীতে। মা সারাদিন চাকরির জন্য বাইরেই থাকতেন। সঙ্গী বলতে ছিল ঠাকুমা-দাদুই। ভোজিনিয়া যখন পাড়ার গলিতে ফুটবল খেলতেন, তাঁর সঙ্গীরা ছিল বয়সে অনেক বড়। ছোট ছেলে পেয়ে খেলার মাঝে চলত মারধরও। অকারণে লাথি মারা হত এই গোলরক্ষককে। মাঝে মাঝে প্রচণ্ড রেগে গিয়ে বাড়ি ফিরে যেতেন। পাড়ার ছেলেরা সঙ্গে সঙ্গে মজা করে বলতো, 'ওই যে চলল ঠাকুমা-দাদুর কাছে অভিযোগ জানাতে।'

ভোজিনিয়ার আসল নাম জোসিমার হোসে দিয়াজ। তাঁর বাবাও ছিলেন ফুটবল পাগল। তাই ছেলের নাম দিয়েছিলেন প্রাক্তন ব্রাজিল রাইট ব্যাক জোসিমারের নামে (১৯৮৬ বিশ্বকাপে যিনি অসাধারণ পারফরমেন্স করেছিলেন)। ফুটবলের হিসেবে যখন পরিচিতি পাচ্ছেন, তখন এত বড় নামের জায়গায় পরিচিত হতে চাইলেন ছোট নামে। যে বিষয়টা বলে তাঁকে নিয়ে রসিকতা করত পাড়ার ছেলেরা, সেটাই জড়িয়ে নিতে চাইলেন আজীবনের জন্য। 'ভোজিনিয়া' নামেই বিখ্যাত হলেন। শব্দটির ইংরেজি অর্থ 'গ্র্যান্ডমাদার'। আর সোমবার রাতে স্পেন ম্যাচের পর এই নাম এখন গোটা বিশ্বের ফুটবল সমর্থকের মনের আঙিনায় ঢুকে পড়েছে।

কেপ ভার্দের এই গোলরক্ষকের উচ্চতা ৬ ফুট আড়াই ইঞ্চি। কিন্তু একসময় মাঠে দুরন্ত পারফরমেন্স করার পরেও কোনও ক্লাব তাঁকে নিতে চাইত না এই উচ্চতার জন্য! নতুন নায়ক নিজেই শোনালেন সেই গল্প, 'দেশে গোলরক্ষক হিসেবে আমি সেরা ছিলাম খুব অল্প বয়স থেকেই। কিন্তু উচ্চতার জন্যই ট্রায়াল থেকে বারবার আমাকে বাদ দেওয়া হত। তবে একটা সময় আমাদের দেশ থেকে অনেক ফুটবলার পর্তুগালে খেলতে চলে গেল। তারপর সুযোগ পেতে শুরু করলাম। আসলে ১৬-১৭ বছর বয়স থেকেই আমার উচ্চতা বাড়তে শুরু করে। এখন ৬ ফুটের ওপর।'

বিশ্বকাপে অভিষেকেই নজরকাড়া এই ফুটবলার কিন্তু পেশাদার ফুটবল শুরু করেছেন যখন তাঁর বয়স পঁচিশ। তার আগে দীর্ঘ সময় খেলতে হয়েছে অ্যামেচার ফুটবল। তবু তিনি হাল ছাড়ার বান্দা নন। কেপ ভার্দের জাতীয় দলের হয়ে অভিষেক ২০১২-তে। ইন্টারনেটের তথ্য বলছে, খেলেছেন ৮৯টি ম্যাচ। প্রিয় দাদু-ঠাকুমা মারা গিয়েছেন কয়েক বছর আগে। তাই নিজের মাকে আমেরিকা নিয়ে আসতে চেয়েছিলেন বিশ্বকাপ দেখার জন্য। ভিসা সমস্যায় আনা যায়নি। ভিসার জন্য প্রয়োজনীয় অর্থও জোগাড় করা সম্ভব হয়নি। পর্তুগালের সেকেন্ড ডিভিশন ক্লাবে খেলা এই ফুটবলারের তা নিয়ে আক্ষেপের শেষ নেই। তবে অভিষেক ম্যাচে যা খেললেন, তারপর হয়তো আর কোনও আক্ষেপই থাকার কথা নয়। বিশ্বকাপে নিজের প্রথম ম্যাচেই উদাহরণ হয়ে উঠেছেন গোটা বিশ্বের অসংখ্য মানুষের কাছে, যাঁরা ভাবেন তাঁদের জীবনে আর সফল হওয়ার সুযোগ নেই।



স্পেনকে রুখে জাতীয় পতাকা নিয়ে উৎসবে মাতলেন ভোজিনিয়া। ছবি: এএফপি

# তবুও আশায় ফুয়েন্তে

আজকালের প্রতিবেদন

বিশ্বকাপে অভিষেকেই প্রথম পয়েন্ট। তাও স্পেনকে রুখে। ম্যাচের পর থেকেই কেপ ভার্দের সমর্থকদের উৎসবে মুখরিত মার্কিন মুলক। অন্যদিকে, স্প্যানিশ শিবিরে শঙ্কার মেঘ। লামিন ইয়ামাল, নিকো উইলিয়ামসকে ছাড়া তাদের আক্রমণভাগ বড়ই সাদামাঠা। এই দুর্বলতা নিয়ে স্পেনের কোচ লুই দে লা ফুয়েন্তে বলেছেন, 'গোলের সামনে ঠান্ডা মাথায় সঠিক সিদ্ধান্ত নিতে হবে। আক্রমণভাগে সতেজতার অভাব ছিল।'

প্রথম ম্যাচে আটকে গেলেও চিন্তার কোনও কারণ দেখছেন না স্প্যানিশ কোচ। সমর্থকদের আশ্বস্ত করে ফুয়েন্তের মন্তব্য, 'শান্তই আছি। জানি, আমরা অনেকদূর যেতে পারব। সামনে আরও সাতটি ম্যাচ রয়েছে, এই মানসিকতা নিয়ে এগোচ্ছি।' উইলিয়ামস ও ইয়ামালের অভাব নিয়ে তাঁর কথায়, 'নিকো ও ইয়ামাল যে কোনও মুহূর্তে ম্যাচের মোড় ঘোরাতে পারে। তবে যারা খেলেছিল, তাদেরও একই ক্ষমতা রয়েছে। নিকোরা পুরোপুরি সুস্থ হলে বিকল্প বাড়বে। তবে আমাদের ছন্দ পেতেই হবে।'

# নেইমার নিয়ে আশঙ্কা আরও বাড়ল

আজকালের প্রতিবেদন

নেইমার কি চলতি বিশ্বকাপের পুরোটাই খেলতে পারবেন না?

আমেরিকার সময়ে সোমবার ব্রাজিল দলের বেসক্যাম্প নিউ জার্সির কলম্বিয়া পার্ক ট্রেনিং ফেসিলিটিতে নেইমারের গ্রেড-২ কাফ মাসলের চোটের নতুন করে ডাক্তারি পরীক্ষা হয়। সূত্রের খবর, সেই মেডিক্যাল টেস্টের রিপোর্ট ভাল তো নয়ই, বরং অন্ধকারাচ্ছন্ন। ফলে, নেইমারের মাঠে প্রত্যাবর্তন নিয়ে আরও বেশি আশঙ্কা তৈরি হয়েছে। ডাক্তারি পরীক্ষার পর নেইমার জিমে অল্প ওয়ার্কআউট করলেও সোমবারও ব্রাজিলের দলবদ্ধ ট্রেনিংয়ে অংশ নেননি। সেলেকাওদের সেই অনুশীলনের পর ব্রাজিলের ইতালিয়ান কোচ কার্লো আনসলোত্তি সাংবাদিকদের নেইমার সংক্রান্ত প্রশ্নের জবাবে শুধু বলেন, 'নেইমারকে নিয়ে আমাদের অপেক্ষা করা ছাড়া এই মুহূর্তে আর বাড়তি কিছু বলা সম্ভব নয়।'

৩৪ বছরের স্যান্টোস ফরোয়ার্ড ব্রাজিলের হয়ে শেষ ম্যাচ খেলেছেন ২০২৩-এর ১৭ অক্টোবর, উরুগুয়ের বিরুদ্ধে বিশ্বকাপের লাতিন আমেরিকান কোয়ালিফাইং রাউন্ডে। সেই ম্যাচে বাঁ হাঁটুর লিগামেন্টে চোট পেয়েছিলেন। এমনকী আনসেলোত্তি যেদিন ব্রাজিলের ২৬ জনের চূড়ান্ত বিশ্বকাপ দলে নেইমারকে রাখেন, তার পরের দিনই দেশের ঘরোয়া লিগের ম্যাচে চোট পান বার্সিলোনা এবং পিএসজি-র এই প্রাক্তন তারকা। সেই চোটে এখনও ভুগছেন। চলতি বিশ্বকাপে মরক্কোর বিরুদ্ধে দলের রিজার্ভ বেঞ্চে বসেছিলেন। শুক্রবার ফিলাডেলফিয়ায় হাইতির বিরুদ্ধে ব্রাজিলের দ্বিতীয় ম্যাচেও হয়তো রিজার্ভ বেঞ্চে বসে খেলা দেখবেন নেইমার।



এদিকে, এসবের মধ্যে নেইমার সোশ্যাল মিডিয়ায় এক অভিনব বিজ্ঞাপনের মাধ্যমে তাঁর পঞ্চমবার বাবা হতে চলার খবর ফাঁস করেছেন। সন্তানসম্ভবা স্ত্রী ব্রুনা এবং তাঁদের দুই মেয়ে, দু'বছরের মাভি ও ১১ মাস বয়সী মেল-কে নিয়ে নেইমারকে এই ভিডিওতে বলতে দেখা যায়, 'আমরা সন্তানসম্ভবা। আনন্দে পাগল হয়ে যাচ্ছি।' প্রসঙ্গত, প্রাক্তন প্রেমিকা আমান্ডা কিম্বারলির গর্ভজাত নেইমারের আরও দুই সন্তান আছে।

অন্যদিকে, ব্রাজিল ফুটবল সংস্থার প্রেসিডেন্ট সামির স্কাউদের আমেরিকায় বিশ্বকাপ দেখতে যাওয়া নিয়ে বিতর্ক বেঁধেছে। ব্রাজিল মিডিয়ার এক রিপোর্ট অনুযায়ী, স্কাউদ সঙ্গে তাঁর বান্ধবী ক্যামিলা ক্রিস্টিনাকে ব্রাজিল ফেডারেশনের খরচে বিশ্বকাপে নিয়ে গিয়েছেন। যা সম্পূর্ণ নিয়মবিরুদ্ধ।

## ছবিঘর

১


২


৩


৪


(১) মরক্কোর সমর্থনে গ্যালারিতে বিখ্যাত নৃত্যশিল্পী নোরা ফতেহি। (২) নীল-সাদা শৈশব। কানসাস সিটির পার্কে আর্জেন্টিনার জার্সি পরে একরত্তিরা। (৩) চোখে শূন্যতা খুদে স্প্যানিশ ভক্তের। (৪) আজীবনের সঙ্গী। পিঠ জুড়ে মেসি-মারাদোনার ছবি ট্যাটু আর্জেন্টাইন সমর্থকের।




# ঘটনাবহুল ম্যাচে ইরানের লড়াকু ড্র


গোলের পর বিতর্কিত ‘গান সেলিব্রেশন’ মোহেবির। ছবি: এএফপি

**২ ইরান** রেজেইয়ান, মোহেবি

**২ নিউজিল্যান্ড** জাস্ট ২




**আজকালের প্রতিবেদন**

এই ম্যাচ যতটা ছিল ফুটবল বিশ্বকাপের, তার থেকে অনেক বেশি রাজনৈতিক। আমেরিকা–ইজরায়েলের যৌথ হানায় যুদ্ধবিধ্বস্ত ইরানের বিশ্বকাপে খেলা নিয়েই এক সময় ঘোর সংশয় তৈরি হয়েছিল। ‘শত্রুর’ ঘরের মাঠে প্রথমে খেলতেই রাজি হয়নি ইরান। পরে ফিফার হস্তক্ষেপে সংশয় কেটেছে। ইরানের বেস ক্যাম্প মেক্সিকোর তিহুয়ানাতে, যা আমেরিকা সীমান্তে। ইরানকে বলা আছে, খেলতে এসো আমেরিকায়, খেলার পর ফিরে যাও মেক্সিকোয়। টেনশনের তিরতিরে স্রোত বইছে সমানে। যদিও যুদ্ধ শেষ করার ব্যাপারে আনুষ্ঠানিকভাবে রাজি হয়েছে ইরান ও আমেরিকা। হরমুজ প্রণালী খুলে দিতেও সম্মতি জানিয়েছে তেহরান এবং ওয়াশিংটন। তবুও উত্তেজনা কমছে কই! সোমবার ভারতীয় সময় ভোরে লস অ্যাঞ্জেলেসের সোফি স্টেডিয়ামে নিউজিল্যান্ডের বিরুদ্ধে লড়াকু ২–২ ড্র করল ইরান। নিজেদের প্রথম ম্যাচে দু’বার পিছিয়ে পড়েও সমতা ফিরিয়েছে তারা। কিন্তু এই ম্যাচই হয়ে রইল ঘটনাবহুল।

সাত মিনিটেই গোল নিউজিল্যান্ডের। গোল করলেন এলিজা জাস্ট। ৩২ মিনিটে সমতা ফেরালেন ইরানের রামিন রেজেইয়ান। ৫৫ মিনিটে নিউজিল্যান্ড আবার এগোয় জাস্টের দ্বিতীয় গোলে। দ্বিতীয়বার পিছিয়ে পড়েও দমে যায়নি ইরান। মিনিট দশেক পরেই তারা আবার সমতায় ফেরে মহম্মদ মোহেবির গোলে। ডানদিক থেকে রামিনের তোলা ক্রসে চোখ রেখে দৌড়ে জোরালো হেডে পরাস্ত করেন নিউজিল্যান্ড গোলকিপারকে। ইরানের লড়াই, ইরানের নাছোড় মনোভাব প্রশংসিত হয়েছে। কিন্তু ইরানের হার বাঁচানোর পরেও সোশ্যাল মিডিয়ায় ব্যাপক সমালোচিত হলেন মোহেবি। কারণ? গোলের উচ্ছ্বাসে মেতে উঠে গ্যালারির কাছে গিয়ে ‘গান সেলিব্রেশন’ করেন মোহেবি। দুই আঙুল দিয়ে পিস্তল চালানোর মতো ভঙ্গি করেন তিনি। এতেই বিরক্ত নেটিজেনদের একাংশ। যে দেশ চাপিয়ে দেওয়া যুদ্ধে বিধ্বস্ত, সেই দেশের ফুটবলার কেন এমন প্রতিক্রিয়া দেখাবেন? তাই সমালোচনার ঢেউ উঠল মোহেবিকে নিয়ে।

ঘটনা আছে আরও। বিশ্বে সবচেয়ে বেশি ইরান–বংশোদ্ভূত মানুষ থাকেন লস অ্যাঞ্জেলেসে। সোফির গ্যালারিতে ইরান–জনতার ভিড় ছিল ঠাসা। ম্যাচের আগে যখন ইরানের জাতীয় সঙ্গীত বেজে উঠল, হর্ষোল্লাসে ফেটে পড়ে গ্যালারির একাংশ। আবার উল্টো ছবিও আছে। ইরানের জাতীয় সঙ্গীত বাজার সময় গ্যালারির অন্য দিক থেকে বিদ্রুপের সুরও শোনা গিয়েছে! ম্যাচ শেষের পর অন্য একটি ঘটনায় বেশ ক্ষুব্ধ ইরান শিবির। দলের পরিকল্পনা ছিল, ম্যাচের দিন লস অ্যাঞ্জেলেসে থেকে পরের দিন তিহুয়ানাতে ফিরে যাওয়ার। কিন্তু ইরান কোচ আমির ঘালেনোয়েই ম্যাচ শেষের পরেই জানান, নির্দেশ এসেছে অবিলম্বে আমেরিকা ছাড়তে হবে। আমিরের কথায়, ‘ভেবেছিলাম প্লেয়ারদের রিকভারির জন্য আজকের দিনটা পাব। কিন্তু সেই সময় পেলাম না। বলা হল প্লেন ধরে এক্ষুনি ফিরে যেতে হবে তিহুয়ানাতে। খুবই সমস্যায় পড়লাম। জানি না কেন হঠাৎ করে পরিকল্পনায় এমন বদল হল।’

আমেরিকা–ইরানের যুদ্ধ বন্ধের চুক্তি হবে ঠিকই। কিন্তু সেই আমেরিকার মাটিতেই বিড়ম্বনায় পড়তে হল ইরানকে। বিশ্ব ফুটবলের মহোৎসবেও যুদ্ধের ছায়া প্রকট!

# আজ মহারণে মদ্রিচই কাঁটা কেনের ইংল্যান্ডের

**আজকালের প্রতিবেদন**

২০২৬ বিশ্বকাপের শুরুতেই ইংল্যান্ডের সামনে এক পুরনো বিভীষিকা। এবারের বিশ্বকাপের প্রথম হাইভোল্টেজ ম্যাচে টমাস টুখেলের ছেলেরা মুখোমুখি হচ্ছে ক্রোয়েশিয়ার। দু’দশকেরও বেশি সময় ধরে ইংল্যান্ডকে নিয়মিত ভুগিয়ে আসা লুকা মদ্রিচ আরও একবার ইংরেজদের বিপাকে ফেলতে তৈরি। একদিকে ২০১৮ বিশ্বকাপের ফাইনালিস্ট ক্রোয়েশিয়া, অন্যদিকে বিগত কয়েক বছর ধরে ধারাবাহিকভাবে বিশ্ব ফুটবলে ভাল খেলে চলা ইংল্যান্ড। ডালাস স্টেডিয়ামে এক হাইভোল্টেজ ম্যাচের অপেক্ষায় বিশ্বের ফুটবলপ্রেমীরা।

ইংল্যান্ডের নতুন কোচ টমাস টুখেলের জন্য এই ম্যাচ কেবল জয় দিয়ে বিশ্বকাপ অভিযান শুরুর পরীক্ষা নয়। বরং, দলের রক্ষণভাগ সাজিয়ে তোলার এক বড় চ্যালেঞ্জ। রক্ষণভাগের অন্যতম ভরসা টিনো লিভ্রামেন্টোর চোট টুখেলের পরিকল্পনায় বড়সড় ধাক্কা দিয়েছে। একাধিক ইংলিশ সংবাদমাধ্যমে দাবি করা হচ্ছে, এই চোটের কারণে বিশ্বকাপ থেকেই ছিটকে গিয়েছেন লিভ্রামেন্টো। এমন পরিস্থিতিতে রক্ষণ নিয়ে নতুন করে ছক কষতে বাধ্য হচ্ছেন কোচ। ইংল্যান্ডের সম্ভাব্য একাদশে রক্ষণভাগে কে কে থাকবেন, তা নিয়ে এখনও চূড়ান্ত সিদ্ধান্ত নেননি কোচ। বিশেষ করে চারটি পজিশন নিয়ে এখনও নিশ্চিত কোনও সিদ্ধান্তে পৌঁছোতে পারেননি তিনি। হ্যারি কেনের নেতৃত্বে ইংল্যান্ডের আক্রমণভাগ শক্তিশালী হলেও, মাঝমাঠ এবং রক্ষণভাগে নতুন মুখের ওপর ভরসা রাখা হবে কি না, তা নিয়ে চলছে শেষ মুহূর্তের জল্পনা। সেই সঙ্গে চোট সারিয়ে মাঠে ফেরার মরিয়া চেষ্টা চালাচ্ছেন বুকায়ো সাকা। যদিও ক্রোয়েশিয়া ম্যাচে তাঁর খেলার সম্ভাবনা নেই বললেই চলে। পরিবর্তে নোনি মাদুয়েকেকে খেলানো হতে পারে।

অন্যদিকে, ক্রোয়েশিয়া মানেই বড় টুর্নামেন্টে এক অভিজ্ঞ ও কৌশলী প্রতিপক্ষ। মদ্রিচের পাশাপাশি মাতেও কোভাচিচ বা ইয়োশকো গভারদিওলের মতো তারকারা ইংল্যান্ডের জন্য মাথাব্যথার কারণ হতে পারেন। মাঝমাঠের দখল নেওয়ার পাশাপাশি রক্ষণ জমাট রাখতেও তাঁরা দক্ষ। টুখেলের অধীনে হ্যারি কেন, জুড বেলিংহ্যাম সমৃদ্ধ ইংল্যান্ড অনেকটা আক্রমণাত্মক ফুটবল খেলার চেষ্টা করলেও ক্রোয়েশিয়ার বিরুদ্ধে টুখেলকে তাঁর মগজাস্ত্রকে শান দিয়েই নামতে হবে। একদিকে টুখেলের নতুন আক্রমণভাগ, আর অন্যদিকে মদ্রিচের নেতৃত্বে ক্রোয়েশিয়ার পোড়খাওয়া মিডফিল্ড—এই লড়াই মূলত দুই ভিন্ন ফুটবল দর্শনের।

মদ্রিচের মতো কিংবদন্তি খেলোয়াড় যখন প্রতিপক্ষে থাকেন, যে কোনও ম্যাচের উত্তাপ বহুগুণ বেড়ে যায়। গত ২০ বছরের ইতিহাস সাক্ষী, ইংল্যান্ডের বিপক্ষে মদ্রিচ সব সময়ই নিজের সেরাটা উজাড় করে দিয়েছেন। ইভান পেরিসিচের মতো অভিজ্ঞ ফুটবলার ক্রোয়েশিয়ার আক্রমণভাগকে আরও শক্তিশালী করে তোলেন। বলাই বাহুল্য, ইংল্যান্ড–ক্রোয়েশিয়া ম্যাচ ঘিরে টানটান উত্তেজনা থাকবে। এমন মহারণে কে কাকে টেক্কা দেবেন, হ্যারি কেন নাকি মদ্রিচ, সেটাই দেখার।


অনুশীলনে লক্ষ্যে স্থির হ্যারি কেনের। ছবি: এএফপি

# সরপ্রীত যেন এক টুকরো ভারত



**আজকালের প্রতিবেদন:** ফিফা র‍্যাঙ্কিংয়ে ভারত ১৩৮ নম্বরে। বিশ্বকাপের মানচিত্র থেকে অনেকটাই দূরে। কিন্তু ভারত না থাকলে কী হবে, ভারতীয় বংশোদ্ভূতরা দিব্যি আছেন। অস্ট্রেলিয়ার জার্সি গায়ে খেলেছেন নিশান ভেলুপিল্লে। এবার নিউজিল্যান্ডের জার্সি গায়ে দাপিয়ে খেললেন সরপ্রীত সিং।

নিশান নেমেছিলেন দ্বিতীয়ার্ধে, পরিবর্ত ফুটবলার হিসেবে। কিন্তু তাঁকেও ছাপিয়ে গেলেন সরপ্রীত। তিনি একেবারে শুরু থেকেই মাঠে। এই অ্যাটাকিং মিডফিল্ডারের জার্সির নম্বর ১০। বোঝাই যাচ্ছে, কোচ যখন ১০ নম্বর জার্সি তুলে দিচ্ছেন, তখন দলে একটা বাড়তি গুরুত্ব আছে। বেশ কয়েকবার গোলের সুযোগ তৈরি করলেন। সতীর্থদের উদ্দেশে পাস বাড়ালেন। ইরানের বিরুদ্ধে ২–২ ড্রও করল নিউজিল্যান্ড। তাঁর বাবা–মা থাকতেন জলন্ধরে। জন্মের ঠিক এক বছর আগে তাঁর বাবা–মা চলে যান অকল্যান্ডে। সেখানে একটি মুদির দোকান চালাতেন। সরপ্রীতের উত্থান ওয়েলিংটনের ফিনিক্স অ্যাকাডেমি থেকে। ২০১৯–এ অনূর্ধ্ব ২০ বিশ্বকাপে সুযোগ আসে। তারপরই ডাক আসে বায়ার্ন মিউনিখ থেকেও। বায়ার্নের হয়ে চ্যাম্পিয়ন্স লিগ, বুন্দেশলিগাতেও খেলেন। পরে যান পর্তুগালে। এবার দরজা খুলে গেল বিশ্বকাপে। খেললেন নব্বই মিনিট পর্যন্ত। গোল পেলেন না ঠিকই, কিন্তু বেড়ে গেল প্রত্যাশা। কারণ, তিনি নিছক নিউজিল্যান্ডের ফুটবলার নন, তিনি যে এক টুকরো ভারতও।







# কোনওক্রমে মান বাঁচাল বেলজিয়াম

**১ মিশর** আশৌর

**১ বেলজিয়াম** হানি–আত্মঘাতী


বেলজিয়াম বনাম মিশর ম্যাচের সেরা এমাম আশৌর

**আজকালের প্রতিবেদন**

বিশ্বকাপের এই ম্যাচে মুখ্য আকর্ষণ ছিল রোমেলু লুকাকু বনাম মহম্মদ সালা দ্বৈরথ। খেলার চূড়ান্ত ফলাফলের পিছনেও সেটাই রইল। অথচ গ্রুপ ‘জি’–র এই ১–১ অমীমাংসিত ম্যাচের স্কোরলাইনে লুকাকু অথবা সালা, বিশ্ব ফুটবলের দুই তারকা ফরোয়ার্ডের নামই নেই!

আসলে মঙ্গলবার (ভারতীয় সময় সোমবার গভীর রাতে) সিয়াটেলে প্রখর গরমেও স্টেডিয়ামে দু’দেশের ৬৭ হাজার সমর্থকের গর্জনের মধ্যে মিশর ও বেলজিয়ামের গোলের পেছনে সালা এবং লুকাকুর অবদানই প্রধান। ২০ মিনিটে ডান দিক থেকে বল পেয়ে সালা দারুণ ভাবে ফাঁকা জায়গা তৈরি করে নিখুঁত পাস বাড়ান এমাম আশৌরকে। বেলজিয়াম বক্সের সামনে এক সেকেন্ড সময় নষ্ট না করে আশৌর জোরালো শটে এগিয়ে দেন মিশরকে। থিবো কুর্তোয়ার মতো তারকা গোলরক্ষকও ঝাঁপিয়ে বলের নাগাল পাননি। অথচ এই আশৌর নাকি নানা ঝঞ্ঝাটে একসময় ফুটবল ছেড়েই দেবেন ভেবেছিলেন!

গোল খাওয়ার পর বেলজিয়াম তেড়েফুঁড়ে ওঠে। রেড ডেভিলসের দুই তারকা ফুটবলারের মধ্যে কেভিন ডিব্রুইন মাঝমাঠে খেলাটা ধরেন এবং জেরেমি ডোকু বারবার উইং দিয়ে আক্রমণ শানাচ্ছিলেন। যদিও গোলরক্ষক মোস্তাফা শোবের সহ মিশরের রক্ষণ ছিল অটুট। শেষমেশ উপায় না দেখে বেলজিয়াম কোচ রুডি গার্সিয়া ৬৬ মিনিটে স্ট্রাইকারে চার্লস ডি কেটেলিয়েরের পরিবর্তে বর্ষীয়ান লুকাকুকে নামান। তিনি নামার পরেই গোল শোধ। বক্সে পাস এল লুকাকুর দিকে। তাঁকে আটকাতে গিয়েই মিশরের ডিফেন্ডার মোহামেদ হানির গায়ে লেগে বল গোলে ঢুকে যায়। বিপক্ষের আত্মঘাতী গোলে প্রথম ম্যাচে বেলজিয়ামের মানরক্ষা হলেও তার পেছনে বড় অবদান থাকল লুকাকুর।


সমতা ফিরতেই বল হাতে উচ্ছ্বাস রোমেলু লুকাকুর।







## পুরো পারিশ্রমিক

মায়ামি বিমানবন্দর থেকেই তাঁকে ফিরিয়ে দিয়েছিল মার্কিন প্রশাসন। ফিফার তালিকায় নাম থাকা সত্ত্বেও বিশ্বকাপে ম্যাচ খেলানোর সুযোগ থেকে বঞ্চিত হয়েছেন সোমালিয়ার রেফারি ওমর আর্তান। এই ঘটনায় মুখ পুড়েছে ফিফার। প্রেসিডেন্ট জিয়ান্নি ইনফ্যান্তিনো জানিয়েছিলেন, অভিবাসন প্রক্রিয়ার সঙ্গে তাদের কোনও সম্পর্ক নেই। এটা পুরোপুরিই আয়োজক সরকারের অধীনে থাকে। এবার জানা গেল, একটিও ম্যাচ না খেলালেও বিশ্বকাপ শেষ হলে আর্তানকে পুরো পারিশ্রমিকই দেওয়া হবে। গতবছর আফ্রিকার সেরা রেফারির স্বীকৃতি পেয়েছিলেন আর্তান। ৩৪ বছরের এই রেফারি দেশে ফিরে গেলেও দেশবাসীর কাছে দারুণ অভ্যর্থনা পেয়েছেন।

SUGUNA Chicken
Younger Tender Better
কলকাতা ও হাওড়ার গতকালের খামার মূল্য 148

| | |
|---|---|
| S24 PAGS | 147 |
| N24 PAGS | 147 |
| RANAGHAT | 147 |
| ARAMBAGH | 146 |
| BURDWAN | 146 |
| BOLPUR | 146 |
| MIDNAPUR | 144 |
| BANKURA | 147 |
| SILIGURI | 145 |
| MALDA / BALURGHAT | 135 |
| FALAKATA | 127 |
| ALIPURDUAR | 127 |

CONTACT-80160 91101